শ্রেষ্ঠত্ব ও মহত্ত্ব একমাত্র আল্লাহ্‌র জন্য

Prepared by

Md. Farid Ahmed
B.Com (Hons), M.Com
Dhaka University

Admin & Owner
www.learnenglish99.com
www.smartenglishbd.com

কপিরাইট

"**Smart English**" ই-বুকটি প্রকাশকের অনুমতি ব্যতিত কোন ওয়েবসাইটে প্রকাশ বা ফেসবুক ফ্যান পেজ/গ্রুপে পোষ্ট বা লিংক শেয়ার আইনতঃ দন্ডনীয় অপরাধ। কেও এরুপ করলে তার বিরুদ্ধে কপিরাইট আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে।

Copywrite owner: Md. Farid Ahmed

Contents (সূচী)

Basic English pattern
কোন পরিবেশে ইংরেজিতে কি বলবেন
ইংরেজি বাক্য গঠনের ৭০টি গুরুত্বপূর্ণ রুল
৫০০ টি কমন ইংরেজি ডায়ালগ
১০০টি গুরুত্বপূর্ণ Sentence pattern and phrase
১০০০টি বিষয়ভিত্তিক ভোকাবুলারি
ভোকাবুলারি দিয়ে বাক্য গঠন
৫০০টি গুরুত্বপূর্ণ Idioms and phrases
ইংরেজি বড় বাক্য তৈরির টেকনিক/ফ্রিহ্যান্ড রাইটিং
ইংরেজির কমন ভুল ও গ্রামাটিক্যাল রুল অনুযায়ী সংশোধন
ইংরেজি কনভার্সেশন/কথোপকথন
ইংরেজি গ্রামার
ইংরেজি উচ্চারণ শেখার ৫০টি গুরুত্বপূর্ণ রুল
ইংরেজি বক্তৃতা/উপস্থাপনা (Presentation)
ফ্রি অ্যাপ ব্যবহার করে ইংরেজি শেখার নিয়মাবলী
১০০টি গুরুত্বপূর্ণ Abbreviation
অনুশীলনী (Speaking & vocabulary)
অন্যান্য

Note: সূচীর লিংক কাজ না করলে Acrobat reader ডাউনলোড করে ইনস্টল করে নিন।

ইংরেজির বাক্য তৈরির ব্যাসিক প্যাটার্ণ

Pattern-1 (Should…….)

প্যাটার্ন (Pattern)
✪ You should do – তোমার করা উচিৎ। ✪ You should be - তোমার হওয়া উচিৎ। ✪ You should be doing - তোমার করতে থাকা উচিৎ। ✪ You should have - তোমার থাকা উচিৎ। ✪ You should have done - তোমার করা উচিৎ ছিল। ✪ It should be done - এটি করা উচিৎ । (passive)
প্যাটার্ন দিয়ে বাক্য তৈরীঃ
✪ You should study - তোমার পড়াশোনা করা উচিৎ। ✪ You should be patient - তোমার ধৈর্যশীল হওয়া উচিৎ। ✪ You should be optimistic - তোমার আশাবাদী হওয়া উচিৎ।

✪ You should be learning English - তোমার ইংরেজি শিখতে থাকা উচিৎ।

✪ You should have skill in computer - তোমার কম্পিউটারে দক্ষতা থাকা উচিৎ।

✪ You should have learnt Computer - তোমার কম্পিউটার শেখা উচিত ছিল।

✪ Quality of product should be ensured পণ্যের মান নিশ্চিত করা উচিৎ।

Note: passive voice এ verb এর past participle হয়েছে

Pattern- 2

প্যাটার্ন (Pattern)
✪ I can do – আমি করতে পারি
✪ I could do – আমি করতে পারতাম
✪ I must do – আমি অবশ্যই করবো
✪ I have to do – আমাকে করতে হবে
✪ I may do – আমি করতেও পারি
✪ I might do – আমি করতেও পারতাম
✪ I had to do – আমাকে করতে হয়েছিল
✪ I used to do – আমি করতাম (অতীতে অভ্যস্থ)

প্যাটার্ন দিয়ে বাক্য তৈরীঃ

✪ I can speak English – আমি ইংরেজি বলতে পারি।

✪ I could manage him – আমি তাকে ম্যানেজ করতে পারতাম।

✪ I must learn computer – আমি অবশ্যই কম্পিউটার শিখবো।

✪ I have to earn - আমাকে উপার্জন করতে হবে।

✪ I used to smoke – আমি ধুমপান করতাম।

✪ I may go to shopping – আমি শপিংএ যেতেও পারি।

✪ I might help him – আমি তাকে সাহায্য করতেও পারতাম।

✪ I had to tolerate a lot of rough words
আমাকে অনেক বাজে কথা সহ্য করতে হয়েছিল।

Pattern- 3

প্যাটার্ন (Pattern)

- ✪ I must be – আমি অবশ্যই হবো
- ✪ You have to be – তোমাকে হতে হবে
- ✪ You can be – তুমি হতে পারো
- ✪ You could be – তুমি হতে পারতে
- ✪ I may be – আমি হতেও পারি
- ✪ I had to be – আমি হতে পারতাম
- ✪ You need to be – তোমার হওয়া দরকার
- ✪ I have the right to be – আমার হওয়ার অধিকার আছে

প্যাটার্ন দিয়ে বাক্য তৈরীঃ

- ✪ I must be careful.

আমি অবশ্যই যত্নবান হব।

- ✪ You can be an ideal doctor.

তুমি একজন আদর্শ ডাক্তার হতে পারো।

- ✪ You could be fluent in English.

তুমি ইংরেজিতে বাকপটু হতে পারতে।

- ✪ I may be an Entrepreneur.

আমি একজন উদ্যোক্তা হতেও পারি।

- ✪ You have to be optimistic.

তোমাকে আশাবাদী হতে হবে।

- ✪ I had to be a Bcs cadre.

আমি একজন বিসিএস ক্যাডার হতে পারতাম।

✪ You need to be conscious about career.
তোমার ক্যারিয়ার সম্পর্কে সচেতন হওয়া দরকার।

✪ I have the right to be a social worker.
আমার একজন সমাজকর্মী হওয়ার অধিকার আছে।

Pattern- 4

প্যাটার্ন (Pattern)
✪ Ever- (এভার) - কখনো, সবসময়। ✪ Whatever- (হোয়াটএভার) - যা কিছু। ✪ Whoever- (হুএভার) - যেই হোক। ✪ Whenever- (হোয়েনএভার) - যখনই। ✪ However- (হাওএভার) - যা হোক। ✪ Whichever- (হুইচএভার) - যেটাই হোক। ✪ Wherever- (হয়ারএভার) - যেখানেই হোক না কেন।
প্যাটার্ন দিয়ে বাক্য তৈরীঃ
✪ Don't ever leave- কখনো ছেড়ে যেও না। ✪ I'll do whatever you ask- তুমি যা করতে বলো আমি তাই করব। ✪ Take whichever you want- তুমি যেটা চাও

সেটাই নাও।

✪ However you can go with him - যা হোক, তুমি তার সাথে যেতে পার।

✪ You can come whenever you want- তুমি আসতে পার যখনই তুমি চাও।

✪ You may give this photo whoever wants it- যে-ই ছবিটা চায় তুমি তাকে দিতে পার।

www.Learnenglish99.com

Pattern- 5

প্যাটার্ন (Pattern)
✪ There is, are, was, were - আছে, থাকে, ছিলো
✪ There have/has been - হয়েছে
✪ There can be - হতে পারে/থাকতে পারে
✪ There could be - হতে পারতো, থাকতে পারতো
✪ There may be - হতে পারে/থাকতে পারে
✪ There might be - হতেও পারতো, থাকতেও পারতো
✪ There must be - নিশ্চয়ই আছে
✪ There seems to be - আছে বলে মনে হয়

প্যাটার্ন দিয়ে বাক্য তৈরীঃ

✪ There is no water in the glass - গ্লাসে কোন পানি নেই।

✪ There has been a school in the village - গ্রামটিতে একটি বিদ্যালয় হয়েছে।

✪ There can be mistake in the report- এই রিপোর্টে কোন ভুল থাকতে পারে

✪ There could be a problem here - এখানে কোন সমস্যা হতে পারতো।

✪ There may be snake in this pond - এই পুকুরে সাপ থাকতে পারে।

✪ There might be terrorist in this road - এই রাস্তায় সন্ত্রাসী থাকতে পারতো।

✪ There must be a problem in this laptop ল্যাপটপটিতে নিশ্চয়ই কোন সমস্যা আছে।

✪ There seems to be something wrong here - এখানে কিছু ভুল আছে বলে মনে হয়।

"কালের শপথ! মানুষ অবশ্যই ক্ষতিগ্রস্থ। কিন্তু তাহারা নহে যাহারা ঈমান আনে ও সৎকর্ম করে এবং পরস্পরকে সত্যের উপদেশ দেয় ও ধৈর্য অবলম্বন করিতে বলে"- **আল- কোরআন**।

কোন পরিবেশে ইংরেজিতে কি বলবেন

ধন্যবাদ জানাবেন যেভাবে.....

Thanks a lot - অনেক ধন্যবাদ।

I am grateful to you - আমি তোমার প্রতি কৃতজ্ঞ।

You've done a lot for me - তুমি আমার জন্য অনেক কিছু করেছো।

That was so kind of you - এটা ছিল তোমার মহানুভবতা।

Thanks for being helpful - সহায়ক হওয়ার জন্য ধন্যবাদ।

You are invaluable to me - তুমি আমার কাছে অমূল্য।

I will never forget what you have done - তুমি যা করেছো তা আমি কখনই ভুলব না।

I appreciate you for being with me - আমার সাথে থাকার জন্য আমি তোমার তারিফ করছি।

Your generosity overwhelms me - তোমার উদারতা আমায় মুগ্ধ করেছে।

I am thankful for your support - তোমার সমর্থনের জন্য আমি কৃতজ্ঞ।

I am indebted to you - আমি তোমার কাছে ঋণী।

I was nothing without you - তুমি ছাড়া আমি কিছুই ছিলাম না।

Words are powerless to express my gratitude

আমার কৃতজ্ঞতা ভাষায় প্রকাশ করা সম্ভব নয়।

www.Learnenglish99.com

কিভাবে ধন্যবাদের প্রত্যুত্তর দিতে হয়

- You're welcome - তোমাকে স্বাগতম।
- It's nothing - এটা তেমন কিছু না।
- It's ok - ঠিক আছে।
- It's/that's all right - এটা ঠিক আছে।
- It's my pleasure - এটা আমার জন্য আনন্দের।
- Don't mention - উল্লেখ করার প্রয়োজন নেই।
- Not at all - মোটেও না।
- Sure - নিশ্চিত।

বিদায় জানাবেন যেভাবে

Bye Bye! - বিদায়।

Goodbye - বিদায়।

See you later - পরে দেখা হবে।

I’m out here - আমি এখান থেকে যাচ্ছি।

It's time to be going! - এখন যাওয়ার সময়।

Catch you later - তোমার সাথে পড়ে দেখা করব।

It was great to see you - তোমাকে দেখা ছিল খুবই আনন্দের।

Have a lovely/nice evening - সন্ধ্যাটা সুন্দর কাটাও।

Have a good day - ভাল একটি দিন কাটাও।

Take care of yourself - তোমার নিজের যত্ন নিও।

Ok, everyone, it's time to leave you.
ঠিকআছে, প্রত্যেককে ছেড়ে যাওয়ার সময় হয়েছে।

Anyway guys, I'm going to make a move.
যাইহোক বন্ধুগণ, আমি এখন উঠতে যাচ্ছি।

I am a little bit busy, talk to you later.
আমি কিছুটা ব্যস্ত, তোমার সঙ্গে পরে কথা বলব।

It was nice to see you again.

তোমার সাথে আবার দেখা হওয়াটা দারুণ।

Farewell my friends, I am going abroad tomorrow.

বিদায় বন্ধুগণ, আমি আগামীকাল বিদেশ চলে যাচ্ছি।

ভ্রমনে যাচ্ছে এমন কাওকে বিদায় জানাতে

- Have a nice journey!

(তোমার ভ্রমন আনন্দময় হোক!)

- Safe your journey. All the best.

(তোমার ভ্রমন নিরাপদ হোক। ভাল থেকো।)

- Take care of yourself (তোমার যত্ন নিও)

রাতে/ঘুমাতে যাওয়ার সময় বিদায় জানাতে

- Good night (শুভ রাত্রি)
- Have a nice dream! (তোমার নিদ্রা সুখময় হোক!)
- Sleep well. (ভাল একটি ঘুম হোক!)

Copyright by: Md. Farid Ahmed

Mini Conversation

Tuhin: It's time to be going (তুহিনঃ এখন যাওয়ার সময়)

Jahid: Ok, we'll be seeing you later.
(জাহিদঃ ঠিক আছে, পরে আমাদের আবার দেখা হবে)

Tuhin: So long, Best of luck.
(তুহিনঃ আপাততঃ বিদায়, ভাল থেকো।)

www.Learnenglish99.com

কিভাবে দুঃখ প্রকাশ করবেন

Sorry - দুঃখিত।

I'm sorry - আমি দুঃখিত।

I'm really sorry - আমি সত্যিই দুঃখিত।

I apologize - আমি ক্ষমা চাইছি।

Excuse me - আমাকে ক্ষমা করবেন।

Pardon me! - আমাকে ক্ষমা করুন।

I regret - আমি অনুতপ্ত।

Silly me! - কি বোকা আমি!

Please forgive me - দয়া করে আমাকে ক্ষমা করুন।

I messed up - আমি তালগোল পাকিয়ে ফেলেছিলাম।

I hope you can forgive me - আমি আশা করি আপনি আমাকে ক্ষমা করতে পারবেন।

I am/was in the wrong - আমি ভুলের মধ্যে আছি/ছিলাম।

I would like to express my regret - আমি আমার অনুতাপ প্রকাশ করতে চাই।

I am really most terribly sorry - আমি সত্যিই অনেক দুঃখিত।

Please excuse my behavior - দয়া করে আমার ব্যবহার ক্ষমাসুন্দর দৃষ্টিতে দেখবেন।

ইংরেজিতে কারো দৃষ্টি আকর্ষণ করা

Excuse Me - শুনুন।

Can you hear me? - আমার কথা শুনছেন?

Listen to me - আমার কথা শুনুন।

Hey, got it? - এই, বুঝতে পেরেছো?

Oh, come on! - আহ, একটু বুঝতে চেষ্টা করোতো!

May I have your attention please
আপনি যদি একটু এদিকে নজর দেন।

Is it clear to you? - এটা কি তোমার কাছে পরিষ্কার?

Are you with me? - আমার কথা শুনছেন তো?

Do you follow me? - আমার কথা বুঝতে পারছো তো?

Do you understand? - তুমি কি বুঝতে পারছো?

Don't you hear me? - তুমি কি আমার কথা শুনতে পাচ্ছো না?

➢ **Click here to go Content page**

ইংরেজিতে উৎসাহিত করবেন যেভাবে (Encouragement)

Good job - সাবাশ!

Keep going - চলতে থাকো।

Don't be afraid - ভয় পেয়ো না।

Never Give up - হাল ছেড়ো না।

That's a good effort - এটা একটা ভালো প্রচেষ্টা।

There is nothing to fear - ভয়ের কোন কারন নেই।

Believe in yourself - নিজের ওপর বিশ্বাস রাখ।

Don’t get nervous - ঘাবড়াবে না।

Stay strong - শক্ত হও।

Rest assured - নিশ্চিন্তে থাকুন।

Don’t hesitate - সংকোচ করবে না।

Do your best - সাধ্যমতো চেষ্টা করো।

Don’t worry - চিন্তা করো না।

Good luck on your test - আপনার পরীক্ষা সফল হোক।

Come on, you can do it - শোন, তুমি এটা করতে পারবে।

www.Learnenglish99.com

Introducing (পরিচিত হওয়া বা করানো)

Hi (হাই)

How do you do? (শুভেচ্ছা, সালাম, কুশল বিনিময় করতে ব্যবহার হয়)

Nice to meet you (আপনার সাথে পরিচিত হয়ে ভাল লাগল)

It’s nice to meet you (আপনার সাথে পরিচিত হয়ে ভাল লাগল)

Glad to see you (আপনাকে দেখে ভাল লাগল)

Pleased to meet you (আপনার সাথে পরিচিত হয়ে আনন্দিত হলাম)

Happy to meet you (আপনার সাথে সাক্ষাত করে খুশি হলাম)

Feeling great interacting with you
(আপনার সাথে পরিচিত হয়ে দারুন লাগছে)

I've enjoyed meeting you (আপনার সাক্ষাতকার উপভোগ্যকর)

I'm delighted to meet you (আপনার সাথে পরিচিত হয়ে আমি আনন্দিত)

Nice talking to you. (আপনার সাথে কথা বলে ভাল লাগল)

Conversation-1 (কথোপকথন)

Tuhin: May I introduce myself? I'm tuhin.
(টুহিনঃ আমি কি আপনার সাথে পরিচিত হতে পারি? আমি তুহিন)

Nabin: Hello Mr. nabin, nice to meet you.
(নবিনঃ হ্যালো মি. তুহিন, আপনার সাথে পরিচিত হয়ে ভাল লাগছে.)

Tuhin: nice to meet you too.
(টুহিনঃ আমারও খুব ভাল লাগছে)

Conversation-2 (কথোপকথন)

Tipu: Excuse me, are you Mr. Robin?
(টিপুঃ মাফ করবেন, আপনি কি রবিন সাহেব?)

Robin: Yes, I'm. How do you do?
(রবিনঃ জ্বি, শুভেচ্ছা নিন)

Tipu: I'd like to introduce myself. I'm tipu.
(টিপুঃ আমি পরিচিত হতে চাই, আমি টিপু)

Robin: How do you do, Mr. tipu?
(রবিনঃ শুভেচ্ছা নিন, মি. টিপু)

Tipu: Pleased to meet you.
(টিপুঃ আপনার সাথে পরিচিত হয়ে ভাল লাগছে)

Robin: Pleased to meet you too.
(রবিনঃ আমারও খুব ভাল লাগছে)

<u>দুই বা ততোধিক ব্যক্তির সাথে পরিচয় করিয়ে দেওয়া।</u>

ইংরেজিতে অপরিচিত ব্যক্তিকে পরিচয় করিয়ে দিতে সাধারণতঃ যেসব ডায়ালগ ব্যবহার হয়...

✪ I'd like you to meet my friend…

(আমার বন্ধুর সাথে আপনাকে পরিচয় করিয়ে দিতে চাই...)

✪ Let me introduce you to my brother…

(আমার ভাইয়ের সাথে তোমাকে পরিচয় করিয়ে দিচ্ছি.)

✪ May I introduce my friend/…to you?

(আমি কি আমার বন্ধুর সাথে তোমাকে পরিচয় করিয়ে দিব?)

✪ Have you met simu?

(তোমার কি সিমুর সাথে সাক্ষাৎ হয়েছে?)

✪ Have I introduced you to nuha?

(আমি কি নুহার সাথে তোমাকে পরিচয় করিয়ে দিয়েছি?)

✪ I'd like you to meet my best friend…

(আমি আমার সবচেয়ে ভাল বন্ধুর সাথে তোমাকে পরিচয় করিয়ে দিতে চাই..)

Conversation- (কথোপকথন)

Fahim: Rina, I'd like to introduce my sister, Simu.
(ফাহিমঃ রিনা, আমি আমার বোন সিমুকে তোমার সাথে পরিচয় করিয়ে দিতে চাই)

Rina: It's my pleasure to meet you, simu
(রিনাঃ তোমার সাথে পরিচয়/সাক্ষাৎ হয়ে ভাল লাগল সিমু)

Simu: Me to (আমারও ভাল লাগছে)

Rina: Simu, i am inviting you to our house. I would be glad.
(রিনাঃ সিমু, আমি আপনাকে আমাদের বাসায় আমন্ত্রন জানাচ্ছি। খুব খুশি হব)

Simu: Thanks for your cordial invitation.
(সিমুঃ আপনার আন্তারিক আমন্ত্রনের জন্য ধন্যবাদ)

ইংরেজি শেখার নিয়মিত আপডেট লেসন পেতে ভিজিট করুন
www.learnenglish99.com

Congratulations! – (অভিনন্দন)

Best wishes - অভিনন্দন।

Congrats! You are the winner - অভিনন্দন! তুমিই বিজয়ী।

Congratulations for your new job! - তোমার নতুন চাকরির জন্য অভিনন্দন।

Congratulations on your success - তোমার সফলতার জন্য শুভকামনা।

Congratulations! You deserve it! - অভিনন্দন! তুমি এটা পাওয়ার যোগ্য।

Congratulations on your promotion - তোমার পদোন্নতির জন্য অভিনন্দন।

That was excellent! Congratulations! - ঐটা ছিল দারুণ! অভিনন্দন।

Bravo! You have completed the task nicely - সাবাস! তুমি কাজটা দারুণভাবে শেষ করেছো।

I'm so glad! My heartiest congratulations! - আমি খুবই আনন্দিত! আমার অন্তরের অন্তস্থল থেকে শুভেচ্ছা।

Congratulations on passing your BCS test!

- বিসিএস টেস্টে পাশের জন্য তোমাকে অভিনন্দন।

Congrats! You deserve that prize - অভিনন্দন! তুমি পুরস্কার পাওয়ার যোগ্য।

Heartfelt congratulation for your good result - তোমার ভালো ফলাফলের জন্য হৃদয়গ্রাহী শুভেচ্ছা।

LearnEnglish99.com
www.Learnenglish99.com

কিভাবে আপনার মতামত প্রকাশ করবেন

I'd suggest that - আমি পরামর্শ দেব যে।

In my point of view - আমার দৃষ্টিকোণ থেকে

From my point of view - আমার দেখা মতে।

I'd like to point out that - আমি উল্লেখ করতে চাই যে।

As far as I'm concerned - আমার মনে হচ্ছে যে।

I believe that - আমি বিশ্বাস করি যে।

In my experience - আমার অভিজ্ঞতায় বলে যে।

Personally, I think - ব্যক্তিগতভাবে আমি মনে করি।

What do you think? - তুমি কি মনে কর?

What's your view? - তোমার দৃষ্টিভঙ্গি কি?

How do you see the situation? - তুমি

পরিস্থিতি কেমন দেখছো?

What's your opinion? - তোমার মতামত কি?

I'd say that - আমি বলব যে...

What I mean is - আমি যেটা বোঝাতে চাচ্ছি যে...

I'm sure that - আমি নিশ্চিত যে...

I have no doubt that - আমার কোন সন্দেহ নেই যে।

www.Learnenglish99.com

Asking for permission (ইংরেজিতে অনুমতি চাওয়া)

- ✪ May I come in (আমি কি ভিতরে আসতে পারি?)
- ✪ Can I use your laptop? (আমি কি তোমার ল্যাপটপ ব্যবহার করতে পারি?)
- ✪ Could I sit here? (আমি কি এখানে বসতে পারি?)
- ✪ Can I ask you a question? (আমি কি আপনাকে একটি প্রশ্ন করতে পারি?)
- ✪ Can I take a look at your book? (আমি কি তোমার বইটি একনজর দেখতে পারি?)
- ✪ Do you mind if I smoke here? (আমি এখানে ধুমপান করলে তোমার অসুবিধা হবে কি?)
- ✪ May I come to the meeting late?

(আমি কি মিটিংএ দেরিতে আসতে পারি?)

✪ Can I open the window?
(আমি কি জানালাটি খুলে দিতে পারি?)

✪ Could I take pictures inside the museum?
(আমি কি জাদুঘরের ভিতর ছবি তুলতে পারি?)

✪ Is it okay if I seat here?
(আমি যদি এখানে বসি তাহলে কি ঠিক আছে?)

✪ Could I borrow your pen for a minute?
(আমি কি আপনার পেনটি এক মিনিটের জন্য ধার নিতে পারি?)

www.Learnenglish99.com

Note: অনুমতি নেওয়ার ক্ষেত্রে let এর ব্যবহারও হয়ে থাকে।

Let me in, please. (আমাকে ভিতরে আসতে দিন, প্লিজ।)

অনুমতিতে সাড়া দেওয়া

✪ Yes, you can/may - হ্যাঁ, তুমি করতে পারো।

✪ Go ahead - চালিয়ে যাও।

✪ Yes, of course - হ্যাঁ, অবশ্যই।

✪ No problem - কোন সমস্যা নেই।

✪ Please do it feel free - দয়া করে নির্দ্বিধায় এটি করুন।

অনুমতি প্রত্যাখ্যান (Refusing permission)

✪ No, you can't - না, তুমি পারো না।

✪ Sorry, it's impossible - দুঃখিত, এটা অসম্ভব।

✪ Sorry, I can't let you permit.
(দুঃখিত, আমি আপনাকে অনুমতি দিতে পারি না)

✪ You are not allowed - তোমার ঢোকার অনুমতি নেই।

ইংরেজিতে প্রস্তাব দিবেন যেভাবে

✪ Would you like something to drink? - আপনি কি কিছু পান করবেন?

✪ Would you like another cup of coffee? - আপনি কি আরেক কাপ কফি খাবেন?

✪ How about a juice? - জুস হলে কেমন হয়?

✪ Do you want me to take over? - তুমি

কি চাও এটা আমি কিনি?

✪ Will you go for a hang out with me? - তুমি কি আমার সাথে ঘুরতে যাবে?

✪ Shall I buy soft drinks for you? - আমি কি তোমার জন্য সফট ড্রিঙ্কস কিনবো?

✪ Would you mind to bringing the bag here? - ব্যাগটি এখানে আনতে তুমি কি কিছু মনে করবে?

✪ Would you like to have some fruits? - তুমি কি কিছু ফল খাবে?

www.Learnenglish99.com

Responding to offers (প্রস্তাবের রিপ্লাই দেওয়া)

✪ That sounds good.

এটাতো ভালোই মনে হচ্ছে।

✪ I'd love it.

আমি এটা পছন্দ করবো।

✪ That would be very kind of you.

সেটা হবে আপনার আন্তরিক মমতা/দয়া।

Invitation (ইংরেজিতে আমন্ত্রন জানানো)

Are you free on next Sunday?
আপনি কি আগামী রবিবারে ফ্রি আছেন?

Would you like to come? - আপনি কি আসতে চান?

Would you like a cup of coffee? - আপনি কি এক কাপ কফি খাবেন?

Are you available in the evening? - আপনাকে কি সন্ধ্যায় পাওয়া যাবে?

Wanna go on a trip on Friday? - শুক্রবারে কি ভ্রমনে যেতে চান?

What are you doing on the next Saturday?
আগামী শনিবারে আপনি কি করবেন?

Would you like to join me for lunch?
আপনি কি আমার সাথে মধ্যাহ্নভোজনে যোগ দিতে চান?

I am inviting you to have breakfast with me on tomorrow morning.
আগামীকাল সকালে আপনাকে আমার সাথে সকালের নাস্তার আমন্ত্রন জানাচ্ছি।

Are you joining with me in the evening?
আপনি কি সন্ধ্যায় আমার সাথে যোগ দিচ্ছেন?

LearnEnglish99.com

Would you be interested in coming to the restaurant with me tonight?
আপনি কি আজ রাতে আমার সাথে রেস্টুরেন্টে যেতে ইচ্ছুক?

Accepting (আমন্ত্রণ গ্রহন করা)

● Thank you for your kind invitation.
(আপনার সদয় আমন্ত্রনের জন্য ধন্যবাদ)

● I'd love to, thanks. (অবশ্যই আসব, ধন্যবাদ)

● That sounds lovely, thanks. (সেটা খুবই ভাল হয়, ধন্যবাদ)

● That would be very nice, thanks. (খুব ভাল হয়, ধন্যবাদ)

● I'll be glad to do so. (আমি আসতে পারলে খুবই খুশি হব)

● Thanks for inviting me to dinner. (ডিনারের আমন্ত্রনের জন্য ধন্যবাদ)

● Many thanks for your kind invitation. I'll join you.
(আপনার সদয় আমন্ত্রনের জন্য অনেক ধন্যবাদ, আমি

আসবো)

- With pleasure! (আনন্দের সাথে)

Declining (আমন্ত্রণ প্রত্যাখ্যান করা)

- I’m sorry to refuse your invitation.

(তোমার আমন্ত্রন গ্রহন প্রত্যাখ্যান করায় আমি খুবই দুঃখিত)

- Thanks for your invitation but I’m busy now.

(তোমার আমন্ত্রনের জন্য ধন্যবাদ, কিন্তু আমি এখন ব্যস্ত)

- Sorry, I’d love to but I have an appointment.

(দুঃখিত, আমি আসতে পারলে খুশি হতাম কিন্তু আমার একটি নির্দিষ্ট কাজ আছে)

- I’m really sorry, but I’ve got something else on.

(আমি খুবই দুঃখিত, কিন্তু আমার কিছু কাজ আছে ।)

- I wish I could, but I have an appointment.

(আমি যদি পারতাম তবে আসতাম, কিন্তু আমার একটি নির্দিষ্ট কাজ আছে ।)

Conversation (কথোপকথন)

Jahid: What are you doing next Friday?
(পরবর্তী শুক্রবারে আপনার কোন কাজ আছে?)

Sabbir: Nothing special, why? (বিশেষ কাজ নেই, কেন?)

Jahid: If you could attend my daughter's birthday, I'll be glad. (আমার মেয়ের জন্মদিনে যদি একটু আসতেন, খুব খুশি হব)

Sabbir: Thanks for your invitation. I'd love to.
(আমন্ত্রনের জন্য ধন্যবাদ, অবশ্যই আসবো)

➢ Click here to go Content page

General Agreeing - সাধারণ সম্মতি প্রকাশ

I agree with you - আমি তোমার সাথে একমত।

I think you are right - আমার মনে হয় তুমি সঠিক।

That's right - সেটা ঠিক।

I fully agree with you - আমি তোমার সাথে সম্পূর্ণ একমত।

You are absolutely right - তুমি সম্পূর্ণ সঠিক।

I agree with you 100 percent - আমি তোমার সাথে ১০০ ভাগ একমত।

That's exactly how I feel - ঠিক এটাই আমি অনুভব করছি।

No doubt about it - এ ব্যাপারে কোন সন্দেহ নেই।

Disagreeing - অসম্মতি প্রকাশ

I totally disagree - অসম্মতি প্রকাশ।

I don't agree with you - আমি তোমার সাথে একমত নই।

That's not always true - সেটা সবসময় সত্য নয়।

I'll never agree - আমি কখনই রাজি হব না।

I am sorry to say this - আমার বলতে খারাপ লাগছে।

I'm afraid I disagree - আমি শংকিত, আমি অমত।

I'm not sure I agree with you - আমি নিশ্চিত না তোমার সাথে একমত কিনা।

LearnEnglish99.com
www.Learnenglish99.com
www.Learnenglish99.com
www.Learnenglish99.com

১০টি উপায়ে ইংরেজিতে বলুন "How you are"

I am ok - আমি ঠিক আছি

So so - মোটামুটি

Pretty good - বেশ ভালো

As usual - আগের মতোই

Fit as a fiddle - খুব ভালো আছি

I am dandy - আমি চমৎকার আছি

I am fantastic - আমি চমৎকার আছি

I feel great - আমার বেশ ভালো লাগছে

I am not so fine - আমি ততোটা ভালো নেই

I'm fine, thanks - আমি ভালো আছি, ধন্যবাদ

I'm simply going on - আমি মোটামুটি ভাল আছি।

১০টি উপায়ে ইংরেজিতে বলুন "No"

Nope - না

Not now - এখন না

No way - কোনভাবেই না

Unfortunately not - দুর্ভাগ্যবশত

Under no circumstances - কোন অবস্থাতেই না

I wish I were able to - আমি যদি করতে পারতাম।

I won't be able to help - আমি সাহায্য করতে পারবো না

Regrettably, I'm not able to - দুঃখজনকভাবে, আমি সক্ষম নই

I'm honored, But I can't - আমি সম্মান করছি, কিন্তু পারছি না

No thank you, but it sounds lovely
না, তোমাকে ধন্যবাদ, কিন্তু এটা খুবই চমৎকার

১০টি উপায়ে ইংরেজিতে বলুন "Beautiful"

Pretty (প্রিটি) - সুন্দর

Attractive (এট্রাক্টিভ) - আকর্ষণীয়

Stunning (স্টানিং) - অত্যাশ্চর্য

Lovely (লাভলি) - কমনীয়

Dazzling (ড্যাজলিং) - চকচকে

Ravishing (র‍্যাভিশিং) - মনোমুগ্ধকর

Gorgeous (গর্জিয়াস) - জমকালো

Handsome (হ্যান্ডসাম) - সুদর্শন

Exquisite (এক্সকুইস্ট) - সৌন্দর্যপূর্ন

Eye-catching (আই-ক্যাচিং) - দৃষ্টিনন্দন

১০টি উপায়ে ইংরেজিতে বলুন “I like it”

- ✪ I love it – আমি এটা ভালোবাসি।
- ✪ It sounds great – এটা সত্যিই দারুন!
- ✪ I adore it – আমি এটাকে খুব পছন্দ করি।
- ✪ I’m fond of it – আমি এটা পছন্দ করি।
- ✪ I have got fancy for it – এটা আমার

মনে ধরেছে।

✪ I'm crazy for it – আমি এটার জন্য পাগল।

✪ I'm keen on it – আমি এটাতে আসক্ত।

✪ It appeals to me – এটা আমার ভালো লেগেছে।

✪ It looks fantastic – এটা দেখতে চমৎকার।

✪ I'm passionate about it – আমি এটাতে উৎসাহি।

www.Learnenglish99.com

১০টি উপায়ে ইংরেজিতে বলুন 'Wait'

Hold on- অপেক্ষা কর।

Hold your horses - ধৈর্য ধর।

Wait a bit - একটু অপেক্ষা কর।

Wait for a while - কিছুক্ষণের জন্য অপেক্ষা কর।

Just a moment - এক মুহূর্ত অপেক্ষা করুন।

Hang on a moment- একটু অপেক্ষা করুন।

Hold on a minute - এক মিনিট অপেক্ষা করুন।

Don't be so impatient - এতো অধৈর্য হয়ো না।

I'll be back in 2 minutes - আমি ২ মিনিটের মধ্যে আসছি।

I'll be right with you- আমি এক্ষুনি দিচ্ছি/আসছি।

Expressing disappointment - (হতাশা প্রকাশ করা)

What a pity! - কি দুঃখজনক!

How disappointing - কি হতাশাজনক!

That's disgusting - সেটা বিরক্তিকর।

What a bummer! - কি হতাশাব্যঞ্জক!

It was a letdown - এটা ছিল হতাশার।

What a shame! - কি লজ্জাজনক!

That's too bad - এটা সত্যিই খুব খারাপ।

That's so disappointing - এটা সত্যিই হতাশাজনক।

That stinks - সেটা বেদনাদায়ক।

Asking Help - (সাহায্য চাওয়া)

I need some help - আমার একটু সাহায্যের প্রয়োজন।

Can you give me a hand? - তুমি কি আমাকে সাহায্য করতে পারবে?

Can I ask a favor? - আমি কি একটু উপকার চাইতে পারি?

Could you do me a favor? - তুমি কি আমার একটা উপকার করতে পারবে?

Lend me a hand with this, will you? - আমাকে একটু সাহায্য করো, করবে কি?

Could you spare a moment? - তুমি কি একটা মুহূর্ত ব্যয় করতে পারবে?

I can’t manage. Can you help? - আমি ম্যানেজ করতে পারছি না। তুমি কি সাহায্য করতে পারবে?

Could you help me out? - তুমি কি আমাকে সাহায্য করতে পারবে?

Please, help me - দয়া করে আমাকে সাহায্য কর

LearnEnglish99.com
www.Learnenglish99.com
www.Learnenglish99.com
www.Learnenglish99.com
www.Learnenglish99.com

Excuse for being late - (দেরি হওয়ার অজুহাত)

Sorry for being late - দেরি হওয়ার জন্য দুঃখিত।

My alarm didn’t go off - আমার এলার্ম বন্ধ হয়ে ছিল।

I overslept - আমি একটু বেশি ঘুমিয়েছিলাম।

I’m late due to traffic - ট্রাফিক জ্যামের জন্য আমার দেরি হয়েছে।

I just lost track of time - আমি শুধুমাত্র সঠিক সময়টা হারিয়েছি।

Sorry, I was in a meeting - দুঃখিত আমি একটি মিটিংয়ে ছিলাম।

I had to complete a sudden task - আমার হঠাৎ বেধে যাওয়া একটি কাজ সম্পন্ন করতে হয়েছিল।

I had to wait for bus - আমার বাসের জন্য অপেক্ষা করতে হয়েছিল।

I didn’t know the class time - আমি ক্লাসের সময় জানতাম না।

➢ Click here to go Content page

ইংরেজিতে অর্ডার/উপদেশ দেওয়া

Send for him – তাকে ডেকে পাঠাও।

Be punctual – সময়ানুবর্তী হও।

Go back – ফিরে যাও।

Take care – যত্ন নিবেন।

Do your own work – নিজের কাজ নিজে কর।

Talk politely – নম্রভাবে কথা বল।

Stop smoking – ধূমপান বন্ধ কর।

Mend your ways – তোমার চাল-চলন শোধরাও।

Entertain the guest – অতিথিদের আপ্যায়ন করো।

Come soon – শীগগির এসো।

Keep pace with me – আমার সাথে সাথে চলো।

Be quiet – চুপ থাকো।

Don't move – নড়াচড়া করবেন না।

Hire a taxi – একটা ট্যাক্সি ভাড়া করো।

Give up bad habits – বদ অভ্যাস ত্যাগ করো।

LearnEnglish99.com
www.Laarnenglish99.com

Do not hold up the work – কাজে বাধা দিও না।

Draw the curtain – পর্দা উঠিয়ে দাও।

Expressing guess

I guess that's a good question - আমার ধারণা ঐটা একটা ভাল প্রশ্ন।

I guess he was lying - আমার মনে হয় সে মিথ্যা বলছিল।

I'd say she is 18 - আমার ধারণায় তার বয়স ১৮।

Chances are he is 25 - তার বয়স ২৫ হওয়ার সম্ভাবনা।

I guess that will do - আমার ধারণা এটা কাজ করবে।

I guess it is about 7'o clock - আমার ধারণা এখন ৭টা বাজে।

I guess he will come - আমার মনে হয় সে আসবে।

I guess it's true - আমার মনে হয় এটা সত্য।

Probably I'll get the job - সম্ভবত, আমি চাকরিটা পেয়ে যাবো।

I guess you are right - আমার ধারণা তুমিই সঠিক।

I guess he is a hard working man - আমার মনে হয় সে একজন কঠোর পরিশ্রমী ব্যক্তি।

I guess she is not so interested - আমার মনে হয় সে ততটা আগ্রহী নয়।

Expressing sympathy (সহানুভূতি প্রকাশ)

I’m sorry. What a bad luck! - আমি দুঃখিত। কি দূর্ভাগ্য!

Oh, how upsetting! - ওহ, কি হতাশাজনক!

I’m sorry to hear that - এটা শুনে আমি সত্যিই দুঃখিত।

I feel sorry for you - তোমার জন্য আমার কষ্ট হচ্ছে।

Oh! I can feel your pain - ওহ! আমি তোমার যন্ত্রনা বুঝতে পারছি।

Our heartfelt condolence - আমাদের হৃদয় নিংড়ানো সান্তনা।

Bad luck! don’t worry - দূর্ভাগ্য! চিন্তা করোনা।

I’m extremely sorry for that - আমি সেটার জন্য খুব দুঃখিত।

I’m terribly sorry to see your state - তোমার অবস্থা দেখে আমার ভীষণ দুঃখ হচ্ছে।

পারস্পরিক সাক্ষাতে কি বলবেন

Howdy! – কেমন আছো?

What’s up – কি খবর?

What’s new – নতুন কি খবর।

what’s going on – কেমন চলছে?

Good to see you – তোমাকে দেখে ভালো লাগলো।

How’s life – জীবন কেমন কাটছে?

How’s your day – তোমার দিনকাল কেমন যাচ্ছে?

It’s been a long time – অনেকদিন পর দেখা।

How long has it been – এতদিন কেমন ছিলে?

How’s everything – সবকিছু কেমন চলছে?

It’s been too long – অনেকদিন পার হলো।

It has been a long time – অনেকদিন পর দেখা।

Where have you been hiding – এতদিন কোথায় লুকিয়ে ছিলে?

It’s pleasure to see you – তোমাকে দেখে আনন্দ

লাগলো।

What have you been up to all these years – এতগুলো বছর তোমার কেমন কাটলো?

ইংরেজিতে কাউকে স্বাগত জানানো (welcoming)

✪ Welcome to our house.

(আমাদের বাড়িতে আপনাকে স্বাগতম।)

✪ We are welcoming you with great pleasure.

(আমরা আপনাকে অত্যন্ত আনন্দের সাথে স্বাগত জানাচ্ছি।)

✪ You are always welcome here.

(আপনাকে এখানে সর্বদা স্বাগতম।)

✪ We received a warm welcome.

(আমরা একটি উষ্ণ অভ্যর্থনা পেয়েছিলাম।)

✪ We are showing you warm ovation and welcome for coming here.

(আমাদের এখানে আসার জন্য আপনাকে জানাই উষ্ণ অভ্যর্থনা ও স্বাগতম।)

ইংরেজিতে জন্মদিনের শুভেচ্ছা (Birthday greetings)

✪ Happy birthday to you. (তোমাকে শুভ জন্মদিন)

✪ Many many happy returns of this day. (এই দিন বার বার ফিরে আসুক)

✪ Have a lovely birthday! (তোমার জন্মদিনটি আনন্দদায়ক হোক)

✪ May Allah give peace & happiness of this day. (আল্লাহ্ এই দিনে শান্তি ও সুখ দান করুন।)

✪ Wishing you a happy and cheerful birthday. (আপনাকে সুখি এবং আনন্দময় জন্মদিনের শুভেচ্ছা জানাই।

✪ May your day be filled with great moments. (আপনার দিনটি দুর্দান্ত মুহূর্তময় হোক।)

✪ Wishing you many years of joy and love. (তোমার জন্য বহু বছরের আনন্দ এবং ভালোবাসা রইল।)

✪ You deserve all the happiness. (সকল সুখ আপনার প্রাপ্য।)

✪ I wish you have a wonderful time on this day. (এই দিনটি আপনার খুব সুন্দর কাটুক এই আমার প্রত্যাশা।)

✪ I hope this birthday brings you many facilities. (আমি আশা করি এই জন্মদিন আপনাকে অনেক সুযোগ এনে দেবে।)

Express surprising (বিস্ময় প্রকাশ করা)

✪ Really? - সত্যিই?

✪ My goodness! - হাই আল্লাহ!/একি!/কি যে অবস্থা!

✪ What a surprise! - কি আশ্চর্য!

✪ Indeed? - সত্যিই?

✪ How strange! - কি অদ্ভুত!

✪ Imagine what happened! - ভাবতে পার কি ঘটেছে!

✪ Incredible! - অবিশ্বাস্য!

"ঐ ব্যক্তির কথার চেয়ে উত্তম কথা আর কার, যে মানুষকে আল্লাহর পথে ডাকে, নিজে নেক আমল করে ও বলে যে আমি একজন সাধারণ মুসলমান" - আল-কোরআন

ইংরেজি বাক্য তৈরির ৭০টি গুরুত্বপূর্ণ রুল (Structure)

ইংরেজিতে স্মার্টলি কথা বলতে ও ফ্রিহ্যান্ড রাইটিং এর জন্য ৭০টি গুরুত্বপূর্ণ রুল (Structure) প্রদত্ত হল। ইংরেজিতে যারা দক্ষ হতে চান তাদের জন্য রুলগুলো আশা করি কাজে লাগবে।

LearnEnglish99.com
www.Learnenglish99.com

Spoken Rule- 1

As well as - সেইসাথে/এটাও ওটাও

বাংলা বাক্যে দ্বারা "সেইসাথে/এটাও ওটাও" বুঝাতে চাইলে As well as ব্যবহার হয়।

Structure: Subject + verb + adj/np + as well as + adj/np/extension.
(N/P- Noun/pronoun)

Example:

- মেয়েটি সুন্দরী এবং সেই সাথে বুদ্ধিমতীও।

The girl is beautiful as well as intelligent.

● সে একজন ভালো শিক্ষক সেই সাথে ভালো লেখকও।

He is a good teacher as well as good writer.

● সে সুন্দরী মেয়েও চায় যৌতুকও চায়।

He wants beautiful girl as well as dowry.

● সে আমাকে আশ্রয় দিয়েছিলো এবং খাদ্যও দিয়েছিলো।

He gave me shelter as well as food.

● গাছ আমাদের ফলও দেয় ছায়াও দেয়।

Tree gives us fruits as well as shade.

● রাজু ফুটবলও খেলতে পারে ক্রিকেটও খেলতে পারে।

Razu can play football as well as cricket.

ইংরেজি শেখার আপডেট লেসন পেতে নিয়মিত ভিজিট করুন আমাদের ফেসবুক পেজে

www.facebook.com/learn.English24.bd

Spoken Rule- 2

How about - কেমন হয়?

Structure: How about + verb(ing) + Ext.

Example:

- কম্পিউটার শিখলে কেমন হয়?

How about learning computer?

- এখন কফি খেলে কেমন হয়?

How about having coffee now?

- আজ ঘুরতে গেলে কেমন হয়?

How about roaming around today?

- এই শীতে রাঙ্গামাটি গেলে কেমন হয়?

How about going to Rangamati in this winter?

- মেয়েটির সাথে দেখা করলে কেমন হয়?

How about meeting the girl?

- আজ বিরিয়ানী রান্না করলে কেমন হয়?

How about cooking biryani today?

LearnEnglish99.com

- অনলাইনে ফ্রিল্যান্সিং করলে কেমন হয়?

How about doing freelancing online?

Spoken Rule- 3

Feel like – ইচ্ছা করা/আকাঙ্খা প্রকাশ করা

প্রয়োগ ক্ষেত্রঃ ব্যক্তির কোন কিছুর "ইচ্ছা করলে" Feel like ব্যবহার হবে।

Structure: Subject + feel like + Verb (ing) + Extension.

Example

- I feel like eating.

আমার খেতে ইচ্ছা করছে।

- I don't feel like eating.

আমার খেতে ইচ্ছা করছে না।

- Do you feel like eating?

তোমার কি খেতে ইচ্ছা করছে?

- I feel like having coffee.

আমার কফি খেতে ইচ্ছা করছে।

- I feel like flying like a bird.

আমার পাখির মত উড়তে ইচ্ছা করছে।

- I feel like crying for joy.

আনন্দে আমার কাঁদতে ইচ্ছা করছে।

- I feel like getting wet in the rain.

আমার বৃষ্টিতে ভিজতে ইচ্ছা করছে।

- Do you feel like getting wet in the rain?

তোমার কি বৃষ্টিতে ভিজতে ইচ্ছা করছে?

- Don’t you feel like getting wet in the rain?

তোমার কি বৃষ্টিতে ভিজতে ইচ্ছা করছে না?

Spoken Rule- 4

Keep এর ব্যবহার (করতে থাক, যেতে থাক.....)

Structure: Keep + verb(ing)+, Sub+ verb(any form)+ Ext.

Example

● লেগে থাক, তুমি জিতবে।

Keep staying, you will win.

● হাসতে থাকো তুমি সুখী হবে।

Keep smiling, you'll be happy.

● তুমি যেতে থাকো, আমি পরে আসবো।

Keep going, I'll come later on.

● নামাজ পড়তে থাক, সকল সমস্যার সমাধান পাবে।

Keep praying, you'll get solution of all problems.

● চেষ্টা করতে থাক, তুমি তোমার লক্ষ্য অর্জন করতে পারবে।

Keep trying you will achieve your aim.

● অনুশীলন করতে থাক, তুমি ইংরেজিতে অনর্গল বলতে পারবে।

keep practicing, you'll speak English fluently.

➢ Click here to go Content page

Spoken Rule- 5

Used to (করতাম, যেতাম ইত্যাদি অতীত অভ্যস্ত বুঝাতে)

Structure: Subject + Used to + Verb (base form) + Ext.

Example

- I used to develop websites.

আমি ওয়েবসাইট তৈরী করতাম।

- I used to live in Canada.

আমি কানাডায় বাস করতাম।

- I used to like vegetables.

আমি শাকসবজি পছন্দ করতাম।

- I used to recite the Holy Quran.

আমি পবিত্র কোরআন তেলওয়াত করতাম।

Spoken Rule- 6

Yet to - এখনো কিছু করিনি/করেনি।

বাক্যে "এখনো কিছু করিনি/করেনি" কিন্তু ভবিষ্যতে করার সম্ভাবনা আছে বুঝালে Yet to ব্যবহার হয়।

Structure (গঠন) : Subject + am, is, are + yet to + verb+ ext.

Example:

- আমি এখনো কাজটি করিনি।

I am yet to do the work.

- আমি এখনো বিয়ে করিনি।

I am yet to marry.

- আমি এখনো নামাজ পড়িনি।

I am yet to say prayer.

- আমি এখনো তাকে টাকা দেইনি।

I am yet to give him money.

- আমি এখনো বাজারে পৌছাইনি।

I am yet to reach to the market.

Spoken Rule- 7

Supposed to…..(হওয়ার কথা.... করার কথা)

Structure: Sub + am, is, are, was, were + supposed to+ verb (base form)+ ext.

Example:

- আমার তার সঙ্গে দেখা করার কথা।

I’m supposed to meet him.

- আমার বাড়ির কাজ করার কথা।

I am supposed to do homework.

- তোমার আমাকে ফোন করার কথা ছিল।

You were supposed to call me over the phone.

- তোমারতো এই গোপনীয়তা বজায় রাখার কথা।

You're supposed to keep this secret.

- আমার কিছু পান করার কথা না।

I'm not supposed to drink anything.

- তোমার সুখি হওয়ার কথা।

You're supposed to be happy.

- আমার এখানে থাকার কথা না।

I'm not supposed to be here.

- আমাদের কি করার কথা?

What are we supposed to do?

Spoken Rule- 8

I wish I could (আমি যদি....পারতাম)

Structure: I wish I could + Verb (base form) + Ext.

Example:

- আমি যদি পাখির মত উড়তে পারতাম!

I wish I could fly like a bird!

- আমি যদি আমার দেশের জন্য কাজ করতে পারতাম!

I wish I could work for my country!

- আমি যদি পৃথিবীময় ঘুরে বেড়াতে পারতাম!

I wish I could travel around the world.

- আমি যদি সুস্বাস্থ্য বজায় রাখতে পারতাম!

I wish I could maintain a good health!

- আমি যদি সমাজের জন্য গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারতাম!

I wish I could play vital role for the society!

- আমি যদি দেশের রাষ্ট্রপতি হতে পারতাম!

I wish I could be the president of the country!

LearnEnglish99.com
www.Learnenglish99.com

Spoken Rule- 9

Having

কান ব্যক্তির কোন কিছু নিয়ে সমস্যা হচ্ছে বুঝালে অথবা বাক্যের মধ্যে “ইয়া/ইয়ে” উচ্চারিত হলে Having ব্যবহার হয়।

Structure-1: Subject+ Be verb+ Having problem + Ext.

Structure-2: Having+ verb (past participle)+ Ext.

Example:

- আমার ঘুমের সমস্যা হচ্ছে।

I am having problem with sleep.

- আমার ল্যাপটপ নিয়ে সমস্যা হচ্ছে।

I am having problem with my laptop.

- আমি আমার বাইকটি নিয়ে সমস্যায় পড়ছি।

I am having trouble with my bike.

- আমার মোবাইল দিয়ে একাউন্ট ভেরিফিকেশন করতে সমস্যা হচ্ছে।

I’m having trouble verifying my account with mobile.

LearnEnglish99.com
www.Learnenglish99.com

- কম্পিউটার শিখিয়া আমি আমেরিকা যাব।

Having learnt Computer I will go to America.

Have & having এর কতিপয় গুরুত্বপূর্ণ ব্যবহার

Rule-1

কারো কাছে কিছু চাওয়া.....

Can/May I have.... আমি কি....পেতে পারি/জানতে পারি?

- Can I have your mobile?

আমি কি তোমার মোবাইল পেতে পারি?

- Can I have your name?

আমি কি তোমার নাম জানতে পারি?

- Can I have a cup of tea?

আমি কি এক কাপ চা পেতে পারি?

- May I have your attention please?

আমি কি আপনার দৃষ্টি আকর্ষণ করতে পারি?

Rule-2

মজা/আনন্দময় সময় কাটানো.....

- আমি খুব ভাল সময় কাটাচ্ছি।

I'm having a good time.

- আমি খুব দারুন সময় কাটাচ্ছি।

I'm having a wonderful time.

- আমি গরিবদের সাহায্য করে মজা পাচ্ছি।

I'm having a lot of fun helping the poor.

- আমি ইংরেজি শিখে অনেক মজা পাচ্ছি।

I'm having a lot of fun learning English.

ইংরেজি শেখার আপডেট জানতে নিয়মিত ভিজিট করুন
আমাদের ফেসবুক পেজে

www.facebook.com/learn.English24.bd

Rule- 3

খাওয়া/পান করা অর্থে.....

- আমি আইসক্রিম খাব।

I'll have an ice-cream.

- এক কাপ কফি খান, প্লিজ।

Have a cup of coffee, Please.

- চলি এক কাপ কফি খাই।

Let's have a cup of coffee.

Rule-4

কিছু করে দেখতে চাই/চাওয়া

- আমি একটু চেষ্টা করে দেখতে চাই।

I like to have a try.

- আমি তার সাথে কথা বলে দেখতে চাই।

I like to have talk with him.

- আমি জিনিসটা একটু দেখতে চাই।

I like to have a look at it.

Rule- 5

Polite expression

- বসুন! বসুন!

Have a seat!

- আর একটু নিন!

Have a little more!

- দেখেন তো এটা কি!

Have a look at it!

Rule- 6

প্রত্যাশামূলক বাক্যে.....

- Have a nice day!

তোমার দিনটি সুন্দর হোক!

- Have a nice trip

আপনার ভ্রমণ সুন্দর হোক!

- Have a nice dream!

সুখ নিদ্রা হোক তোমার!

Rule-7

I won't have.....doing (অনুমতি না দেওয়া বোঝাতে)

Structure: Sub+ won't have + object +verb(ing) +ext.

Example:

● আমি তোমাকে ধুমপান করতে দিতে পারি না।

I won't have you smoking.

● আমি তোমাকে মিথ্যা বলতে দিতে পারি না।

I won't have you telling a lie.

● আমি তোমাকে রাতে বাইরে যেতে দিতে পারিনা।

I won't have you going out at night.

"পৃথিবীতে যত বৃক্ষ আছে, সবই যদি কলম হয় এবং সমূদ্রের সাথেও সাত সমূদ্র যুক্ত হয়ে কালি হয়, তবুও তাঁর (মহান আল্লাহপাকের) গুণাবলী লিখে শেষ করা যাবে না। নিশ্চয়ই আল্লাহ্ পরাক্রমশালী, প্রজ্ঞাময়" - **আল কোরআন**

Spoken Rule- 10

How come (কি কারনে/কিভাবে....?)

Structure: How come + (subject + verb)

- How come you are so upset?

কি কারনে তুমি এতটা হতাশ?

- How come you made a great mistake?

কিভাবে তুমি এত বড় ভুলটি করলে?

- How come you cannot make a decision?

কি কারনে তুমি কোন সিদ্ধান্তে আসতে পারো না?

- How come we never agreed?

কি কারনে আমরা কখনোই একমত হতে পারি নাই।

- How come you prepare yourself for the BCS?

কিভাবে তুমি নিজেকে বিসিএস এর জন্য প্রস্তুত করবে?

- How come your company made a huge profit?

কিভাবে তোমার কোম্পানি এতটা লাভ করেছিল?

Learnenglish99.com

Spoken Rule- 11

Hardly= খুবই কম/কদাচিৎ/প্রায়ই না

বাংলা বাক্যে খুবই কম/কদাচিৎ/প্রায়ই না এ ধরনের নেগেটিভ অর্থ প্রকাশ করলে Hardly ব্যবহার হয়।

Structure: Sub + hardly + verb + object.

Example:

- আমি খুবই কম চা খাই।

I hardly take tea.

- তুমি আমাকে খুবই কম ভালোবাসো।

You hardly love me.

- আমি খুবই কম টিভি দেখি।

I hardly watch TV.

- ইদানিং তোমাকে দেখাই যায় না।

You are hardly seen these days.

- তুমি ইদানিং আমার সাথে ঘুরতে বের হও না।

You hardly hang out with me lately.

Spoken Rule- 12

Likely to = সম্ভাবনা

বাংলা বাক্যের শেষে "সম্ভাবনা" আছে/ছিল থাকলে likely to ব্যবহার হয়।

Structure: Sub+ am/is/are/was/were+ likely to + verb1+ Ext.

Example:

- হাফিজের এ+ পাওয়ার সম্ভাবনা আছে।

Hafiz is likely to get A+.

- আজ বৃষ্টি হওয়ার সম্ভাবনা আছে।

It is likely to rain today.

- তার স্কলারশীপ পাওয়ার সম্ভাবনা আছে।

He is likely to get scholarship.

- ফিরোজের রাঙ্গামাটি যাওয়ার সম্ভাবনা ছিল।

Firoz was likely to go Rangamati.

- তোমার চাকরি পাওয়ার সম্ভাবনা ছিল।

You were likely to get the job.

Spoken Rule-13

Would rather (বরং)

Structure: sub+ would rather + verb + than+ verb+ extension.

Example

- I would rather starve than beg.

আমি বরং না খেয়ে থাকব তবু ভিক্ষা করব না।

- I would rather go out than stay home.

আমি বাড়িতে থাকার চেয়ে বরং বাইরে বের হব।

- I would rather go for shopping than playing.

আমি বরং শপিংয়ে যাবো তবু খেলবো না।

LearnEnglish99.com
www.Learnenglish99.com

Spoken Rule-14

As often as (“যতবার....ততবার”)

কোন বাংলা বাক্যে “যতবার....ততবার” থাকলে as often as ব্যবহার হয়।

Structure: Subject + verb + as often as + Ext.

Example:

- সে যতবার বাজারে যায় ততবার চা খায়।

He drinks tea as often as he goes to market.

● সে যতবার নির্বাচিত হয় ততবার মানুষ উপকৃত হয়।

People get benefitted as often as he is elected.

● তুমি যতবার বাইরে যাও ততবার কাজের ক্ষতি হয়।

The work is hampered as often as you go out.

Spoken Rule- 15

It's high time- ইহাই উপযুক্ত সময়

Structure: It's high time to + verb + extension.

Example:

● এটাই প্রস্তুতি গ্রহণের উপযুক্ত সময়।

It is high time to take preparation.

● ইংরেজি শেখার এটাই উপযুক্ত সময়।

It’s high time to learn English.

- তোমার ক্যারিয়ার গড়ার এখনই উপযুক্ত সময়।

It’s high time to build your carrier.

- এই সমস্যাটিকে সমাধান করার ইহাই উপযুক্ত সময়।

it's high time to solve this problem.

- ইহাই উপযুক্ত সময় আমাদের খারাপ অভ্যাস পরিত্যাগ করার।

it's high time to put away our bad habits.

➢ Click here to go Content page

Spoken Rule-16

So that= “এতই যে”

বাক্যে “এতই....যে” অর্থ প্রকাশ পেলে so that ব্যবহার হয়।

Structure: Sub + am/is/are + so+ adjective + that +Sub+ verb1+ ext.

Example:

- আমি ইংরেজিতে এতই দুর্বল যে পরীক্ষায় পাশ

করতে পারি না।

I am so weak in English that I cannot pass in exam.

- চাইনিজ ভাষা এতই কঠিন যে আমরা পড়তেই পারি না।

Chinese language is so hard that we cannot read.

- জাফর এতই মোটা যে সে দৌড়াতে পারে না।

Jafor is so fat that he cannot run.

- রাফিন এতই স্মার্ট যে সে সহজেই দৃষ্টি আকর্ষণ করতে পারে।

Rafin is so smart that he can draw attention easily.

Spoken Rule-17

Let alone = তো দুরের কথা

প্রয়োগক্ষেত্র : কাওকে তাচ্ছিল্ল করে বা অন্য যে বাক্যে "তো দুরের কথা" থাকলে Let alone ব্যবহার হয়।

Structure: Subject + verb + easy task + let alone + hard task

Example

● সে লেখাতো দুরের কথা ইংরেজিতে কথাও বলতে পারে না।

He cannot speak English let alone write.

● তুমি বাঘতো দুরের কথা একটি বিড়ালও মারতে পারবে না।

You will not be able to kill a cat let alone tiger.

● আমি মোটরসাইকেল তো দুরের কথা সাইকেলও চালাতে পারিনা।

I can’t drive Cycle let alone a Motorcycle.

● আমার কাছে ৫০০ তো দুরের কথা ৫০ টাকাও নেই।

I don’t have even 50 tk let alone 500 tk.

● সে পরীক্ষায় প্রথম হওয়া তো দুরের কথা পাশই করতে পারবে না।

He will not be able to pass the exam let alone stood first.

Spoken Rule-18

Intend to - কিছু করার ইচ্ছা/মনস্থ করা।

Structure: Sub + intend to + verb1 +ext.

Example:

- আমার ইংরেজী শেখার ইচ্ছা আছে।

I intend to learn English.

- আমার মোটর সাইকেল কেনার ইচ্ছা আছে।

I intend to buy motorcycle.

- রাকিবের নামাজ পড়ার ইচ্ছা আছে।

Rakib intends to say prayer.

- সে গ্রামের বাড়িতে যাবে বলে মনস্থ করেছে।

He intends to go to village home.

Spoken Rule-19

✪ Should have (উচিত ছিল)

Structure: Sub + should have + Verb (past participle) + Ext.

Example:

● আমার কম্পিউটার শেখা উচিত ছিল।

I should have learnt Computer.

● তোমার দেশের জন্য কিছু করা উচিৎ ছিল।

You should have done something for the country.

● রানার পরীক্ষায় প্রথম হওয়া উচিত ছিল।

Rana should have stood first.

● তার পর্যাপ্ত পানি পান করা উচিত ছিল।

He should have drunk sufficient water.

www.Learnenglish99.com

Spoken Rule-20

Having a hard time – কঠিন মনে হওয়া।

Structure: Sub + having a hard time + (verb+ing) + Extention.

Example:

● I'm having a hard time spending with you.

তোমার সাথে সময় কাটানো আমার জন্য কঠিন মনে হচ্ছে।

● I'm having a hard time explaining the issue.

তোমার সাথে বিষয়টি ব্যাখ্যা করা আমার জন্য কঠিন মনে

হচ্ছে।

- I’m having a hard time finding the right answer.

সঠিক উত্তরটি খুঁজে পাওয়া আমার জন্য কঠিন মনে হচ্ছে।

- I’m having a hard time implementing a new design.

নতুন নকশাটির বাস্তবায়ন করা আমার জন্য কঠিন মনে হচ্ছে।

www.Learnenglish99.com

Spoken Rule- 21

About to…(প্রায় হয়েই গিয়েছিল কিন্তু শেষ মুহূর্তে হয়নি)

Structure: sub+ auxiliary verb+ about to+ verb1+ Ext.

Example:

- আমি প্রায় মরে গিয়েছিলাম।

I was about to die.

- আমি প্রায় ঘুমিয়ে পরেছিলাম।

I was about to fall asleep.

- আমি প্রায় পৌছে গিয়েছিলাম।

I was about to reach.

● আমি প্রায় তোমাকে ফোন করতে যাচ্ছিলাম।

I was about to call you.

● আমিতো মোবাইলটা প্রায় কিনেই ফেলেছিলাম।

I was about to buy the mobile.

● আমি প্রায় চাকুরিটা পেয়ে গিয়েছিলাম।

I was about to get the job.

Spoken Rule-22

I’m looking forward to…… (অধীর অপেক্ষায় থাকা)

Structure: I’m looking forward to+ verb (ing).

(ব্যতিক্রম রুল - looking forward to এর পরে verb (ing) হয়)

Example:

● আমি তোমার পথ পানে তাকিয়ে আছি।

I’m looking forward to seeing you.

● আমি তোমার সাথে কথা বলার প্রতীক্ষায় আছি।

I’m looking forward to talking with you.

● আমি তোমার সাথে ভ্রমণের জন্য প্রতীক্ষায় আছি।

I’m looking forward to going for a tour with you.

Spoken Rule- 23

Where there = যেখানে....সেখানে

Structure: Where there + be verb + N/P + there + be verb + N/P + extension.

Example:

● যেখানে গণতন্ত্র আছে সেখানে সুশাসন আছে।

Where there is democracy there is good governance.

● যেখানে মানুষ আছে সেখানে সভ্যতা আছে।

Where there are people there is civilization.

● যেখানে বন্ধু আছে সেখানে সহযোগিতা আছে।

Where there are friends there is cooperation.

● যেখানে পানি আছে সেখানে জীবন আছে।

Where there is water there is life.

Spoken Rule- 24

What if = (কি হতো যদি.....)

Structure: What if + (subject + verb)

Example:

- What if I missd the bus?

কি হতো যদি আমি বাসটি মিস করতাম?

- What if someone saw me?

কি হতো যদি আমায় কেউ দেখে ফেলত?

- What if I didn't understand the problem?

কি হতো যদি আমি সমস্যাটি না বুঝতাম?

- What if I didn’t complete the task?

কি হতো যদি আমি কাজটি সম্পন্ন না করতে পারতাম?

- What if he didn’t cooperate me in the beginning?

কি হতো যদি শুরুতেই সে আমাকে সহযোগিতা না করতো?

➢ Click here to go Content page

Copyright by: Md. Farid Ahmed

Spoken Rule-25

Had to - তেই হয়েছিল।

Structure: Sub+ had to+ verb (present form) + ext.

Example:

- আমাকে মিটিংয়ে উপস্থিত থাকতেই হয়েছিল।

I had to attend the meeting.

- মনিরকে আর্থিক সাহায্যটি নিতেই হয়েছিল।

Monir had to take the financial help.

www.Learnenglish99.com

Spoken Rule-26

Can not but (না....পারিনা)

বাংলা বাক্যের শেষে "না....পারিনা" থাকলে Can not but ব্যবহার হয়।

Structure: Sub + Can not but + verb + Ext.

Example:

- আমরা ভাত না খেয়ে পারিনা।

We can not but eat rice.

- আমি ভোরে ঘুম থেকে না উঠে পারিনা।

I can not but wake up early in the morning.

- আমি তোমার তারিফ না করে পারি না।

I can't but admire you.

- আমরা গরীবদের পাশে না দাড়িয়ে পারিনা।

We can not but stand beside the poor.

- আমি বই না পড়ে থাকতে পারিনা।

I can not but read book.

Spoken Rule- 27

Could not but

বাংলা বাক্যের শেষে না "পারলাম না/ না....পারল না" থাকলে Could not but ব্যবহার হয়।

Structure: Sub+ could not but + verb +Ext.

Example:

- আমি না হেসে পারলাম না।

I could not but laugh.

- আমি অনুষ্ঠানে না গিয়ে পারলাম না।

I could not but go to the function.

- আমি তার সাথে ঝগড়া না করে পারলাম না।

I could not but quarrel with him.

- সে আমাকে টাকা না দিয়ে পারল না।

He could not but give me money.

www.Learnenglish99.com

Spoken Rule- 28

For the sake of= খাতিরে, অনুরোধে।

প্রয়োগ ক্ষেত্রঃ কোন কিছুর খাতিরে বা টানে কিছু করলে।

Structure: Sub+ verb1 + object + for the sake of + verb(ing)+ ext.

Example:

- I come here for the sake of learning computer.

আমি কম্পিউটার শেখার খাতিরে এখানে আসি।

- I visit your home for the sake of keeping kinship.

আমি আত্মীয়তার খাতিরে তোমার বাড়িতে বেড়াতে আসি।

- I come to swimming pool for the sake of learning swim.

আমি সাতাঁর শেখার খাতিরে সুইমিং পুলে আসি।

Spoken Rule- 29

Whether……or

করবে কি করবে না, যাবে কি যাবে না, গরীব কি ধনী, হবে কি হবে না ইত্যাদি অর্থ প্রকাশে whether....or ব্যবহার করা হয়।

Example

- সে করবে কি করবে না আমি জানি না।

I don't know whether he does or not.

- তুমি যাবে কি যাবে না এখনই সিদ্ধান্ত নাও।

Take decision at once whether you go or not.

- সে ধনী কি দরিদ্র এটা কোন বিষয় না।

It’s does not matter whether he poor or rich.

Spoken Rule- 30

Double Comparatives (যত....তত)
বাংলা ভাষায় "যত....তত" এরুপ থাকলে এ ফরম্যাটটি ব্যবহার হয়।

The + comparative, the + comparative

Example:

- The sooner, the better- (যত দ্রুত তত ভাল)
- The costlier it is, the nicer it is. (যত দামী হয় ততই সুন্দর হয়)
- The slimmer you are, the faster you can run.
  (তুমি যত পাতলা হবে, ততই দ্রুত দৌড়াতে পারবে)
- The quicker you walk, the sooner you will go there.
  (যত দ্রুত তুমি হাটবে, তত দ্রুত সেখানে যেতে পারবে)
- The earlier you set about your work, the sooner you will finish it.
  (যত শীঘ্র তোমার কাজ শুরু করবে, তত দ্রুত শেষ করতে পারবে)

LearnEnglish99.com
www.Learnenglish99.com

Spoken Rule- 31

Do/Would you mind + verb (ing) + Ext.

Example:

● Do you mind **waiting** for sometime?

কিছুক্ষণ অপেক্ষা করলে তোমার কি অসুবিধা আছে?

● Do you mind **keeping** the cell phone here?

এখানে মোবাইল ফোনটি রাখলে তোমার অসুবিধা হবে কি?

● Do you mind **holding** my bag for a while?

কিছুক্ষণের জন্য আমার ব্যাগটি ধরলে তোমার অসুবিধা হবে?

● Would you mind **keeping** a seat for me?

তুমি কি আমার জন্য একটা সিট রাখবে?

LearnEnglish99.com
www.Learnenglish99.com

Spoken Rule- 32

Had better (বরং.....)

Structure: Sub + had better + verb (base form) + Ext.

Example:

- তুমি বরং আগামীকাল যেও।

You had better go tomorrow.

- তুমি বরং বিশ্রাম নাও।

You had better take rest

- তুমি বরং তোমার বন্ধুদেরকে নিমন্ত্রন কর।

You'd better invite your friends

- তোমার বরং উকিলের সাথে পরামর্শ করা উচিত।

You had better consult a lawyer.

Spoken Rule- 33

I think of (আমি ভাবছি...)

Structure: I think of + verb (ing) + Extension.

Example:

- I think of learning English (আমি ইংরেজি শিখবো বলে ভাবছি)
- I think of talking over the phone. (আমি ফোন করবো বলে ভাবছি)
- I think of having a cup of tea (আমি এক কাপ চা খাব বলে ভাবছি)
- I think of reciting Holy Quran (আমি কুরআন তিলাওয়াত করবো বলে ভাবছি)
- I think of playing the game (আমি গেমটি খেলবো বলে ভাবছি)
- I think of watching the movie (আমি মুভিটা দেখবো বলে ভাবছি)
- I think of going there (আমি সেখানে যাবো বলে ভাবছি)
- I think of buying a bike (আমি একটি বাইক কিনবো বলে ভাবছি)
- I think of making our dinner now (আমি এখন রাতের খাবার তৈরী করবো বলে ভাবছি)

Spoken Rule- 34

As long as (যত..... তত)
বাংলা বাক্যে “যতক্ষণ....ততক্ষণ” বা “যতদিন... ততদিন” থাকলে As long as দিয়ে বাক্য গঠিত হয়।
Structure: Sub + Verb + as long as + sub + Verb + Ext.

Learn English99.com
www.Learnenglish99.com

Example:

- যতক্ষণ তুমি আমার সাথে আছ ততক্ষণ আমি খুশি।

I am happy as long as you are with me.

- যতদিন মাশরাফি ফিটনেস ধরে রাখতে পারবে ততদিন সে খেলে যাবে।

Mashrafi will be playing as long as he keeps fitness.

- যতক্ষণ পর্যন্ত তুমি আমায় ভালোবাসবে ততক্ষণ পর্যন্ত আমি তোমারই থাকবো।

I will be yours as long as you love me.

- যতক্ষণ পর্যন্ত আমরা ফাস্ট ফুড পছন্দ করবো ততক্ষণ পর্যন্ত আমাদের শরীরের চর্বি বাড়তেই থাকবে।

Our body fat will be increased as long as we take fast food.

Spoken Rule- 35

I will/won't let...(কাউকে কিছু করতে দেয়া/ না দেয়া)

Structure: Sub+ will/won't let + person + verb + ext.

Example:

✪ আমি তোমাকে যেতে দিব।

I will let you go

✪ আমি তোমাকে ল্যাপটপটি ব্যবহার করতে দিব।

I will let you use the laptop.

✪ আমি তোমাকে বইটি পড়তে দিব।

I will let you read the book.

✪ আমি তোমাকে করতে দেব না।

I won't let you do.

✪ আমি তোমাকে রাতে বাইরে যেতে দেব না।

LearnEnglish99.com
www.Learnenglish99.com

I won’t let you go out at night.

✪ আমি তোমাকে মোবাইলটি ব্যবহার করতে দেব না। I won’t let you use the mobile.

Spoken Rule- 36

Being = কিছু হয়ে

প্রয়োগ ক্ষেত্র : বাক্যে “কিছু....হয়ে” বুঝালে Being দিয়ে শুরু হবে।

Structure: Being + যা হয়ে+ Sub + verb1 + ext.

Example:

● একজন ছাত্র হয়ে তোমার সময় নষ্ট করা উচিত নয়।

Being a student, you should not waste your time.

● একজন মুক্ত পেশাজিবী হয়ে কিভাবে আমি ডেস্ক জবে সম্মত হব?

Being a freelancer, how do I agree for the desk job?

● একজন রাজনৈতিক নেতা হয়ে কিভাবে সে অপরিপক্ক কথা বলে?

Being a political leader, how does he tell immature word?

Spoken Rule- 37

Because of being- হওয়ার কারনে

বাক্যে হওয়ার কারনে থাকলে Because of being ব্যবহার হয়।

Example:

- ইংরেজিতে দক্ষ হওয়ার কারণে সে চাকুরি পেয়েছে।

He got the job because of being skilled in English.

- অসুস্থ হওয়ার কারণে সে অফিসে যেতে পারেনি।

He couldn't go to office because of being sick.

- বাচাল হওয়ার কারণে তাকে কেউ পছন্দ করে না।

Nobody likes him because of being talkative.

- ধনী হওয়ার কারণে সে কাউকে পরোয়া করেনা।

He doesn’t care anybody because of being rich.

➢ Click here to go Content page

Spoken Rule- 38

Before being

প্রয়োগ ক্ষেত্র : "কর্তার কিছু হওয়ার পূর্বে কিছু করা "

Google Translate অ্যাপটির সুবিধাসমূহঃ

- Speak to **Translate**. ...
- Type to **Translate**. ...
- Write to **Translate**. ...
- Instant Camera **Translation**. ...

ইনস্টলেশন ও ব্যবহার নিয়মাবলী

- Playstore এ গিয়ে Google Translate লিখে সার্চ দিলে লোগো সম্বলিত অ্যাপটি ইনস্টল করুন।
- ইনস্টল সম্পন্ন হলে Open প্রেস করুন।
- Primary language Bengali এবং Language you translate most often পয়েন্টে English সিলেক্ট করে done বাটন প্রেস করুন।

ইনস্টলেশন ও কনফিগারেশন প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। এ অবস্থায় অ্যাপটি রান হবে এবং পরবর্তী যে কোন সময় নিচের ইমেজের মত আইকন দেখতে পাবেন।

LearnEnglish99.com
www.Learnenglish99.com
www.Learnenglish99.com
www.Learnenglish99.com
www.Learnenglish99.com

▶ অ্যাপটি রান করে নিচের ইমেজের মত Conversation আইকন প্রেস করুন।



▶ Allow translate to record audio? বক্সে allow বাটনে প্রেস করুন।

▶ ভয়েস দিয়ে ট্রান্সলেট করার জন্য প্রিপিয়ার্ড হোন...

▶ এখনই বলুন- লেখা আসার সাথে সাথে বাংলায় যে কোন একটি বাক্য বলুন, যেমনঃ “তোমার খবর কি?”, লক্ষ্য করুন- উচ্চারণসহ ইংরেজিতে ট্রান্সলেট করে দিয়েছে।

► পুনরায় ভয়েস দিতে চাইলে বাংলা লেখা সম্বলিত ভয়েস আইকন প্রেস করে বলতে হবে। এবার পর্যায়ক্রমে সহজ বাক্য থেকে জটিল বাক্যগুলো বলুন আর দেখুন অ্যাপটির ম্যাজিক!

বাংলায় বলুন-

► আমি ভাল আছি

► চল ইংরেজি শিখি

- তুমি কি কখনো ইটালি গিয়েছো?
- আমি আমার মোবাইলটি নিয়ে সমস্যায় আছি।
- তুমি কি কল্পনা করতে পার এখন আমি তোমাকে কি বলবো?

লক্ষ্য করুনঃ সবগুলো বাক্যগুলোর বিশুদ্ধ ইংরেজি উচ্চারণে ট্রান্সলেট করে দিচ্ছে অ্যাপটি।

এভাবে, আপনার মত করে আরও বড় ও জটিল বাক্য দিয়ে প্র্যাকটিস করুন আর ইংরেজিতে হয়ে উঠুন **Smart English speaker.**

Note: Voice translation এর ক্ষেত্রে গুরুত্বপূর্ণ বিষয় হল- আপনি যখন ডায়ালগ বলবেন তখন স্বাভাবিক কণ্ঠে ও স্পষ্টভাবে বলতে হবে। অন্যথায়, আপনার ডায়ালগ যদি অ্যাপটি বুঝতে না পারে তবে ভুল বা অসম্পূর্ণ অনুবাদ দিবে।

এজন্য, বেশি বেশি প্র্যাকটিস করলে অ্যাপটি আপনার ভয়েস সহজে রিকগনাইজ করতে পারবে এবং সঠিক ট্রান্সলেট করতে সক্ষম হবে।

- অ্যাপটি শুধুমাত্র বাংলা/ইংরেজি ভাষার জন্যই উপযোগী নয় বরং, অনেকগুলো ভাষা সাপোর্ট করে। যদি অন্য

Language (ভাষা) সিলেক্ট অবস্থায় থাকে, তবে তা পরিবর্তনের জন্য স্ক্রীণের সর্বউপরের এরো পয়েন্টে প্রেস করে আপনার পছন্দমত ভাষা সিলেক্ট করতে পারবেন। যেমনঃ বাংলায় বলে ইংরেজিতে ট্রান্সলেট করতে বাম পার্শ্বে Bengali এবং ডানপাশে English সিলেক্ট করে নিতে হবে।

Google Translate app টিতে Voice translation এর কোন অফলাইন ভার্সন নেই। নেট কানেকশন অপরিহার্য। তবে, অ্যাপটিতে রাইটিং ট্রান্সলেশনের অফলাইন ভার্সন রয়েছে।

অফলাইন ভার্সনটি ডাউনলোডের জন্য সেটিংস এ গিয়ে offline translation প্রেস করে Bengali সিলেক্ট করে ডাউনলোড করে নিতে পারেন।

▶ অ্যাপটি নিয়ে কেও কোন সমস্যায় পড়লে মেইল করতে পারেন নিচের ইমেইলে, চেষ্টা করবো সমাধান দিয়ে রিপ্লাই দেওয়ার।

alherabd@gmail.com

➢ Click here to go Content page

Grammarly

ইংরেজি গ্রামার ভুল সংশোধনের একটি অসাধারণ চমৎকার অ্যাপ

Grammarly ইংরেজি গ্রামার ভুল সংশোধনের একটি অসাধারণ চমৎকার অ্যাপ। যার মাধ্যমে ইংরেজির গ্রামাটিক্যাল ভুলগুলো খুব সহজেই সংশোধন করা যায়। যারা ইংরেজিতে কোন মেইল বা কোন আর্টিক্যাল লিখতে গিয়ে ভাবছেন- লেখাটি কি গ্রামাটিক্যালি সঠিক হয়েছে কিনা, তারা এ অ্যাপটির মাধ্যমে খুব সহজেই ভুলগুলো তাৎক্ষণিক সংশোধন করে নিতে পারবেন। এটি পিসির জন্যও অনলাইন টুল/সফটওয়্যার হিসাবে সমানভাবে কার্যকরী।

Main features of Grammarly are:

- Grammar errors
- Comma splice.
- Comma usage.
- Missing articles.
- Misspelled words.

- Outdated spelling.
- Repetitive words.
- Integration with Gmail.
- Integration with social media.



▶ উপরের ইমেজ দুটি লক্ষ্য করুনঃ ১ম ইমেজে punctuation, spelling এবং grammatic ভুল কারেক্ট করেছে। একইভাবে, দ্বিতীয় ইমেজে গ্রামাটিক্যালি যেটি সঠিক be answering এবং on facebook সেটি সাজেষ্ট করেছে। এখন, উক্ত সাজেষ্টেড be answering

এবং on facebook প্রেস করলে অটোম্যাটিক্যালি বাক্যটি কারেক্ট হয়ে যাবে। Just amazing!

স্মার্টফোনে Grammarly কিভাবে ইনস্টল ও ব্যবহার করবেন?

- Playstore এ গিয়ে Grammarly লিখে সার্চ দিলেই লোগো সম্বলিত **Grammarly keyboard** অ্যাপটি ইনস্টল করতে হবে।
- Open এ প্রেস করুন
- Get started এ প্রেস করুন
- Continue with Google এ প্রেস করে ইমেইল আইডি দিয়ে লগ-ইন করুন।

- Add Grammarly keyboard এ প্রেস করুন
- Manage keyboards স্ক্রীণের Grammarly চেক বক্সটি অন/অ্যাকটিভ করতে হবে।
- মেসেজ আসলে ok বাটনে প্রেস।
- পুনরায় ok বাটনে প্রেস।
- Switch input methods বাটনে প্রেস করুন।
- Grammarly চেক অপশন সিলেক্ট করে got it এ প্রেস করুন।

Grammarly ইনস্টলেশন ও কনফিগারেশন সম্পন্ন হয়েছে। এবার এ অ্যাপটি ব্যবহারের জন্য মেসেজ বক্স, নোট প্যাড ইত্যাদি ব্যবহার করতে পারেন।

মেসেজ বক্সে নিচের ইমেজের মত লিখুন- It can be solve. লক্ষ্য করে দেখুন, লাল রং এ হাইলাইট হয়ে গ্রামাটিক্যালি যেটি সঠিক (be solved) তা সাজেষ্ট করছে, (যেহেতু, can (modal) + be + verb past participle). এখন, উক্ত be solved এ প্রেস করলে অটোম্যাটিক্যালি বাক্যটি কারেক্ট হয়ে যাবে।



ভাবতে পারেন, এটা তো সহজ বাক্য। তাহলে একটি জটিল বাক্য লিখুন- Mr. Asif **together with** his children **are** present.

লক্ষ্য করুনঃ are লেখাটি এর স্থলে is সাজেষ্ট করেছে। এটি subject verb agreement এর একটি রুল। অতএব, এ ধরনের জটিল ও বড় বাক্যও **Grammarly** সংশোধন করতে সক্ষম।

www.Learnenglish99.com

কম্পিউটার/ল্যাপটপে কিভাবে ব্যবহার করবেন?

কম্পিউটার/ল্যাপটপে ব্যবহারের জন্য মূলতঃ এটি যে কোন ইন্টারনেট ব্রাউজারে এড-অন বা এক্সটেনশন হিসাবে ইনস্টল করে ব্যবহার করতে হয়।

ধাপগুলো নিম্নরুপঃ

- Google এ Grammarly লিখে সার্চ দিন।
- Grammarly: Free writing assistant এ ক্লিক করুন।
- Add to firefox এ ক্লিক করুন।
- Continue installation এ ক্লিক করুন।

- Add grammarly to firefox? ডায়লগ বক্সে Add বাটনে এ ক্লিক করুন।
- একটি নতুন একাউন্ট তৈরির জন্য ইমেইল ও পাসওয়ার্ড এবং Add বক্সে নাম দিয়ে sign up বাটনে ক্লিক করুন।
- ব্রাউজারে Grammarly ইনস্টল হলে ব্রাউজারের উপরের ডান কোনায় **G** লোগো সম্বলিত আইকনে ক্লিক করুন।
- New document এ ক্লিক করুন।
- এবার Type your title বক্সে যে কোন ভুল বাক্য লিখলে অ্যাপের মতই ভুলগুলো অটোম্যাটিক্যালি কারেক্ট করে দিবে।
- **গুগল ক্রোমের** ক্ষেত্রে Add to chrome এবং Add extention হিসাবে ইনস্টল করতে হবে।

Grammarly এর অফলাইন ভার্সন নেই। অ্যাপটি চালাতে নেট কানেকশন অপরিহার্য।

➢ Click here to go Content page

Hello English

ইংরেজি শেখার জন্য আর একটি চমৎকার অ্যাপ Hello English.

Feature of Hello English

The application consists of 475 interactive lessons and games associated with reading, writing, speaking, and listening and has gamification mechanics in the **app**. It has a bilingual dictionary, available in 22 languages.

ইনস্টলেশন ও ব্যবহার নিয়মাবলী

- Playstore এ গিয়ে Hello English লিখে সার্চ দিলে লোগো সম্বলিত অ্যাপটি ইনস্টল করুন।
- ইনস্টল সম্পন্ন হলে Open প্রেস করুন।
- পরবর্তী ধাপে ভাষা নির্বাচনের ক্ষেত্রে বাংলা সিলেক্ট করে স্তর বাছাইর ক্ষেত্রে Beginner, Intermediet, Expert যে কোন একটি নির্বাচন করুন।
- আপনি কেন ইংরেজি শিখতে চান- এ স্ক্রীণে যে কোন অপশন যেমনঃ আমি ভাল জব চাই বা অন্য কোনটি সিলেক্ট করে পরবর্তী বাটন প্রেস করুন।
- না আমি limited version নির্বাচন করুন।
- উপরের মেনু থেকে বেসিক কোর্স, সমস্ত কোর্স, প্র্যাকটিস ইত্যাদি অপশন সিলেক্ট করে speaking, grammar, conversation ইত্যাদি সহ প্রচুর লেসন পাবেন।

নোটঃ আমার মতে Conversation সেকশনটি ইংরেজি কথোপকথন চর্চার একটি অসাধারণ প্লাটফর্ম।

► উল্লেখিত অ্যাপগুলোর যে কোন ইনস্টলেশন, ব্যবহার নিয়ে কেও কোন সমস্যায় পড়লে মেইল করতে পারেন নিচের ইমেইলে, চেষ্টা করবো সমাধান দিয়ে রিপ্লাই দেওয়ার। **alherabd@gmail.com**

==========

অন্ধকার ৫ প্রকার এবং তার জন্য আলো ৫ প্রকারঃ

হাফেজ ইবনে হাজার (রাঃ) মুনাব্বেহাত নামক গ্রন্থে হযরত আবু বকর সিদ্দীক (রাঃ) হইতে বর্ণনা করেন, অন্ধকার ৫ প্রকার এবং উহার জন্য আলো ৫ প্রকার।

(১) দুনিয়াকে ভালোবাসা একটি অন্ধকার, উহার জন্য আলো (বাতি) হইলো পরহেজগারী।

(২) কবর একটি অন্ধকার, উহার জন্য আলো হইলো- লা-ইলাহা ইল্লাল্লাহু মুহাম্মাদুর রাসুলুল্লাহ।

(৩) গুণাহ একটি অন্ধকার, উহার জন্য আলো হইলো তওবা।

(৪) আখিরাত একটি অন্ধকার, উহার জন্য আলো হইলো আমল।

(৫) পুলছিরাত হইলো একটি অন্ধকার, উহার জন্য আলো হইলো এক্বীন।

➢ Click here to go Content page

Grammar

Contents (সূচী)

Parts of speech
Tense
Verb
Subject Verb Agreement
Right forms of verbs
Modal Auxiliaries
Relative pronoun
Voice Change
Preposition
Clause
Gerund, Participle & Infinitive
Causative
Modifiers
Articles
Redundancy
Conditional
Narration
Phrasal verbs
Spelling Mistake

Parts of Speech

Part অর্থ অংশ এবং speech অর্থ বাক্য। অতএব, বাক্যে ব্যবহৃত প্রত্যেকটি শব্দকে এক একটি Part of Speech বলে।

Example:

✪ Safiq is a good boy.

✪ He goes to school regularly.

প্রথম বাক্যে ৪টি এবং দ্বিতীয় বাক্যে ৫টি অর্থববোধক অংশ রয়েছে। সুতরাং এদের প্রত্যেকটিই এক একটি Part of Speech.

Parts of Speech এর প্রকারভেদঃ

- Noun (বিশেষ্য)
- Pronoun (সর্বনাম)
- Adjective (নাম বিশেষণ)
- Verb (ক্রীয়া বা কাজ)
- Adverb (ক্রীয়া বিশেষণ)
- Preposition (পদান্বয়ী অব্যয়)
- Conjunction (সংযোজক অব্যয়)

- Interjection (আবেগ সূচক অব্যয়)

Noun (বিশেষ্য)

যে word দ্বারা কোন ব্যক্তি, বস্তু, স্থান, প্রাণী, অবস্থা বা গুণের নাম বুঝায় তাকে noun বলে। (A noun is the name of anything).

Example:

✪ **America** is a powerful country.
(আমেরিকা একটি শক্তিধর দেশ) - এখানে আমেরিকা একটি দেশের নাম।

✪ The **glass** is empty - (গ্লাসটি খালি), এখানে গ্লাস একটি বস্তুর নাম।

✪ Gold is precious metal. (স্বর্ণ একটি মূল্যবান ধাতু)

Nouns বা বিশেষ্য ৫ প্রকারঃ

- Proper Noun (নাম বাচক বিশেষ্য)
- Common Noun (জাতিবাচক বিশেষ্য)
- Collective Noun (সমষ্টিবাচক বিশেষ্য)

- Material Noun (বস্তুবাচক বিশেষ্য)
- Abstract Noun (গুণবাচক বিশেষ্য)

Pronoun (সর্বনাম):

সহজভাবে, Noun এর পরিবর্তে বা যে সকল শব্দ আমরা নামের পরিবর্তে বসাই তাকেই Pronoun বা সর্বনাম বলে। যেমন, He/ She, him, they, It, us ইত্যাদি।

www.Learnenglish99.com

Example:

✪ Sakib is a good student

✪ He respects his parents.

Pronoun গুলো নিম্নরুপঃ

- Personal Pronoun: I, we, he, she, they, it Demonstrative Pronoun: This, that, these, those
- Relative Pronoun: who, whom, which, whose, what, that
- Reflexive Pronoun: Myself, ourselves, yourself, himself

- Possessive Pronoun: Mine, yours, ours, his, hers, theirs
- Indefinite pronoun: One, any, some, nobody, anybody, all, many, everyone.
- Interrogative Pronoun: Who, whom, which, whose, that
- Distributive Pronoun: Each, either, neither
- Reciprocal Pronoun: Each other, one another

www.Learnenglish99.com

৩৮ তম বিসিএস পরীক্ষা

Which one of the following words is an example of a Distributive Pronoun?
a) such b) either c) that d) any

Ans: b) either

Adjective (নাম বিশেষণ)

Adjective অর্থ- বিশেষণ। এটি Noun বা Pronoun এর দোষ, গুণ, সংখ্যা, পরিমাণ, অবস্থা ইত্যাদি প্রকাশ করে। যেমনঃ **beautiful, adorable, great, good** ইত্যাদি।

LearnEnglish99.com
www.Learnenglish99.com

Example:

- Nipa is very **pretty** (নিপা খুব সুন্দরী)
- I have **two** smartphones (আমার দুইটি স্মার্টফোন আছে)
- They live in a **beautiful** house.
(তারা একটি সুন্দর বাড়িতে বাস করে)

সাব - রেজিস্ট্রার পরীক্ষা- ১৯৯২

নিচের শব্দগুলোর কোনটি Adjective?

a) beauty b) beautiful c) beautification
d) beautifying

Ans: b) beautiful

Classification of Adjective

- Qualitative Adjective (Adjective of quality)
- Quantitative Adjective (Adjective of quantity)
- Numeric Adjective (Adjective of Number)
- Demonstrative Adjective
- Distributive Adjective
- Interrogative Adjective
- Possessive Adjective

Qualitative Adjective (Adjective of quality)

যে Adjective ব্যাক্তি বা বস্তুও দোষ, গুণ বা অবস্থা প্রকাশ করে তাকে Qualitative Adjective বলে।

যেমনঃ Nahid is a rich man.

He is a lier.

উপরের উদাহরনে প্রথম বাক্যটিতে ‘rich’ শব্দটি ব্যক্তির গুণ এবং দ্বিতীয় বাক্যে ‘lier’ দোষ প্রকাশ করে।

Quantitative Adjective (Adjective of quantity)

Noun বা pronoun এর পরিমান নির্দেশ করলে উক্ত Adjective কে Quantitative Adjective বলে। এ Adjective এ সর্বাধিক ব্যবহৃত শব্দগুলো হল- some, much, little, any, none, all ইত্যাদি।

Example: Give me a little water.

Numeric Adjective (Adjective of Number)

কোন Adjective যখন Noun এর সংখ্যা, ক্রমানুযায়ী স্থান বুঝায় তখন তাকে Numeric Adjective (Adjective of Number) বলে।

Example: February is second month of the year.
Sima is the first girl in the class.

Adjective of Number প্রধানতঃ ২ প্রকার।
Definite and Indefinite.

Definite Numeric adjectives ৩ প্রকার।

- Cardinal (one, two, three…),
- Ordinal (first, second, third …),
- Multiplicative (Single, double, triple..)

Indefinite Adjective

যেক্ষেত্রে কোন নির্দ্দিষ্ট সংখ্যা না বুঝিয়ে শুধুমাত্র সংখ্যা সম্পর্কে ইংগিত/ধারনা প্রকাশ করে তাকে Indefinite Adjective বলে। যেমনঃ some, all, no, few ইত্যাদি।

Demonstrative Adjective

Demonstrative pronoun যখন noun এর পূর্বে বসে Adjective এর মত কাজ করে তখন তাকে Demonstrative Adjective বলে ।
Example: This boy is cordial.

Distributive Adjective

Distributive Adjective এর উদাহরণগুলো হলোঃ

every, each, neither, either, both etc

Example: Each boy has a smartphone.

Every person will get the gift.

Interrogative Adjective

Interrogative pronoun যখন noun এর পূর্বে বসে Adjective এর কাজ করে তখন তাকে Interrogative Adjective বলে ।

Example: What kind of boy he is?

Which car did you buy?

Possessive Adjective

Possessive pronoun গুলো হচ্ছে- My, our, your, his, her, its. এগুলো যখন noun এর পূর্বে বসে Adjective এর কাজ করে তখন তাকে Possessive Adjective বলে ।

Example: That is my laptop.

Verb (ক্রিয়া বা কাজ):

Verb অর্থ হল ক্রিয়া। অর্থাৎ, কোন শব্দ দ্বারা কাজ করা/হওয়া বুঝালে তাকেই Verb বলে। যেমনঃ run, hear, Call, go, eat, sleep, believe, be (am, is, are) ইত্যাদি।

Example:

- ✪ Let's **learn English**– (চল ইংরেজি শিখি)
- ✪ We **play** football– (আমরা ফুটবল খেলি)
- ✪ I am **working –** (আমি কাজ করছি)

৩৫ তম বিসিএস

Which of the following words can be used as a verb?
a) Mister b) Master c) Mistress d) Mastery

Ans: b) Master

৩৮ তম বিসিএস

Reading is an excellent habit. Here, the underlined word is a….
a) Verbal noun b) Participle c) Verb
d) Gerund

Ans: d) Gerund

www.Learnenglish99.com

▸ **Verb** সম্পর্কে বিস্তারিত দেখুন ২৩ নং পৃষ্ঠায়।

Adverb (ক্রিয়া বিশেষণ):

যে সকল শব্দ Verb, Adjective বা অন্য adverb কে Modify করে বা কোনকিছু add করে সেই সকল শব্দগুলোকে Adverb বলে। যেমন, very, quickly, carefully well, extremely, absolutely ইত্যাদি।

Example:

He was walking **quickly,**
(সে দ্রুত হাটছিলো)

I am **extremely** sorry.

(আমি অত্যন্ত দুঃখিত)

Preposition (পদান্বয়ী অব্যয়):

বাংলায় Pre শব্দের অর্থ পূর্বে আর Position শব্দের অর্থ অবস্থান। যেসব শব্দ Noun বা Pronoun এর পূর্বে অবস্থান করে বাক্যের অন্যান্য অংশের সাথে ঐ Noun বা Pronoun এর সম্পর্ক স্থাপন করে তাকে **Preposition** বলে। যেমনঃ For, of, on, at, in, to,with, below, throughout, by, during, except, inside, off **ইত্যাদি**।

Example:

I prefer to read **in** the library

(আমি লাইব্রেরিতে পড়তে পছন্দ করি)

The phone is on the table

(ফোনটি টেবিলের উপরে)

you can go **with** me

(আপনি আমার সাথে যেতে পারেন)

Conjunction (সংযোজক অব্যয়):

Conjunction একটি part of speech যা sentence এ বিভিন্ন words, phrases, বা clauses যুক্ত করতে ব্যবহৃত হয়। যেমনঃ and, but, or, for, nor, so, yet, because, if, whether **ইত্যাদি**।

Example:

- I have two sisters **and** one brother.
  (আমার দুটি বোন এবং একটি ভাই আছে।)
- The postman is poor, **but** he is honest.
  (পিয়নটি দরিদ্র, কিন্তু তিনি সৎ)
- We are sad but optimistic.
  (আমরা দুঃখিত কিন্তু আশাবাদী)

Interjection (আবেগসূচক অব্যয়):

যে শব্দগুলো আকস্মিক আবেগ, দৃঢ় অনুভূতি বা মনের ভাব প্রকাশ করে, তাদের **Interjection বলে**। **যেমনঃ** Oh! Alas! Hooray! Ouch! Wow! **ইত্যাদি**।

Example:

Oh! They’re here!

Hooray! I got the job!

Yahoo! I won the game.

Alas! I'm undone!

প্র্যাকটিস

প্রশ্ন-১ঃ নিচের শব্দগুলোর কোনটি Adjective?

a) Laugh b) special c) crime d) miser

প্রশ্ন-২ঃ নিচের শব্দগুলোর কোনটি Conjunction?

a) the b) and c) a d) up

সঠিক উত্তরঃ প্রশ্ন-১ঃ b) special **প্রশ্ন-২ঃ** b) and

ইংরেজি শেখার আপডেট সহ নুতন নুতন
বই/সফটওয়্যার/অ্যাপ সম্পর্কে জানতে নিয়মিত ভিজিট
করুন আমাদের ফেসবুক পেজে

www.facebook.com/learn.English24.bd

Tense

Tense কাকে বলে, কত প্রকার ও কি কি।

কোন কাজ সম্পাদনের সময়কে tense বা কাল বলে। tense বর্তমান, অতীত কিংবা ভবিষ্যত হতে পারে। ইংরেজি বাক্য গঠনের সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় tense.

Tense প্রধানতঃ ৩ প্রকার। যেমনঃ

- ✪ Present Tense (বর্তমান কাল)
- ✪ Past Tense (অতীত কাল)
- ✪ Future Tense (ভবিষ্যৎ কাল)

Present Tense (বর্তমান কাল)

Present Tense এর মোট ৪টি প্রকার রয়েছে।

যেমনঃ

- ✪ Present Indefinite Tense
- ✪ Present Continuous Tense
- ✪ Present Perfect Tense
- ✪ Present Perfect Continuous Tense

Copyright by: Md. Farid Ahmed

Present Indefinite Tense

বর্তমান কালের কোন কাজ, সাধারন ঘটনা, অভ্যাসগত কাজ ও চিরন্তন সত্য বুঝালে Verb এর Present Indefinite Tense হয়।

Structure:

Subject + Main Verb + Object.

Example:

✪ I eat rice - আমি ভাত খাই।

✪ He goes to office everyday - সে প্রতিদিন অফিসে যায়।

✪ The sun rises in the East - সূর্য পূর্ব দিকে উদিত হয়।

✪ Is he hungry? - সে কি ক্ষুধার্ত?

(Question/Interrogative)

Note - Subject third person singular number (he, she, it, কোন ব্যক্তি, বস্তু, জায়গা বা প্রাণীর নাম) বোঝালে verb এর শেষে s বা es বসে।

LearnEnglish99.com
www.Learnenglish99.com

৩৮ তম বিসিএস পরীক্ষা

Fill in the gap with the right tense: When water……..it turns into ice.
a) will freeze b) freezes c) would freeze d) froze

Ans: b) freezes
Note: when দ্বারা যুক্ত দুটি clause এর দ্বিতীয় clause যদি Present Indefinite Tense হয় তবে when clause টিও Present Indefinite Tense হবে । অতএব, সঠিক উত্তর হবে- freezes

LearnEnglish99.com

Present Continuous Tense:

যে Tense দ্বারা বর্তমানে কোন কাজ চলছে বা নিকট ভবিষ্যতে চলবে এরূপ বোঝায় তাকে **present continuous tense** হয়।

Structure:
Subject + be verb (number ও person অনুযায়ী বসবে) + verb(ing) + object.

Example:
✪ আমি ভাত খাইতেছি - I am eating rice.

✪ সে ক্রিকেট খেলছে - He is playing cricket.

২৪ তম বিসিএস পরীক্ষা

Don't make the noise while your father…..
a) is being asleep b) is sleeping c) asleep d) has slept

Ans: b) is sleeping

Present Perfect Tense:

যে tense দিয়ে কোন কাজ শেষ হয়েছে কিন্তু তার ফল এখনও বর্তমান এরকম অর্থ প্রকাশ করে তাকে verb এর **Present Perfect Tense** বলে।

Structure:

Subject + have/has + verb (past participle) + object.

Example:

✪ আমি কাজটি করেছি - I have done the work.

✪ আমি আপেল খাইনি - I have not eaten

apple.

✪ সে কি কাজটি করেছে? - Has he done the work?

একটি বাড়ি একটি খামার প্রকল্পের উপজেলা সমন্বয়কারী ২০১৭

I have done my duty. কোন tense?
a) Present Indefinite b) Present Perfect c) Past Perfect
d) Simple present

Ans: b) Present Perfect

Present Perfect Continuous Tense:

যে tense দিয়ে কোন কাজ পূর্বে শুরু হয়ে বর্তমানে চলছে এমন অর্থ প্রকাশ করে, তাকে **Present Perfect Continuous Tense** বলে।

Note: Present Perfect Continuous Tense এর ক্ষেত্রে ব্যাপক সময় এর পূর্বে for এবং নির্দিষ্ট সময়ের পূর্বে since বসে।

Structure:

Subject + have been/has been + মূল verb এর সাথে ing + since/for/from + time+ extension

Example:

✪ তারা ২ ঘন্টা যাবৎ অপেক্ষা করছে।

They have been waiting for 2 hours.

✪ সে সকাল থেকে ক্রিকেট খেলছে।

He has been playing cricket since morning.

LearnEnglish99.com
www.Learnenglish99.com

ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা- ২০১৮- ১৯

It …….raining since the morning.
a) has been b) had been raining c) was d) were

Ans: a) has been

Note: 'সকাল থেকে বৃষ্টি শুরু হয়ে এখনও চলছে' tense এর রুল অনুযায়ী Present perfect continuous tense, অতএব উত্তর a) has been

Past Indefinite Tense:

অতীত কালের কোন কাজ বোঝাতে বা অতীতের কোন অভ্যাস বোঝাতে Past Indefinite Tense ব্যবহৃত হয়।

Structure:

Subject + past form of main verb + object.

Example:

✪ আমি তাকে সাহায্য করেছিলাম – I helped him.

✪ আমি বিশ্ববিদ্যালয়ে যাইনি – I did not go to University

✪ তুমি কি নতুন চাকুরির জন্য দরখাস্ত করেছিলে? - Did you apply for new job?

www.Learnenglish99.com

বাংলাদেশ মেরিন একাডেমী পরীক্ষা- ২০১৬

The old man …….last Monday.
a) has died b) died c) dead d) had died

Ans: b) died

Note: Sentence এ last, yesterday, ago, last month, day before ইত্যাদি থাকলে Verb সাধারণতঃ past form হয়।
সুতরাং সঠিক উত্তর- b) died

✪ Past Continuous Tense:

অতীতকালে কোন কাজ কিছু সময়কাল ধরে চলছিল এরূপ বোঝালে Past continuous tense হয়।

Structure:
Subject + was/were + verb (ing) + object.

Example:
আমি ভাত খাচ্ছিলাম - I was eating rice.
আমি কফি খাচ্ছিলাম না - I was not having coffee. (Negative)
সে কি ইন্টারনেট ব্রাউজিং করছিল? - Was he browsing internet? (Interrogative)

➢ Click here to go Content page

২৪তম বিসিএস (বাতিল)

My uncle arrived while I.....the dinner.
a) would cook b) had cooked c) cook d) was cooking

Ans: d) was cooking

Note: রুল অনুযায়ী while দ্বারা যুক্ত দুটি clause এর ক্ষেত্রে প্রথম clause টি Past Indefinite Tense হলে while এর পরের clause টি Past Continuous Tense হবে।
অতএব সঠিক উত্তরঃ d) was cooking

✪ Past Perfect Tense :

অতীত কালে দুটি কাজ সম্পন্ন হয়ে থাকলে তাদের মধ্যে যেটি আগে ঘটেছিল তা Past perfect tense হয় এবং যেটি পরে হয়েছিল তা simple past tense হয়।

Structure-1: Subject + had + মূল verb এর past participle + extension
Structure-2: 1st Subject + had + past

participle form of the verb +before + 2nd subject + past form of the verb + ext.

Example:
He had completed the work last week - সে গত সপ্তাহে কাজটি সম্পন্ন করেছিল।
The patient had died before the doctor came - ডাক্তার আসিবার পূর্বে রোগীটি মারা গেল।

✪ Past Perfect Continuous Tense:

অতীতকালে কোন কাজ কোন বিশেষ সময়ের পূর্বে আরম্ভ হয়ে সেই সময় পর্যন্ত চলছিল বোঝালে Past perfect continuous tense হয়। এখানে যদি দুটি ক্রিয়া বা verb থাকে তাহলে যে কাজটি আগে চলছিল তা Past perfect continuous tense হয়।

Structure:

subject + had been + main verb (ing) + extension + since/for + timeframe.

Example:

তিনি একঘন্টা যাবৎ অপেক্ষা করছিলেন – He had been waiting for 1 hour
তারা বিকাল থেকে খেলছিল - They had been

playing since afternoon

✪ Future Indefinite Tense:

ভবিষ্যতে কোন কাজ ঘটবে এরূপ বোঝালে Future indefinite tense হয়।

Structure:

Subject + shall/will + verb (base form) + extension.

Example:

আমি কাজটি করবো - I will do the work.

আমি কাজটি করব না – I will not/won't do the work.

তুমি কি কেনাকাটা করতে যাবে? – Will you go shopping?

✪ Future Continuous Tense:

ভবিষ্যৎ কালে কোন কাজ চলতে থাকবে এরূপ বোঝালে Future continuous tense হয়।

Structure:
Subject + shall be/will be + main verb(ing) + object.

Example:
আমি বইটি পড়িতে থাকিব - I shall be reading the book.
তারা কাজটি করতে থাকিবে - They will be doing the work.

✪ Future Perfect Tense:

ভবিষ্যৎকালে কোন নির্দিষ্ট সময়ে কোন কাজ হয়ে যাবে বোঝালে বা দুটি কাজের মধ্যে একটি আগে হবে বোঝালে Future perfect tense হয়। দুটি কাজের মধ্যে যে কাজটি আগে হবে তা Future perfect tense হয় এবং পরেরটা simple present tense হয়।

Structure:
subject + shall have/will have + verb এর past participle + object.

Example:
বাবা আসার আগে আমি কাজটি করিয়া থাকিব - I shall have done the work before my father comes.

সাইদ আসার আগে আমি কাজটি শেষ করবো - I will have finished the work before Saeed comes

✪ Future Perfect Continuous Tense:

চলমান কোন কাজ যা ভবিষ্যতের নির্দিষ্ট সময় ধরে চলতে থাকবে তাকে Future Perfect Continuous Tense বলে।

ভবিষ্যৎ কালে দুটি কাজের মধ্যে যে কাজটি আগে চলতে থাকবে তা future perfect tense হয় যে কাজটি পরে হবে তা simple present tense হয়।

Structure:

Subject – 1st subject + shall have been/will have been + verb + ing + 1st object + 2nd subject + main verb + 2nd object.

Example:

তুমি ফিরে না আসা পর্যন্ত তারা তোমার জন্য অপেক্ষা করতে থাকবে - They will have been waiting

for you until you come back.
বাবা আসার আগে আমি কাজটি করিতে থাকিব - I shall have been doing the work before my father comes.

Verb

Verb প্রধানত দুই প্রকার। যথা:

- ✪ Finite Verb
- ✪ Non finite Verb

www.Learnenglish99.com

✪ **Finite Verb (সমাপিকা ক্রিয়া):**

যে Verb দ্বারা বাক্যের বক্তব্য পরিপূর্ণভাবে প্রকাশ পায় এবং Subject অনুযায়ী number/person অনুসারে রুপ পরিবর্তন হয় তাকে Finite Verb বলে।

যেমনঃ Azad works in a bank.
They respect the teacher very much.

উপরের উদাহরনে লক্ষ্য করুন, Azad (subject) third person singular number হওয়ায় work (verb) এর সাথে s যুক্ত হয়েছে। আবার দ্বিতীয়

উদাহরণে They Plural হওয়ায় verb এর সাথে s/es যুক্ত হয়নি।

✪ **Non-finite Verb (অসমাপিকা ক্রিয়া) :**

Subject এর Number ও Person দ্বারা যে Verb এর কোন রূপের পরিবর্তন হয় না তাকে Non-finite Verb বলে। এটা কখনো main verb হয় না ও এই Verb দ্বারা কোন বাক্যের অর্থ সম্পূর্ণ প্রকাশ পায় না।

যেমনঃ I come home **walking.**

He gives me to eat.

I **want** sakib **to act** as club secretary.

উপরের উদাহরণে লক্ষ্য করুন, Subject (I) পরিবর্তন হলেও Walking (verb) টি পরিবর্তন হবে না। এখানে walking শব্দটি **Non-finite Verb,**
একইভাবে দ্বিতীয় বাক্যে to eat তৃতীয় বাক্যে to act ও Non-finite Verb.

ইংরেজি শেখার ভিডিও টিউটোরিয়াল পেতে নিয়মিত ভিজিট করুন

আমাদের ইউটিউব চ্যানেল

Shortcut Tips- 1

✪ **Finite Verb-** Shows tense, person & number

✪ **Non-finite Verb –** Does not shows tense, person & number

Shortcut Tips- 2

৩টি কমন structure যা থাকলে অবশ্যই Non-finite Verb হবে।

✪ To + V1= To go.

✪ v + ing (except continuous tense)

✪ v3 (except perfect tense)

>> এ ৩টি ব্যতিত সব finite verb.

Finite Verb দুই প্রকার। যথা:

1. Principal Verb
2. Auxiliary Verb

1. **Principal Verb (প্রধান ক্রিয়া) :**

যে Verb অন্য Verb এর সাহায্য ছাড়াই নিজেই স্বাধীনভাবে সম্পূর্ণ অর্থ প্রকাশ করে ও ক্রিয়া সম্পাদন করে তাকে Principal Verb বলে।

Example :

They play in the field (তারা মাঠে খেলে)

Principal Verb আবার দুই প্রকার।

যথা: Transitive Verb (সকর্মক ক্রিয়া) ও Intransitive Verb (অকর্মক ক্রিয়া) :

✪ **Transitive Verb** (সকর্মক ক্রিয়া)

যে সমস্ত Verb এর Object বা কর্ম থাকে তাদেরকে Transitive Verb বলে।

Example :

The baby is drinking milk.

শিশুটি দুধ পান করছে।

I have bought a book.

আমি একটি বই কিনেছি।

✪ **Intransitive Verb (অকর্মক ক্রিয়া) :**

যে Verb এর Object বা কর্ম থাকে না তাদেরকে

Intransitive Verb বলে।

Example :

> The man died.

(লোকটি মারা গিয়েছিলো)

> He went.

সে গিয়েছিল।

2. Auxiliary Verb (সাহায্যকারী ক্রিয়া) :

Auxiliary Verb কে সাহায্যকারী Verb বলা হয়। Sentence এ ব্যবহৃত যে সব Verb Principal Verb কে সহায়তা করে, সেসকল Verb কে Auxiliary Verb বলে। Auxiliary Verbs Sentence এ ব্যবহৃত হয়ে নিজে কোন অর্থ প্রকাশ করে না।

.

Auxiliary Verb এর তালিকা :

am, is, are, was, were, be, being, been, have, has, had ইত্যাদি।

Example:

I am watching TV.

He has bought a smartphone.

Click here to go Content page

Modal Auxiliaries:

Modal Auxiliaries মূল Verb এর অর্থকে প্রভাবিত করে ও ক্রিয়া সম্পাদনের জন্য যে Auxiliaries ব্যবহার হয় সেসবকে Modal Auxiliaries বলে।

Modal Auxiliaries এর তালিকা : Can/could, may/might, shall/should, will/would, must, dare, need, ought to, used to, have to, be going to, be to, would rather, had better ইত্যাদি।

Example:

I can speak English

Could you help me to solve the problem?

It may rain today.

ইংরেজি শেখার নিয়মিত আপডেট লেসন পেতে ভিজিট করুন আমাদের ফেসবুক পেজে

www.facebook.com/learn.English24.bd

Subject Verb Agreement এর গুরুত্বপূর্ন রুল

(শর্টকাট টেকনিক সহ)

Rule- 1

বাক্যে Subject যদি Singular হয় তাহলে Verb টিও Singular হবে, একইভাবে Subject টি Plural হলে Verb টি Plural হবে। এটি Subject verb agreement এর কমন একটি রুল।

Example

✪ Sohel is the leader of our team.

সোহেল আমাদের দলের নেতা।

✪ The boys are running in the field

ছেলেরা মাঠে দৌড়াচ্ছে।

Rule- 2

দুটি Singular Noun যদি "and' দ্বারা সংযুক্ত থাকে তবে Auxiliary Verb হিসেবে "are" বসবে।

Example

✪ Tuhin and Rafiq are working very well.

তুহিন এবং রফিক খুব ভালো কাজ করছে।

>> And দ্বারা যুক্ত হয়েও যদি Noun গুলি একটি মাত্র ভাব প্রকাশ করে তবে Auxiliary Verb Singular হয়।

✪ Bread and butter is my favorite breakfast.

পাওরুটি এবং মাখন আমার পছন্দের নাস্তা।

Rule- 3

With, as well as, together with, along with, accompanied by, in addition to দ্বারা বাক্যে কোন Noun বা Pronoun যুক্ত হলে দুটি subject এর মধ্যে প্রথম subject অনুযায়ী verb ব্যবহার হবে।

Example

✪ **Tipu** as well as his friends **is** going to Cox'sbazar.

টিপু সেই সাথে তার বন্ধুরাও কক্সবাজার যাচ্ছে।

✪ **He** along with his business partners **has** attended the meeting.

তিনি তার ব্যবসায়িক অংশীদারদের সাথে বৈঠকে উপস্থিত ছিলেন।

✪ **Mr. Azad** accompanied by his children **has** attended the party.

জনাব আজাদ তার ছেলেমেয়েদের সাথে পার্টিতে উপস্থিতি হয়েছিলেন।

➢ Click here to go Content page

Rule- 4

a) Either- or, neither.....nor, not only/but also দুটি Subject দ্বারা যুক্ত হলে দ্বিতীয় বা শেষের Subject অনুযায়ী Verb Singular বা Plural হবে।

Example

✪ Either he or his brother is guilty.

হয় সে অথবা তার ভাই অপরাধী।

✪ Not only I but also you are coming today.

শুধু আমি নয় তুমিও আজ আসছো।

২৯ তম বিসিএস পরীক্ষা

Neither Rini nor Simi…..qualified for the job.

a) are b) is c) were d) had

Ans: b) is

Rule- 5

কোন Sentence যদি Gerund, Infinitive দ্বারা শুরু হয় তবে সেক্ষেত্রে অবশ্যই Singular Verb ব্যবহার হবে।

Example

✪ Walking is a good exercise.
হাটা খুব ভাল ব্যয়াম।

✪ Being honest is a great virtues
সৎ হওয়া একটা মহৎ গুণ।

✪ Smoking is forbidden in the public place.
পাবলিক প্লেসে ধুমপান করা নিষেধ।

✪ To collect Islamic books **is** my hobby (Infinitive)
ইসলামী বই সংগ্রহ করা আমার শখ।

Rule- 6

One of the এর পরে verb singular হয়।

Example

✪ One of the villagers was literate.
গ্রামবাসীদের মধ্যে একজন শিক্ষিত ছিলেন।

২৪ তম বিসিএস (বাতিল) পরীক্ষা

At least one of the students…..full marks every time.
a) get b) are getting c) gets d) have got.

Ans: c) gets

Rule- 7

News, politics, mathematics ইত্যাদি দেখতে plural হলেও singular হওয়ায় verb ও singular হবে।

Example: Mathematics **is** my favorite subject.

Rule- 8

Subject এর headword যদি singular হয় verb ও singular যদি plural হয় verb ও plural হবে। যেমনঃ The mangoes of Rajshahi are popular.

Rule- 9

Noun এর পূর্বে সংখ্যাবাচক শব্দ যেমনঃ dozen, hundred, thousand, pair ইত্যাদি থাকলে verb singular হয়।

Example: One dozen of oranges **is** sufficient.

Rule- 10

সময় ও পরিমাপ উল্লেখ থাকলে singular verb বসবে।

যেমনঃ Two hours is required to cook the recipe.

Rule- 11

Presentence ও fraction থাকলে পরবর্তী noun অনুযায়ী verb হবে। যেমনঃ One third of the report has been written.

Rule- 12

একই দৈর্ঘ্য, পরিমাণ বা স্থান বুঝালে subject দেখতে plural হলেও verb singular হয়।

Example

✪ 40 miles is a long way - ৪০ মাইল দীর্ঘ পথ।

✪ 10 Minutes is enough to explain this topic

এই বিষয়টি ব্যাখ্যা করবার জন্য ১০ মিনিট সময়ই যথেষ্ট।

Rule- 13

LearnEnglish99.com
www.Learnenglish99.com

Subject এর আগে যদি "each", "every" বা "no" থাকে তবে Auxiliary verb টি Singular হবে।

Example

✪ Every student is present today.

প্রত্যেক শিক্ষার্থী আজ উপস্থিত।

✪ No smoking is allowed.

ধূমপান অনুমোদিত নয়।

www.Learnenglish99.com

Rule- 14

বই/দেশের নাম দেখতে plural হলেও তাদের পরে singular verb বসে।

Example

✪ "The hundreds" is a famous book.

"দা হানড্রেডস" একটি বিখ্যাত বই।

✪ The United States of America is a rich country.

যুক্তরাস্ট্র একটি ধনী দেশ।

Rule- 15

Collective Noun গুলি সাধারণত singular এবং এদের পরে verb singular হয়।

Example

✪ Bangladesh Army is doing a great job for Rohinga refugees.
বাংলাদেশ সেনাবাহিনী রোহিঙ্গা শরনার্থীদের জন্য ভাল কাজ করছে।

Rule- 16

Information, knowledge, advice, deer ইত্যাদি সর্বদা singular হিসাবে এদের পরের verb singular হবে।

Example: Your Information was totally wrong.

Shortcut Tips- 1

One/body/thing..... ...নিচের শব্দগুলো থাকলেই verb (singular)	
✪ Someone, anyone, everyone, each on ✪ Somebody, anybody, everybody, nobody ✪ Something, anything, everything, nothing	Verb (singular)

Example:
Someone wants you on the phone.
Something **is** better than nothing.
Everything **has** been taken care of.

Shortcut Tips- 2

নিচের **Phrase** গুলো থাকলেই **Verb (singular)** হবে।			
Each of One of either of Neither of everyone of	Noun (plural)	Verb (singular)	Ext.
Example: **One of** the villagers **was** literate. **Each of** the Students **was** present. **Neither of** the two brothers **was** present in the class.			

➢ Click here to go Content page

Shortcut Tips- 3

With, as well as, together with, along with, accompanied by	Either- or, neither.....nor, not only/but also
1st Subject অনুযায়ী Verb	2nd Subject অনুযায়ী Verb
Example **Sima** as well as his friends **is** going to coxbazar.	**Example** Neither the captain nor the **players are** present.

Subject verb agreement অনুযায়ী ইংরেজি বড় বাক্য তৈরি (ফ্রিহ্যান্ড রাইটিং)

জনাব হাবিব ঔষধ প্রস্তুতকারী প্রতিষ্ঠান সেবা ফার্মাসিটিউক্যালস এর একজন পরিচালক। তিনি তার ব্যবসায়িক অংশীদারগণসহ মিটিংএ উপস্থিত হয়েছিলেন। মিটিং এর প্রধান এজেন্ডা ছিল- ঔষধের গুণগত মান নিশ্চিত করা। জনাব আসিফ যিনি হলেন বাংলাদেশের বিখ্যাত কেমিষ্টদের অন্যতম উক্ত মিটিংএ এ বিষয়ে তার গুরুত্বপূর্ণ মতামত উপস্থাপন করেছেন।

Mr. Habib is a Director of medicine manufacturer firm “Seba pharmaceuticals”. He along with his business partners attended the meeting. The main issue of the meeting was to ensure the quality of the drag. **Mr Habib,** who is one of famous chemists of Bangladesh **has** presented important opinion about the topic.

স্পোকেন ইংলিশ শেখার অনন্য বই (হার্ডকপি)

Smart English

(Part-1 & 2)

দুটি বই একত্রে ডেলিভারী চার্জসহ - ৪২৫ টাকা

বই দুটি অর্ডার করতে ফোন করুন আমাদের হটলাইনে

হটলাইন- 01903634668, 01732071471

Right forms of verbs এর ৫০টি গুরুত্বপূর্ণ রুল

(শর্টকাট টেকনিক সম্বলিত)

✪ Rule- 1.

Present Indefinite Tense এর subject যদি third person singular number হয় তাহলে verb এর শেষে s, es যোগ হবে। subject যদি plural number হয় তাহলে verb এর শেষে s/es যোগ হবে না।

যেমনঃ

He **plays** football.
She writes a letter.
They **play** football.

✪ Rule- 2.

Present indefinite Tense এর বাক্যের subject third person ও singular number বাক্যটি যদি negative হয় তাহলে তাতে does not ব্যবহৃত হয় এবং তখন verb এর সাথে s/es হয় না।

যেমনঃ

He goes to market. (Affirmative)
(সে বাজারে যায়)

He does not go to market. (Negative)
(সে বাজারে যায় না)

✪ **Rule- 3.**

Modal Auxiliary verb (Can, could, may, might, shall, should, will, would, must, need, dare, have to etc.) এর পরে verb এর present form বসে এবং verb এর সাথে কোন কিছু যোগ হয় না।

যেমনঃ He **can do** the work.
I **shall go** to University.
You **should study** attentively.

শর্টকাট টেকনিক (Right forms of verbs)

Verb (Base form)	Example
Present indefinite	He **goes** to School.
Future indefinite	I shall **play** football.
Modal auxiliary	You must **obey** your teacher.
Universal truth	The sun **rises** in the east.
Habit	They **go** to gym everyday.
Had better	You had better **go** there.
Would rather	I would rather **starve** than beg.
Lest	You must study hard, lest you **fail**.
Infinitive	I like to **take** coffee.

Verb (ing)	**Example**
Present Continuous	He is **going** to university.
Past Continuous	I was **playing** football.
Future Continuous	I shall be **reading** the book.
Preposition	He is capable of **solving** the problem.
Can/could not help	She cannot help **laughing**.
While	While **playing** in the field, a man calls him.
Would you mind?	Would you mind **opening** the door?
Gerund	**Swimming** is a good exercise.
Present participle	I saw him **playing.**

Verb (Past participle)	**Example**
Present perfect	I have **done** the work.
Past perfect	I had **given** the mobile.
Future perfect	They will have **finished** the

	work.
Having	Having **learnt** Computer I will go to UK.
Passive voice	Football is **played** by them.
To be……	It is to be **done** as soon as possible.

LearnEnglish99.com
www.Learnenglish99.com

✪ **Rule- 4.**

Sentence এ yet, just, just now, recently, already, lately, ever ইত্যাদি থাকলে present perfect tense হবে।

যেমনঃ I have seen him lately.

Have you ever been to Coxbazar?

২৪ তম বিসিএস পরীক্ষা

Just now he….his dinner but he says he will see you when he's finished.

a) is having b) has had c) was having d) had

Ans: b) has had

✪ Rule- 5.

বাক্যটি যদি universal truth (চিরন্তন সত্য) হয় এবং অভ্যাসগত কাজ বোঝায় তাহলে present indefinite tense হবে।

যেমনঃ The earth moves round the sun.
The **sun rises** in the east.

www.Learnenglish99.com

✪ Rule- 6.

While এর পর verb থাকলে সেটির সাথে ing যোগ হয়। কিন্তু while এর পর subject থাকলে এর অংশটি past continuous tense হয়।
While it was raining, I was **watching** TV.
While taking dinner, he **received** the phone.

২৪ তম বিসিএস পরীক্ষা

Don't make the noise while your father…..
a) is being asleep b) is sleeping c) asleep d) has slept

Ans: b) is sleeping

✪ **Rule- 7.**

Simple Sentence এর দুটি verb থাকলে দ্বিতীয় verb এর সাথে ing যোগ হয়।

যেমনঃ He saw the boy playing in the field.

I heard him speaking English.

LearnEnglish99.com
www.Learnenglish99.com

✪ **Rule- 8.**

Had rather, let, would better, had better, need not, do not, does not, did not, did never ইত্যাদি এরপর present form of verb বসে।

যেমনঃ

I had better go home.

I would rather die than beg.

I won't let you go.

✪ **Rule- 9.**

Sentence এ yesterday, ago, as soon as, last year, last month, that day, day before ইত্যাদি থাকলে past indefinite tense হবে।

যেমনঃ

He **came** home yesterday
I **went** to Khulna **last month.**
He didn't go to University yesterday.

২৪তম বিসিএস পরীক্ষা

I opened the door as soon as I…..the bell.
a) have heard b) was hearing c) am heard
d) heard

Ans: d) heard

✪ Rule- 10.

Mind, would you mind, Do you mind, could not help, cannot help এর পরে verb এর সাথে ing যোগ হয়।

যেমনঃ

Do you mind keeping the phone here?
(এখানে ফোনটি রাখলে তোমার অসুবিধা হবে কি?)

Would you mind closing the door?
(দরজাটি বন্ধ করলে আপনার সমস্যা হবে?)

✪ **Rule- 11.**

With a view to/look forward to, get used to এর পর verb এর সাথে ing যোগ হবে।

যেমনঃ I'm looking forward to seeing you
(আমি তোমার পথপানে তাকিয়ে আছি)

I went shopping with a view to buying a mobile.

www.Learnenglish99.com

৩৩ তম বিসিএস পরীক্ষা

We look forward….a response from you.
a) to receiving b) to receive c) in receiving
d) for receiving

Ans: a) to receiving

✪ **Rule- 12.**

Each, every, either, neither, everyone, everybody, One of the, everything, anybody,

nobody, no one, nothing, anything ইত্যাদি থাকলে verb এর singular number ব্যবহৃত হয়। যেমনঃ

Each of the students **was** present.
One of the robbers **was** very clever.
Neither of the two brothers **was** present in the class.

✪ Rule- 13.

ব্র্যাকেটে (be) থাকলে person, number এবং tense অনুযায়ী am/is/are/was/were/been হবে।

যেমনঃ

Allah (be) everywhere.
Allah is everywhere.

It (be) ten years ago.
It was ten years ago.

One of my friends (be) a polite person.
One of my friends is/was a polite person.

✪ Rule- 14.

বই/দেশের নাম দেখতে plural হলেও তাদের পরে

www.Learnenglish99.com

singular verb বসে।

যেমনঃ

"The hundreds" is a famous book.

("দা হানড্রেডস" একটি বিখ্যাত বই)

The United States of America is a rich country.

(যুক্তরাষ্ট্র একটি ধনী দেশ)

LearnEnglish99.com
www.Learnenglish99.com

✪ Rule- 15.

কোন Sentence যদি Gerund দ্বারা শুরু হয়, অর্থাৎ, Subject এর স্থানে Verb থাকে তবে সেক্ষেত্রে অবশ্যই Verb+ing যুক্ত হবে।

যেমনঃ

Walking is a good exercise.

(হাটা খুব ভাল ব্যয়াম)

Helping the poor is a quality of an honest guy

(দরিদ্রকে সাহায্য করা একজন সৎ লোকের গুণ)

Being honest **is** a great virtue

(সৎ হওয়া একটা মহৎ গুণ)

✪ Rule- 16.

Sentence এ যদি now বা at this moment থাকে, তাহলে Verb এর Present Continuous Tense হয়।

যেমনঃ

The boy is coming now.

We are eating now.

They are playing in the field at this moment.

✪ Rule- 17.

Always, often, regularly, sometimes, daily, everyday ইত্যাদি থাকে (এক্ষেত্রে যদি সময়ের উল্লেখ না থাকে), তবে present indefinite tense হবে।

যেমনঃ

Tipu always disturbs me.

He prepares his assignment regularly.

✪ Rule- 18.

Sentence এর শুরুতে যদি would that থাকে তাহলে subject এর পর could বসে এবং এরপর verb এর present form বসে।

যেমনঃ

Would that **I could be** a writer like William Shakespeare.
Would that **I could buy** a Samsung Smartphone.
Would that I **could** visit Sent martin!

www.Learnenglish99.com

✪ **Rule- 19.**

Adjective এর আগে the বসলে subject টি plural হয় এবং সেই অনুযায়ী verb বসে।

যেমনঃ

The rich are not always happy.
The poor live from hand to mouth.

✪ **Rule- 20.**

As if, as though দ্বারা দুইটি clause যুক্ত হলে প্রথম clause টির verb present tense এর হলেও পরবর্তী clause টির verb এর past indefinite tense হয়।

যেমনঃ He talks as if he were (was নয়) fool - সে বোকার মত কথা বলে।

The Man behaves as if he owned the property - লোকটির হাবভাব দেখে মনে হয় সে যেন এই সম্পত্তির মালিক।

৩০তম বিসিএস পরীক্ষা

Rishan walks as if he…..lame.
a) is b) had been c) has d) were

Ans: d) were

www.Learnenglish99.com

✪ **Rule- 21.**

To এর পরে সাধারণতঃ verb এর present form বসে।

You need **to go** there in time.
I will go to market to buy a mobile.

✪ **Rule- 22.**

Since বা for এর পর সময়ের উল্লেখ থাকলে সেটি present perfect continuous tense হবে।

He has been playing cricket since morning.
They have been waiting for 2 hours.

✪ **Rule- 23.**

যদি had/if যুক্ত clause টি past indefinite tense হয় তাহলে পরের clause টি তে subject এর পর would/could/might বসে এবং verb এর present form হয়।

If he came, **I would go** to the market.
If I were rich enough, **I would go to America**.

যদি had/if যুক্ত clause টি past perfect tense হয় তাহলে পরের clause টি তে subject এর পর would have/could have/might have বসে এবং verb এর past participle form হয়। যেমনঃ
If he had come, I would have gone home.

➢ Click here to go Content page

✪ Rule- 24.

একই দৈর্ঘ্য, পরিমাণ বা স্থান বুঝালে subject দেখতে plural হলেও verb singular হয়। যেমনঃ

> 40 miles is a long way- ৪০ মাইল দীর্ঘ পথ

> 10 Minutes is enough to explain this topic
(এই বিষয়টি ব্যাখ্যা করবার জন্য ১০ মিনিট সময়ই যথেষ্ট)

> 6,000 Taka is enough to buy a new mobile
(একটি নতুন মোবাইল ফোন কিনতে ৬,০০০ টাকাই যথেষ্ট)

www.Learnenglish99.com

✪ Rule- 25.

Wish/fancy/it is time/it is high time ইত্যাদি থাকলে verb এর past tense হবে।

I **wish I won** the game.
It is **high time you changed** your bad habits.

✪ Rule- 26.

(can, could, may, might, shall, should, will, would etc.) এর পরে যদি be থাকে verb এর past participle form বসে।

যেমনঃ

It can be done.

It can be written.
This problem can be solved.

✪ Rule- 27.

বর্তমানে কোন কাজ সম্পন্ন হয়েছে এরূপ অনুমান বুঝালে তখন verb এর future perfect tense হবে,
Subject + shall/will + have + verb (past participle)

যেমনঃ Ruhi will have reached New Market by this time.

রুহী হয়ত (নিশ্চিত অনুমান) এতক্ষনে নিউমার্কেট পৌছে থাকবে।

✪ Rule- 28.

If দ্বারা যুক্ত clause টি যদি present indefinite tense হয় তাহলে পরের clause টি future indefinite tense হবে।

If he comes, I'll go.
If you want it, I'll buy.

✪ Rule- 29.

By এর পর verb এর সাথে ing যোগ হবে।

You can solve it **by trying** more.
You can enjoy the game **by watching** TV.

✪ **Rule- 30.**

বাক্যে have/has থাকলে সেটি present perfect tense হবে।

I have finished the word.
He has done the work.

✪ **Rule- 31.**

For, of, in, without, with, before, after ইত্যাদি preposition এর পরে verb এর সাথে ing যোগ হয়।

You can't go to office without taking permission.

✪ **Rule- 32.**

বর্তমান কালে চলছে এমন কোন কাজ বোঝালে present continuous tense হয়।

He is watching the game at the stadium.
They are playing cricket.

ইংরেজি শেখার নিয়মিত আপডেট লেসন পেতে ভিজিট করুন www.learnenglish99.com

✪ Rule- 33.

কোন sentence যদি there দ্বারা শুরু হয় এবং তারপর singular number থাকে তবে there এর singular verb হয়, আর যদি there এর পর plural number থাকে তবে plural verb হয়।

যেমন:

There is a mosque in this village.
There are deer in this jungle.

www.Learnenglish99.com

✪ Rule- 34.

Main clause এর verb টি past tense হলে ও পরের অংশে next day, next week, next month, next year ইত্যাদি উল্লেখ থাকলে subject এর পরে should/would বসে।

যেমন: He told that he would come here the next year.

✪ Rule- 35.

দুইয়ের অধিক pronoun/subject যদি and দিয়ে

যুক্ত হলে verb টি plural হয়।

যেমনঃ You, he and I **are** going to the market.

✪ **Rule- 36.**

Interrogative sentence এর যদি who, why, what, which, when ইত্যাদি question word দিয়ে শুরু হয় তাহলে subject এর আগে tense ও person অনুযায়ী auxiliary verb ব্যবহার করতে হবে।

যেমন:

What you (say)?

Ans: What do you say?

Why he (learn) English?

Ans: Why does he learn English?

✪ **Rule- 37.**

since দ্বারা দুটি clause যুক্ত থাকলে এবং since এর আগের অংশ present indefinite/present

perfect tense হলে পরের অংশ verb এর past indefinite tense হয়।

যেমনঃ It is many years since he came to Dhaka.

LearnEnglish99.com
www.Learnenglish99.com

✪ **Rule- 38.**

since দ্বারা clause যুক্ত থাকলে এবং since এর আগে clause বা বাক্যের অংশ past indefinite tense হলে পরের অংশ verb এর past perfect tense হয়।

যেমনঃ Many years passed since I had lost my camera.

✪ **Rule- 39.**

কোন sentence এর subject singular number হলে verb singular হয় এবং subject plural number হলে verb plural হয়। যেমনঃ He is a

good guy.

They are playing football.

✪ Rule- 40.

কোন sentence যদি it দ্বারা শুরু হয় তাহলে তার পরবর্তী verb singular number হবে।

যেমনঃ It (to be) very easy to do.

Ans: It is very easy to do.

www.Learnenglish99.com

✪ Rule- 41.

Passive voice এর সময় tense ও person অনুযায়ী auxiliary verb ও verb এর past participle form বসে।

English is spoken all over the world.
We are taught English by online.

✪ Rule- 42.

Lest দ্বারা দুটি clause যুক্ত থাকলে, Lest এর পরবর্তী

subject এর সাথে modal auxiliary (should/might) বসে।

যেমনঃ Read attentively lest you should fail in the exam.

✪ Rule- 43.

Each, any, no, some, something এসব শব্দের পরে singular noun থাকলে auxiliary Verb ও singular হবে।

যেমনঃ

Each and everyone has the right to say this.
প্রত্যেকেরই এটা বলার অধিকার আছে।

Something **was** under the table.
টেবিলের নিচে কিছু ছিলো।

✪ Rule- 44.

After এর পরের এবং before এর আগের clause টি past perfect tense হবে এবং অন্য clause টি past indefinite tense হবে।

যেমন: The bus had left the station before we reached.

✪ **Rule- 45.**

একাধিক subject “and” দিয়ে যুক্ত হলে plural verb হয়।

যেমনঃ

She and he are siblings.

Tomal and Tarek are good friends.

www.Learnenglish99.com

✪ **Rule- 46.**

Uncountable noun (Oxygen, air, water, milk, smoke) ইত্যাদির ক্ষেত্রে singular verb হয়।

যেমনঃ

Milk is good for health.

Water is very important for life.

✪ **Rule- 47.**

Verb “to be” বিহীন sentence কে Negative

করতে হলে Tense ও subject এর Number ও person অনুসারে do, does, did ব্যবহার করতে হবে।

যেমনঃ We not (play) cricket

Ans: We don't play cricket

LearnEnglish99.com
www.Learnenglish99.com

✪ Rule- 48.

বাক্যে Tomorrow, next, coming, in the days ইত্যাদি থাকলে future indefinite tense হয়।

Example:

I will go to university tomorrow.

He will come here next week.

✪ Rule- 49.

Having এর পরে মূল verb এর past participle হয়।

যেমনঃ

Having learnt Computer I will go to America

(কম্পিউটার শিখে আমি আমেরিকা যাব)

✪ Rule- 50.

"To be" verb (am, is, are, was, were) ইত্যাদি থাকলে Passive voice এর ক্ষেত্রে verb এর past participle হয়।

যেমনঃ The laptop was stolen by thief.

LearnEnglish99.com
www.Learnenglish99.com

The Modal Auxiliaries

যে সমস্ত Auxiliary Verbs মূল Verb এর সাথে যুক্ত হয়ে বিভিন্ন অর্থ প্রকাশ করে তাকে Modal Auxiliaries বলে।

Modal Auxiliaries এর তালিকা: Can/could, may/might, shall/should, will/would, must, dare, need, ought to, used to, have to, be going to, be to, would rather, had better.

Note: Modal verb এর পরে verb এর সাথে কোন কিছু (S, es, ing) যোগ না হয়ে verb এর present form বসবে।

Uses of Modal Auxiliaries

Can এর ব্যবহার

✪ Permission (অনুমতি) বুঝাতে Present এবং Future Tense এ সকল Person এ can ব্যবহৃত হয়।

যেমনঃ Can I use the Mobile? (আমি কি মোবাইলটি ব্যবহার করতে পারি?)

✪ Ability (ক্ষমতা বা সামর্থ্য) বুঝাতে:

যেমনঃ I cannot swim (আমি সাঁতার কাটতে পারিনা)

She can draw well (সে ভালো আঁকতে পারে)

✪ Request বুঝাতে:

যেমনঃ Can you give me a hand?

(তুমি কি আমাকে সাহায্য করতে পার?)

✪ Suggestion (প্রস্তাব) বুঝাতে:

যেমনঃ I can buy it if you want (যদি আপনি চান তবে আমি এটা কিনতে পারি)

✪ দক্ষতা বুঝাতে can ব্যবহৃত হয়।

যেমনঃ I can speak English (acquired knowledge)

(আমি ইংরেজি বলতে পারি)

Could এর ব্যবহার

www.Learnenglish99.com

✪ Polite request বুঝাতে:

যেমনঃ Could you help me to solve the problem?

(তুমি কি আমাকে সমস্যাটি সমাধান করতে সাহায্য করতে পারবে?)

✪ Permission (অনুমতি) অর্থে:

Could I use your book? (আমি কি বইটি ব্যবহার করতে পারি?)

✪ Suggestion (প্রস্তাব) বুঝাতে:

You could consult to a lawyer about the matter.

(আপনি এই বিষয় সম্পর্কে একজন আইনজীবীর সঙ্গে পরামর্শ করতে পারেন)

✪ Past ability (অতীত ক্ষমতা) বুঝাতে:

When I was young, I could play football.
(যখন আমি তরুণ ছিলাম, তখন আমি ফুটবল খেলতে পারতাম)

www.Learnenglish99.com

May এর ব্যবহার

কোন কাজের সম্ভাবনা বুঝাতে May বসে।
যেমনঃ

✪ আজ বৃষ্টি আসতে পারে-- It may rain today.
✪ সে আজ যেতে পারে-- He may go today.

অনুমতি চাওয়া বুঝাতে may বসে।

✪ আমি কি তোমায় সাহায্য করতে পারি? -- May i help you?
✪ আমি কি ভিতরে আসতে পারি? -- May i come in?

ইচ্ছা বা প্রার্থনাসূচক বাক্যে May বসে।

✪ আল্লাহ তোমার মঙ্গল করুক! - May God bless you!

✪ তুমি দীর্ঘজীবি হও--May you live long.

কোন ব্যক্তি বা বস্তুর ক্ষেত্রে "হতে পারে" বুঝালে may be বসে।

✪ কলমটি দামী হতে পারে - The pen may be costly.

✪ এটা গরম হতে পারে - This may be hot

'Might' এর ব্যবহারঃ

✪ Possibility (সম্ভাবনা may থেকে কম সম্ভব) প্রকাশ করতেঃ

যেমনঃ He might come today (তিনি আজ আসতে পারেন)

✪ **Conditional** এবং পূর্বে প্রকাশিত Past verb এর ক্ষেত্রে might ব্যবহার হয়

যেমনঃ If I saw him, I might suggest

him.
(আমি যদি তাকে দেখতাম, তবে আমি তাকে সাজেসন দিতাম)

SHALL এর ব্যবহারঃ

- ভবিষ্যতের কোন ঘটনা ঘটবে বুঝাতে সাধারণত I/we এর সাথে shall ব্যবহার হয়। যেমনঃ I shall go there. (আমি সেখানে যাবো)
- Requests, offers ও suggestions বুঝাতেঃ shall ব্যবহার হয়।

যেমনঃ Shall we solve the problem? = আমরা কি সমস্যাটি সমাধান করব?

Let's solve the problem = চলুন সমস্যাটি সমাধান করি

'Should' এর ব্যবহারঃ

- Duty বুঝাতেঃ

যেমনঃ We should obey our parents
(আমাদের পিতামাতাকে মান্য করা উচিৎ)

✪ উপদেশ বুঝাতেঃ

যেমনঃ You should stop smoking (তোমার ধূমপান বন্ধ করা উচিৎ)

✪ কিছু করা উচিত ছিল.. এরকম প্রকাশ পেলেঃ

যেমনঃ We should have visited Sundarban. (আমাদের সুন্দরবন ভ্রমণ করা উচিত ছিলো)

✪ কোথাও কিছু থাকা উচিত.....

There should be a school in this village- এই গ্রামে একটি স্কুল থাকা উচিত

✪ অনুমান বুঝাতে should ব্যবহৃত হয়।

যেমন: It should be raining now.

➤ Click here to go Content page

ইংরেজি শেখার আপডেট জানতে নিয়মিত ভিজিট করুন আমাদের ফেসবুক পেজে

www.facebook.com/learn.English24.bd

'Will' এর ব্যবহারঃ

✪ ইচ্ছা, আদেশ, অনুরোধ বুঝাতেঃ

যেমনঃ Will you please stop talking?
(তুমি কি কথা বলা বন্ধ করবে?)
I will buy a car (আমি একটা গাড়ি কিনবো)

✪ অনুরোধ বুঝাতেঃ

যেমনঃ Will you sent the E-mail for me, please?
(তুমি কি আমার জন্য মেইলটা পাঠাবে?)

✪ দৃঢ় প্রতিশ্রুতি বুঝাতেঃ

যেমনঃ I will go there at any cost (আমি যে কোনভাবেই হোক সেখানে যাবো)

✪ ভবিষ্যদ্বাণী এবং অনুমান বুঝাতেঃ

যেমনঃ I think he will be able to do it.
(আমি মনে করি তিনি এটা করতে সক্ষম হবেন)

Would এর ব্যবহার

✪ **Polite request, offer, invitations** বুঝাতেঃ

যেমনঃ Would you open the door, please?
তুমি কি দয়া করে দরজাটি খুলে দিবে?

Would you like something to drink?
তুমি কি কিছু পান করতে চাও?

✪ **Preference** বুঝাতেঃ like, love, prefer এর সাথে would ব্যবহৃত হয়।
যেমনঃ I would like to have a cup of tea.
আমি এক কাপ চা খেতে চাই।

✪ **If clause** টি past tense এ থাকলে Principal clause এ subject এর পরে would বসে।

যেমনঃ If you wanted, I would wait you.
তুমি চাইলে আমি তোমার জন্য অপেক্ষা করতাম

✪ **Preference** (অধিকতর পছন্দ) বুঝাতে rather/sooner এর সাথে would ব্যবহৃত হয়। would rather/would sooner এর পরে verb এর present form ব্যবহৃত হয়।
যেমনঃ He would rather die than beg (সে মরবে তবু ভিক্ষা করবে না)

Used to (করতাম, যেতাম ইত্যাদি অতীত অভ্যস্ত বুঝাতে)

গঠনঃ Sub+ used to + verb1+ ext.

✪ I used to develop websites- আমি ওয়েবসাইট তৈরি করতাম।

✪ I used to live in Canada - আমি কানাডায় বাস করতাম।

✪ I used to like vegetables - আমি শাকসবজি পছন্দ করতাম।

✪ I used to go to the park - আমি পার্কে যেতাম।

Had better

You'd better go for a walk = তুমি বরং হাটতে বের হও।

You'd better help the poor = তুমি বরং গরিবদেরকে সাহায্য কর।

You'd better invite your friends = তুমি বরং তোমার বন্ধুদেরকে নিমন্ত্রন কর।

You had better take rest = তুমি বরং বিশ্রাম নাও।

Have to/ has to এর ব্যবহার

বাধ্যবাধকতা বুঝাতেঃ (করতে হবে, যেতে হবে এ ধরনের কথার ক্ষেত্রে) have to/ has to বসবে।

Example:

- ✪ I have to do - আমাকে করতে হবে
- ✪ I have to go - আমাকে যেতে হবে
- ✪ I have to play - আমাকে খেলতে হবে
- ✪ I have to learn - আমাকে শিখতে হবে
- ✪ I have to earn - আমাকে উপার্জন করতে হবে

MUST এর ব্যবহার

✪ বাধ্যবাধকতা বুঝাতেঃ

You must obey your parents.
(তোমার অবশ্যই পিতামাতাকে মান্য করা উচিত)

✪ দৃঢ় সংকল্প বুঝাতে:

I must see him succeed. (আমি অবশ্যই তাকে

সফল দেখতে চাই)

NEED এর ব্যবহার

Modal হিসাবে ব্যবহারের ক্ষেত্রে need নেতিবাচক অর্থ প্রকাশ করে। modal হিসাবে need Present Indefinite Tense এ ব্যবহৃত হয়।

উদাহরণঃ You need not hurry (তোমার তাড়াহুড়ার প্রয়োজন নেই)

Modal হিসেবে Dare এর ব্যবহারঃ

Modal হিসেবে Dare কোন কিছুর সাহস বুঝাতে ব্যবহার হয়।

উদাহরণঃ How **dare** you say that!

How **dare** you laugh at me!

ইংরেজি শেখার ভিডিও টিউটোরিয়াল পেতে নিয়মিত ভিজিট করুন

আমাদের ইউটিউব চ্যানেল

Relative pronoun

যে Pronoun পূর্বে উল্লেখিত কোন noun এর পরে বসে তার সাথে সম্পর্ক স্থাপন পূর্বক দুটি sentence কে যুক্ত করে তাকে Relative pronoun বলে।

Relative pronoun গুলো হচ্ছে- Who, which, whom, that, what ইত্যাদি। এগুলো ছাড়াও But ও As Relative pronoun হিসাবে ব্যবহার হয়।

Who

Pronoun যদি ব্যক্তিবাচক তথা মানুষের পরিবর্তে (I, you, we, they, he) ব্যবহৃত হয় তবে তার পরিবর্তে Who বসে।

যেমনঃ

I met a girl. She is a student.
>> I met a girl who is a student.

Whom কখন বসে?

Pronoun যদি হয় objective (me, him, her, them ইত্যাদি) হয় সেক্ষেত্রে whom বসবে।

যেমনঃ

Humayun Ahmed is a renowned writer. I met him Bangla Academy premises.

>> Humayun Ahmed whom I met in Bangla Academy premises is a renowned writer.

(হুমায়ুন আহমেদ, যিনি একজন প্রখ্যাত লেখক যার সাথে আমার দেখা হয়েছিল বাংলা একাডেমি প্রাঙ্গনে)

www.Learnenglish99.com

Which

Pronoun যদি বস্তু বা অব্যক্তিবাচক হয় তবে তার পরিবর্তে which ব্যবহৃত হয়।

যেমনঃ

This is the mobile which I wanted to buy.
(এটি সেই মোবাইল যা আমি কিনতে চেয়েছিলাম)

The book which is out of stock now has all the information you need.

That

ব্যক্তি বা বস্তু উভয় ক্ষেত্রে that ব্যবহার হয়। কখনো কখনো Who, which/whom এর পরিবর্তে that ব্যবহার হয়।

উদাহরণঃ

This is the man that (who) lost his camera.

This is the book (Smart English) that everyone is talking about.

www.Learnenglish99.com

What

শুধুমাত্র বস্তুকে নির্দেশ করতে What ব্যবহৃত হয়। এটা মূলতঃ that ও which একত্রে যে অর্থ প্রকাশ করে What ব্যবহারে একই অর্থ প্রকাশ করে

যেমনঃ I know **what** he will do (সে যা করবে আমি জানি)

Relative pronoun অনুযায়ী ইংরেজি বড় বাক্য তৈরি

▶ যে শিক্ষার্থীরা নিয়মিত বিশ্ববিদ্যালয়ে যায় না, ফেসবুকিং করে অহেতুক সময় নষ্ট করে, ঘুম থেকে দেরিতে উঠে, ক্লাসের সময় আড্ডা দিয়ে সময় কাটায় এবং শিক্ষকদের মান্য করে না, জীবনে সফলতা লাভ করতে পারে না।

The students **who** don't go to the university regularly, waste time using Facebook, get up from bed tardily, spend time with gossiping during the class time and disobey their teachers can't get success in life.

▶ যে বিনোদন পার্কটি ঢাকা শহরের প্রাণকেন্দ্রে অবস্থিত (সেটা) অনেক দূর থেকে মানুষদেরকে নিয়ে আসে এবং প্রতিদিন অনেক আগন্তুককে আকর্ষণ করে।

The amusement park, **which** is located in the heart of Dhaka City, brings the people from far away and attracts many visitors every day.

Voice Change

Voice হল যখন subject নিজে কিছু করে অথবা অন্যের কাজ তার উপর বর্তায়।

Voice দুই প্রকার। যথাঃ Active voice ও Passive voice

Active voice: যে sentence এ subject নিজে সক্রিয় হয়ে verb এর কাজ সম্পন্ন করে তাকে active voice বলে।

Passive voice: যে sentence এ subject নিজে সক্রিয়ভাবে কাজ করে না, বরং পরোক্ষভাবে object এর কাজটি তার উপর বর্তায় সে sentence এ verb এর Passive voice হয়।

নিচের উদাহরণ ২টি লক্ষ্য করুনঃ

✪ He bought a mobile.

লক্ষ্য করুন, এখানে verb (bought) এর কাজটি subject (He) সক্রিয়ভাবে করতে পারে। অতএব, বাক্যটি Active voice.

✪ A mobile was bought by him.

এ বাক্যটিতে verb (bought) এর কাজটি subject (A

mobile) করতে পারে না; অতএব, বাক্যটি Passive voice.

Active voice কে passive voice এ রুপান্তর করার নিয়মঃ

a) Active voice এর object টি passive voice এর subject এবং Active voice এর subject টি passive voice এর object এবং তার পূর্বে by বসে।

b) মূল verb এর past participle হয় এবং subject ও tense অনুসারে auxiliary verb/be verb হয়।

Passive structure: Object + be verb + Verb (Past Participle) + by Subject

উদাহরণঃ

Active voice: He plays football.

Passive: Football is played by him.

Shortcut tips of Voice change

Passive structure: Object + be verb + Verb (Past Participle) + by Subject

Tense	Passive structure
Present Indefinite	Am/is/are + v3
Past Indefinite	Was/were + v3
Perfect (Present, past, Future)	Been + v3
Continuous(Present, Past, Future), Verb (ing)	Being + v3
Modal auxiliary & Future Indefinite	Be + v3

V3= Verb (Past participle)

Example:

Present Indefinite

Active: He likes coffee.

Passive: Coffee is liked by him.

Past Indefinite

Active: She called me.

Passive: I **was called** by her.

Continuous (Present, Past)

Active: He is playing cricket.

Passive: Cricket is **being played** by him.

Active: They were giving a performance.

Passive: A performance was **being given** by them.

Perfect (Present, Perfect, Future)

Active: They have won the battle.

Passive: The battle **has been won** by them.

Modal auxiliary

Active: Government should ban smoking

Passive: Smoking should **be banned** by the government.

www.Learnenglish99.com

বিসিএস সহ অন্যান্য প্রতিযোগীতামূলক পরীক্ষায় করার কিছু প্রশ্ন ও উত্তর ব্যাখ্যাসহ প্রদত্ত হল

▶ Which is the correct form of the sentence?

‘He is writing a letter’

a) A letter is written by him b) A letter was written by him

c) A letter was being written by him d) A letter is being written by him

Ans: D (জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর - ২০১৫)

ব্যাখ্যাঃ উপরে উল্লেখিত Structure অনুযায়ী object কে subject + am/is/are + being + verb এর past participle + by + subject কে object.

সঠিক উত্তরটি হচ্ছে- d) A letter is being written by him

▶ The correct passive form of ‘You must shut these doors’ is…..

a) These must be shut doors b) shut the doors you must

c) Shut must be the doors d) These doors must be shut

Ans: D (৩৫তম বিসিএস)

ব্যাখ্যাঃ রুল অনুযায়ী Modal auxiliary এর ক্ষেত্রে object কে subject + modal + be + verb এর past participle হয়। অতএব, সঠিক উত্তরটি হচ্ছে- d) These doors must be shut

Active voice থেকে passive voice এ রুপান্তারের গুরুত্বপূর্ণ রুলসমূহ নিম্নে প্রদত্ত হল।

Double object যুক্ত Active voice কে passive voice করার নিয়ম

Sentence এ ২টি object থাকলে ব্যক্তিবাচক object কে subject করা উচিৎ।

যেমনঃ

Active: I gave him a pen.

Passive: He was given a pen by me.

Note: বাক্যটিতে him ও pen ২টি object রয়েছে। him ব্যক্তিবাচক object হওয়ায় এটাকেই subject করা হয়েছে।

Modal auxiliary এর ক্ষেত্রে

Can, could, shall, should, may, must, ought to, going to যুক্ত Active voice কে passive voice এ রুপান্তরের নিয়মঃ

Structure: Modal + be + Verb3 (Past participle)

Active: You must do the work.
Passive: The work must be done by you.

Active: He is going to open a shop.
Passive: A shop is going to be opened by him.

Imperative sentence এ passive করার নিয়ম

a) Let+ object+ be + Verb3

Active: Do the work.

Passive: Let the work be done.

b) Don not যুক্ত থাকলে Imperative sentence এ passive করার নিয়মঃ

Let not+ object+ be + Verb3

Active: Do not play cricket at noon.

Passive: Let not cricket be played at noon.

C) Let + ব্যক্তিবাচক object এর ক্ষেত্রে

Let + object কে subject + be + Verb3 + by + ব্যক্তিবাচক object

Active: Let me do the sum.

Passive: Let the sum be done by me. (খাদ্য অধিদপ্তর পরীক্ষা- ২০০০)

Who যুক্ত প্রশ্নবোধক বাক্যে passive

By whom + Auxiliary (tense ও person) + sub + be/been/being + v3 +?

Active: Who will do the work?

Passive: By whom will the work be done?

- The passive form of 'Who has broken the glass'? is.....

a) By who have the glass been broken?

b) By whom has the glass been broken?

c) By whom have the glass been broken?

d) Whom has the glass been broken?

Ans: B (১২তম প্রভাষক নিবন্ধন-২০১৫)

Whom দিয়ে প্রশ্নবোধক বাক্যের ক্ষেত্রে passive

Who + Tense + V3 + by + object +?

Active: Whom did she accuse?

Passive: Who was accused by her? (জনপ্রশাসন মন্ত্রনালয় পরীক্ষা-২০১৫)

What- দিয়ে প্রশ্নবোধক বাক্যের ক্ষেত্রে passive

What + Auxiliary verb + Verb- এর past participle + by+ subject- এর object+?

Active: What do you know?
Passive: What is known by you?

Phrasal verb এর ক্ষেত্রে passive

বাক্যে যদি Phrasal verb থাকে তার সাথে preposition যুক্ত থাকলে তা সর্বদা verb এর সাথেই সংযুক্ত থাকে।

Active: He looks after the orphans.
Passive: The orphans are looked after by him.

Reflexive object এর ক্ষেত্রে **passive**

Reflexive object (myself, himself, herself, themselves etc) Active voice কে passive voice করার নিয়মঃ

Structure

Active voice এর subject টি passive voice এর subject হিসাবে বসবে।

+ Auxiliary (Tense & person অনুযায়ী)
+ Verb3 (Past participle)
+ by
+ Reflexive object

Active: She killed herself.
Passive: She was killed by herself.

Active sentence যার নিম্নরুপ কাঠামোঃ
Subject + verb + object +present participle
একে নিম্নরুপে **passive** করা হয়

Object- এর subject+ Tense এবং person- অনুসারে Auxiliary verb + Verb- এর past participle+ present participle- যুক্ত অংশ + by + subject- এর object।

Active: I saw him going to the market.
Passive: He was seen going to the market by me.

www.Learnenglish99.com

<u>Quasi passive এর ক্ষেত্রে active voice কে passive voice এ পরিবর্তনের নিয়ম</u>

- ✪ Active voice এর subject টি passive voice এর subject হিসাবে বসে।
- ✪ Auxiliary verb + Adjective + When
- ✪ প্রথম subject অনুযায়ী It/They বসে।
- ✪ Auxiliary + V3

Example:

Active: Honey taste sweet.
Passive: Honey is sweet, when it is tasted.

By এর পরিবর্তে অন্যান্য preposition দিয়ে passive voice

অনেক ক্ষেত্রে passive voice করার সময় by ছাড়া অন্যান্য preposition যেমনঃ to, at, in, with ইত্যাদি বসে।

Active: I know him.
Passive: He is known to me.

Active: The news shocked me.
Passive: I was shocked at the news.

ইংরেজি শেখার আপডেট সহ নুতন নুতন বই/সফটওয়্যার/অ্যাপ সম্পর্কে জানতে নিয়মিত ভিজিট করুন আমাদের ফেসবুক পেজে

www.facebook.com/learn.English24.bd

➢ Click here to go Content page

Preposition শেখার এর ৩০টি গুরুত্বপূর্ণ রুল

✪ Preposition কাকে বলে?

Preposition হল এমন শব্দ যা কোন Noun, pronoun, Noun phrase এর আগে বসে তার সাথে বাক্যস্থিত অন্য কোন শব্দের সম্পর্ক প্রকাশ করে। যেমনঃ I go to University. এখানে to শব্দটি go এবং University এর মধ্যে সম্পর্ক তৈরি করে।

www.Learnenglish99.com

সাধারণ নিয়মাবলীঃ

- ২৪ ঘন্টার বড় সময় (দিন, সপ্তাহ, মাস, বছর, সাল,) ইত্যাদির পূর্বে in বসে। (যেমনঃ in 1980, in February etc.)
- ২৪ ঘন্টার ছোট সময় (সকাল, দুপুর, বিকাল, সন্ধ্যা, রাত, ঘড়ির সময়) ইত্যাদির পূর্বে at বসে। (নোটঃ সকাল হতে সন্ধ্যা অবধি সময়ের পূর্বে the থাকলে তার পূর্বে in বসে। যেমনঃ in the morning)
- দিবস, তারিখ, সাপ্তাহিক বার ইত্যাদির পূর্বে on বসে।

- বড় স্থান/জায়গার পূর্বে in ও ছোট স্থান/জায়গার পূর্বে at বসে।
- Perfect continuous tense এর ক্ষেত্রে সময়ের সমষ্টির পূর্বে for এবং নির্দিষ্ট সময়ের পূর্বে since বসে।
- কোন কিছু স্পর্শ করে আছে বুঝালে তার পূর্বে on বসে।
- শূণ্যস্থানের পরের শব্দ verb এর present (base from) হলে শূণ্যস্থানে to বসে।

LearnEnglish99.com
www.Learnenglish99.com

Preposition রুলসমূহ

✪ At এর ব্যবহার

১. ছোট স্থান/শহর/জায়গার পূর্বে at বসে। যেমনঃ He lives at lalbag

২. নিদ্দিষ্ট সময় বুঝাতে at বসে। যেমনঃ I go to school at 9 am.

৩. দূরত্ব বুঝাতে at বসে। যেমনঃ Khulna is at 100 kilometers from here.

৪. দামের পূর্বে at বসে। যেমনঃ Potato sells at 10

tk. per kg.

৫. দায়িত্ব বুঝাতে at বসে। যেমনঃ You must do this at your own risk.

৬. বয়স বুঝাতে at বসে। যেমনঃ He passed S.S.C at 16.

LearnEnglish99.com
www.Learnenglish99.com

✪ **On এর ব্যবহার**

১. কোন কিছুর উপর সংলগ্ন বুঝাতে On বসে। যেমনঃ Keep the mobile on the table.

২. বার/দিন/তারিখের পূর্বে On বসে। যেমনঃ I went there on Saturday.

৩. নদীর তীরে বুঝাতে On বসে। যেমনঃ Khulna is on the rupsha.

৪. নির্ভরতা বুঝাতে On বসে। যেমনঃ We live on rice.

৫. Floor এর সংখ্যা বুঝাতে on বসে। যেমনঃ The Bank is on the 5th floor.

৬. সম্বন্ধ বুঝাতে On বসে। যেমনঃ He wrote an essay on Liberation.

✪ In এর ব্যবহার

১. বড় স্থানের পূর্বে in বসে। যেমনঃ I live in Bangladesh.

Note: ("I live in Bangladesh at Dhaka" উদাহরণটিতে লক্ষ্য করুন- Bangladesh বড় জায়গা হওয়ায় in ও Dhaka ছোট জায়গা হওয়ায় at বসেছে)

২. কোন বিষয় বা ভাষা বুঝালে তার আগে in বসে। যেমনঃ In English, In Bengali. I wrote a novel in English.

৩. সময়ের ক্ষেত্রে বছর/মাসের পূর্বে In বসে। যেমনঃ He was born in 1980.

৪. পেশার পূর্বে In বসে। যেমনঃ He joined in navy.

৫. বিষয়ের পূর্বে In বসে। যেমনঃ He studies in History.

৬. অবস্থা বুঝাতে In বসে। যেমনঃ She is in happy mode.

৭. ক্ষেত্র বুঝাতে In বসে। যেমনঃ I have nothing to say in this regard.

✪ To এর ব্যবহার

১. কোন স্থানে আসা এবং যাওয়া বুঝালে ঐ স্থানের আগে to বসে।

যেমন: He goes to market. He went to Italy.

২. ব্যক্তির কাছে বুঝালে তার আগে to বসে। যেমনঃ Razu came to me.

৩. অনুসারে বুঝাতে to বসে। যেমনঃ I work according to rule.

৪. সীমানার বাইরে বুঝাতে to বসে। যেমনঃ Korea is to the east of our country.

✪ OF এর ব্যবহার

১. অধিকার/মালিকানা বুঝাতে Of বসে। যেমনঃ This is the car of Mr Azad.

২. উপকরণ বুঝাতে Of বসে। যেমনঃ The Briefcase is made of leather.

৩. কারণ বুঝাতে Of বসে। যেমনঃ The man died of cancer.

৪. সম্পর্ক বুঝাতে Of বসে। যেমনঃ I know everything of it.

✪ Over এর ব্যবহার

১. কোন কিছু স্পর্শ না করে উপরে বুঝাতে Over বসে। যেমনঃ The plane is over the field.

২. মাধ্যম বুঝাতে Over বসে। যেমনঃ He talked over telephone.

৩. বিপরীত পাশ বুঝাতে Over বসে। যেমনঃ They live over the road.

৪. অধিক বুঝাতে Over বসে। যেমনঃ Simu was in India for over a month.

৫. সমগ্র/সারা অর্থ বুঝাতে Over বসে। যেমনঃ They have traveled over the world.

✪ Above এর ব্যবহার

১. সংযুক্ত না হয়ে উপরে বুঝাতে Above বসে। যেমনঃ The fan is above my head.

২. মানের উপরে বুঝাতে Above বসে। যেমনঃ I got above 90% marks in history.

✪ Between ও Among এর ব্যবহার

Between: দুইয়ের মধ্যে বুঝাতে/তুলনা করতে Between বসে।

যেমনঃ Bangladesh will win between India & England.
Divide the apple between the two boys.

Among: দুইয়ের অধিকের মধ্যে বুঝাতে/তুলনা করতে Among বসে।
যেমনঃ Bangladesh will win among 30 countries.
Divide the apple between the boys.

✪ With এর ব্যবহার

১. সাথে বুঝাতে With বসে। যেমনঃ He came with me.
২. দ্বারা/দিয়া বুঝাতে With বসে। যেমনঃ I write with this pen.

✪ For এর ব্যবহার

১. জন্য বুঝাতে For বসে। যেমনঃ I would like to do something for you.

২. সময়ের আগে ধরে/যাবৎ/ব্যাপিয়া বুঝাতে For বসে। যেমনঃ He has been working for 4 hours.

৩. কারণ বুঝাতে For বসে। যেমনঃ I will go to India for a tour.

৪. মূল্য বুঝাতে For বসে। যেমনঃ I have bought a Mobile for 5000 tk.

৫. সাহায্য অর্থে বুঝাতে For বসে। যেমনঃ Please do this favor for me.

✪ By এর ব্যবহার

১. পাশে বুঝাতে By বসে। যেমনঃ She sat by me.

২. পথ অর্থে বুঝাতে By বসে। যেমনঃ They will go there by road.

৩. কোন উপায় বা পদ্ধতি বুঝাতে তার আগে By বসে। যেমনঃ By hard work.

৪. মাধ্যম বুঝাতে By বসে। যেমনঃ He achieved

success by hard labour.

৫. পরিমাপ বুঝাতে By বসে। যেমনঃ The table is 2 feet by 3 feet.

৬. হার বুঝাতে By বসে। যেমনঃ He is improving day by day.

LearnEnglish99.com
www.Learnenglish99.com

✪ From এর ব্যবহার

কারো নিকট হতে অথবা কোন স্থান হতে/থেকে বুঝালে ব্যক্তির বা স্থানের আগে From বসে।

যেমনঃ তোমার নিকট হতে - From you,

খুলনা থেকে - from Khulna

He bought sweets from market.

✪ Into এর ব্যবহার

১. বাইরে থেকে ভিতরে বুঝাতে Into বসে। যেমনঃ The boy entered into the room.

২. সংঘর্ষ বুঝাতে Into বসে। যেমনঃ The car crashed into a parked microbus.

৩. সংখ্যায় ভাগ হওয়া বুঝাতে Into বসে। যেমনঃ They

were divided into five
groups

✪ Within এর ব্যবহার

নির্দিষ্ট সময়ের মধ্যে বুঝাতে Within বসে। যেমনঃ I will come back within 20 minutes.

✪ Towards এর ব্যবহার

দিকে বা বরাবর বোঝাতে Towards বসে। যেমনঃ I'm going towards university.

✪ Before এর ব্যবহার

১. পূর্বে বুঝাতে Before বসে। যেমনঃ Rina came before launch.
২. সম্মুখে বুঝাতে Before বসে। যেমনঃ Rina stood before me.

✪ After এর ব্যবহার

১. 'পরে' অর্থ প্রকাশ করতে After বসে। যেমনঃ I will play after study.
২. চলমান অবস্থার পিছনে বুঝাতে After বসে। যেমনঃ Police run after the criminal.

www.Learnenglish99.com

✪ Below এর ব্যবহার

নিচে অর্থ প্রকাশ করতে Below বসে। যেমনঃ We live below the sky. Please see the rule which is given below.

✪ Under এর ব্যবহার

১. নিচে অর্থ প্রকাশ করতে Under বসে। যেমনঃ Let's sit under the tree.
২. বিবেচনাধীন অর্থ প্রকাশ করতে Under বসে। যেমনঃ This case is under the court.
৩. অধীনে অর্থ প্রকাশ করতে Under বসে। যেমনঃ He serves under me.

✪ Across এর ব্যবহার

এক প্রান্ত থেকে অন্য প্রান্ত বুঝাতে across বসে। যেমনঃ Poverty is increasing across the country. Go across the street

✪ Along এর ব্যবহার

বরাবর অর্থ প্রকাশ করতে along বসে। যেমনঃ Go along the bed.

✪ Through এর ব্যবহার

কোন কিছুর মাধ্যমে বা মধ্যদিয়ে বুঝাতে Through বসে। যেমনঃ They went our village Through the forest

www.Learnenglish99.com

✪ Against এর ব্যবহার

১. বিরুদ্ধে বুঝাতে Against বসে। যেমনঃ We fought against Pakistan in liberation war.
২. বিপরীত অর্থ বুঝাতে Against বসে। যেমনঃ Rina Sat against the wall.

✪ About এর ব্যবহার

১. সম্বন্ধে অর্থ প্রকাশ করতে About বসে। যেমনঃ Rafiq told me about the game.
২. প্রায় অর্থ প্রকাশ করতে About বসে। যেমনঃ The movie is about to end.

✪ Beside এর ব্যবহার

পাশে অর্থ প্রকাশ করতে beside বসে। যেমনঃ She sat

beside me.

✪ **Behind এর ব্যবহার**

পিছনে অর্থ প্রকাশ করতে behind বসে। যেমনঃ Please stay behind me.

✪ **Beyond এর ব্যবহার**

সাধ্যের বাইরে বুঝাতে Beyond বসে। যেমনঃ The price of the Dress is beyond my budget.

✪ **Down এর ব্যবহার**

উপর থেকে নিচে বুঝাতে Down বসে। যেমনঃ He fell down from a building.

✪ **Since এর ব্যবহার**

নির্দিষ্ট সময় বুঝাতে Since বসে। যেমনঃ It has been raining since morning.

✪ **Without এর ব্যবহার**

ছাড়া/ব্যতিত বুঝাতে without বসে। যেমনঃ Fish cannot live without water

➢ Click here to go Content page

Appropriate prepostion

বিসিএসসহ বিভিন্ন প্রতিযোগীতামূলক পরীক্ষা ও ভর্তি পরীক্ষাসমূহে প্রায়শঃই Appropriate prepostion থাকে। নিম্নে কিছু বাছাইকৃত ও গুরুত্বপূর্ণ appropriate prepostion প্রদত্ত হল। আশা করি এগুলো থেকে কমন পড়বে।

www.Learnenglish99.com

Appropriate prepostion

✪ Abide by - মেনে চলা।

Everyone should abide by the rules – প্রত্যেকেরই নিয়ম মেনে চলা উচিৎ।

✪ Look for – খোঁজা।

I am looking for a shirt – আমি একটি শার্ট খুজঁছি।

✪ Fond of – অনুরাগী/ভক্ত।

Children's are fond of Ice-cream – শিশুরা আইসক্রিমের ভক্ত।

✪ Faith in – বিশ্বাস।

I have no faith in him – তার প্রতি আমার কোন বিশ্বাস নেই।

✪ Famous for – বিখ্যাত।

He is famous for his song – সে তার গানের জন্য বিখ্যাত।

✪ Eligible for – যোগ্য।

He is eligible for the post – সে পদটির জন্য যোগ্য।

✪ Essential to – অত্যাবশ্যক

Water is essential to life – জীবনের জন্য পানি অত্যাবশ্যকীয়।

✪ Good at – দক্ষ।

She is good at cooking – সে রান্নায় দক্ষ।

✪ Prefer to – অধিক পছন্দ করা।

I prefer coffee to tea – আমি চায়ের তুলনায় কফি বেশি পছন্দ করি।

✪ Proud of – গর্বিত।

I am proud of you – আমি তোমাকে নিয়ে গর্বিত।

✪ Opportunity for – সুযোগ।

He has no opportunity to join the job – চাকরিতে যোগ দেয়ার কোন সুযোগ তার নেই।

✪ Based on – ভিত্তি থাকা।

The movie is based on a true story

মুভিটি একটি সত্য ঘটনা অবলম্বনে নির্মিত।

✪ Annoy at - বিরক্ত

He was annoyed at my decision.

সে আমার সিদ্ধান্তে বিরক্ত হয়েছিল।

✪ Excel in - তুলনামূলকভাবে সুন্দর হওয়া।

Nipa execls in graphic design.

নিপা গ্রাফিক ডিজাইনে তুলনামূলক অনেক ভাল।

✪ Congratulate on - অভিনন্দন জানানো।

I congratulate you on your success.

আমি তোমার সাফল্যে অভিনন্দন জানাচ্ছি।

✪ Kind of – প্রকার।

What kind of rice do you want? – তুমি কোন ধরনের চাল চাও?

✪ Dedicate to – উৎস্বর্গ করা।

The book is dedicated to his parents – বইটি তার পিতামাতার জন্য উৎস্বর্গীকৃত।

✪ Grateful to – কৃতজ্ঞ।

I am grateful to him for helping me – তার সাহায্যের জন্য আমি তার প্রতি কৃতজ্ঞ।

✪ Insist on – জিদ করা।

She insisted on my staying home - আমাকে বাড়িতে রাখার জন্য সে জিদ করল।

✪ Subject to – শর্তাধীন।

This is subject to approval of the

chairman
এটা চেয়ারম্যানের অনুমোদন স্বাপেক্ষে।

✪ Deal with (আচরণ করা) – He deals well with his customers- তিনি গ্রাহকদের সাথে ভালো আচরণ করে।

✪ Confident of (আশাবাদী) – He is confident of success.
তিনি সফলতার ব্যাপারে আশাবাদী।

✪ Concerned for (উদ্বিগ্ন) – Students are concerned for their result. শিক্ষার্থীরা তাদের ফলাফল নিয়ে উদ্বিগ্ন।

✪ Belong to (অধিকারভুক্ত হওয়া) – This book belongs to nuha. এই বইটি নুহার।

✪ Alternative to (বিকল্প/পরিবর্তে) – There is no alternative to education. শিক্ষার কোনো বিকল্প নেই।

✪ Angry at (ক্ষুব্ধ) – Are you angry with me?
তুমি কি আমার উপর ক্ষুব্ধ?

✪ Addicted to (আসক্ত) – He is addicted to alcohol.
তিনি মাদকাসক্ত।

✪ Die of (রোগে মরা) – The man died of cholera.
সে কলেরা রোগে মারা গেছেন।

✪ Familiar to (সুপরিচিত) – The house was familiar to me.
এই বাড়িটি আমার কাছে সুপরিচিত ছিল।

✪ Fear of (আশংকা করা) – I have fear of heights.
আমার উচ্চতায় ভয় আছে।

✪ Laugh at (উপহাস করা) – Do not laugh at the poor.
গড়ীবদের উপহাস করো না।

✪ Object to (আপত্তি করা)

He Objected to this proposal- প্রস্তাবটিতে সে আপত্তি করেছিল।

✪ Preside over (সভাপতিত্ব করা) – Mr. Fahad presided over the meeting. ফাহাদ সাহেব মিটিংয়ের সভাপতিত্ব করেছিলেন।

www.Learnenglish99.com

✪ Rely on (নির্ভর করা) – You can rely on Nishad.

আপনি নিশাদের উপর নির্ভর করতে পারেন।

✪ Reputation for (খ্যাতি) – he has reputation for courage.

তার সাহসিকতার জন্য খ্যাতি আছে।

✪ Run over (চাপা পড়া) – The man was run over by a truck.

লোকটি ট্রাকের নিচে চাপা পড়েছিলেন।

✪ Sufficient for (পর্যাপ্ত) – These foods should be sufficient for five people.

এই খাবারগুলো পাঁচজন মানুষের জন্য যথেষ্ট হওয়া উচিত।

✪ Valid for (বৈধ) – This car will be valid for one year.

এই গাড়িটি এক বছরের জন্য বৈধ থাকবে।

✪ Afraid of (ভীত) – I'm afraid of my father.

আমি আমার বাবাকে ভয় পাই।

✪ Agree with (ব্যাক্তির সাথে সম্মত হওয়া) – I agree with you.

আমি তোমার সাথে একমত

✪ Abound with - প্রচুর পরিমাণে থাকা।

The pond abounds with fish- পুকুরটি মাছে পরিপূর্ণ।

✪ Absorbed in – মগ্ন

He is absorbed in watching movie - সে মুভি দেখায় মগ্ন।

✪ According to - অনুসারে।
According to his order I went to Khulna.
তার আদেশ অনুসারে আমি খুলনা গিয়েছিলাম।

✪ Admit into – প্রবেশাধিকার দেওয়া।
Only Rina was admitted into the room.
শুধুমাত্র রিনাকেই রুমটিতে যাওয়ার প্রবেশাধিকার দেওয়া হয়েছিলো।

www.Learnenglish99.com

✪ Absent from - অনুপস্থিত।
Ripon was absent that day.
রিপন সেদিন অনুপস্থিত ছিলো।

✪ Add to - যোগ করা।
Add sugar to the water.
পানিতে চিনি দাও/যোগ করো।

✪ Agree on - একমত হওয়া (নির্দিষ্ট বিষয়)
He is agree on this point.
সে এই ব্যাপারে একমত।

✪ Anxious about – উদ্বিগ্ন।
Sabbir is anxious about his health.
সাব্বির তার স্বাস্থ্য নিয়ে উদ্বিগ্ন।

✪ Attend to - মনোযোগ দেওয়া।
Attend to your study.
লেখাপড়ায় মনোযোগ দাও।

✪ Apply to - আবেদন করা (ব্যক্তি)
Jamal applied to the company for the job.
জামাল এই কোম্পানিতে চাকরির জন্য আবেদন করেছে।

✪ Aim at - লক্ষ্য করা।
He aimed his gun at the tree.
সে তার বন্দুক দিয়ে গাছটিকে তাক করেছিলো/ লক্ষ্য করেছিলো।

✪ Ashamed of - লজ্জিত।
I am ashamed of my fault.
আমি আমার ভুলের কারণে লজ্জিত।

✪ Believe in - বিশ্বাস করা।
I believe in her honesty.
আমি তার সততাকে বিশ্বাস করি।

✪ Busy with - ব্যস্ত
I am busy with my job.
আমি আমার চাকরি নিয়ে ব্যস্ত।

✪ Capable to - সক্ষম।
Ripon is capable of doing the work.
রিপন এই কাজটি করতে সক্ষম।

✪ Capacity for - যোগ্যতা।
I have a capacity for hard work.
আমার কঠোর পরিশ্রম করার যোগ্যতা আছে ।

✪ Come of - জন্মগ্রহণ করা।
He comes of a royal family.
সে রাজকীয় পরিবারে জন্মগ্রহণ করেছেন।

✪ Close to - নিকটে।
My office is very close to the mosque.
আমার অফিস মসজিদটির খুবই নিকটে।

✪ Care of – যত্ন নেওয়া।
Take care of your health.
তোমার স্বাস্থ্যের যত্ন নাও।

✪ Cope with - সামলানো।
The government cannot cope with the situation.
সরকার পরিস্থিতি সামলাতে পারছে না।

✪ Desire for - ইচ্ছা।

He has no desire for wealth.

তার ধন-সম্পদের প্রতি কোনো ইচ্ছা নেই।

✪ Comment on - মন্তব্য করা।

Ripon commented bravely on the point.

রিপন সাহসাকিতার সাথে সেই ব্যাপারে মন্তব্য করেছিলো।

✪ Deaf to - শুনতে অনিচ্ছুক।

My father is deaf to my request.

বাবা আমার অনুরোধ শুনতে অনিচ্ছুক।

✪ Contribute to - দান হিসেবে দেওয়া।

I contributed 500 taka to the relief fund.

আমি দান হিসেবে ৫০০ টাকা ত্রান তহবিলে দিয়েছি।

✪ Deprived of - বঞ্চিত।

He was deprived of his right.

সে তার অধিকার থেকে বঞ্চিত হয়েছিলো।

✪ Due to - কারনে।

The match has been abandoned due to rain.

বৃষ্টির কারণে ম্যাচটি পরিত্যক্ত করা হয়েছে।

✪ Eager for - আগ্রহী।

He is eager for the job.

সে চাকরীটির জন্য আগ্রহী।

✪ Divide among - ভাগ করা (দুইয়ের অধিক)

The property was divided among three brothers.

সম্পত্তিটি তিন ভাইএর মধ্যে ভাগ করে দেয়া হয়েছিলো।

✪ Dull at - কাঁচা।

I am dull at English.

আমি ইংরেজিতে কাঁচা।

✪ Marry to - বিবাহ দেয়া।

I will marry my daughter to a lawyer.

আমি আমার মেয়ের বিবাহ একজন আইনজীবীর সাথে দিবো।

✪ Pretend to - ভান করা

He was pretend to be happy.

সে খুশী থাকার ভান করছিলো।

➢ Click here to go Content page

আমাদের প্রকাশিত...

স্পোকেন ইংলিশ শেখার অনন্য বই (হার্ডকপি)

Smart English

(Part-1 & 2)

বই দুটির ফিচারসমূহঃ

✪ ৫০০ দৈনন্দিন ইংরেজি ডায়ালগ

✪ ইংরেজি বাক্য তৈরির ৭০টি গুরুত্বপূর্ণ রুল (Structure)

✪ ১০০টি গুরুত্বপূর্ণ Sentence pattern & phrase
(প্যাটার্ণ/ phrase দিয়ে ইংরেজি বাক্য ও কথোপকথন তৈরি)

✪ ১০০০ বিষয়ভিত্তিক ভোকাবুলারি (শব্দের অর্থ)

✪ কোন পরিবেশে ইংরেজিতে কি বলবেন
(ধন্যবাদ, বিদায়, অভিনন্দন, উৎসাহ, মতামত ইত্যাদি)

✪ ইংরেজি বড় বাক্য তৈরির টেকনিক/ফ্রিহ্যান্ড রাইটিং

✪ ইংরেজি বাক্যের কমন মিসটেক ও গ্রামাটিক্যাল রুল অনুযায়ী সংশোধন

✪ বিষয়ভিত্তিক ইংরেজি কনভার্সেশন

✪ আরো অনেক গুরুত্বপূর্ণ বিষয়

>> দুটি বই একত্রে ডেলিভারী চার্জসহ - ৪২৫ টাকা

বই দুটি অর্ডার করতে ফোন করুন আমাদের হটলাইনে

হটলাইন- 01903634668, 01732071471

Clause কাকে বলে? Clause কত প্রকার ও কি কি?

Clause হচ্ছে কয়েকটি শব্দের সমষ্টি যাতে একটি subject এবং finite verb অবশ্যই থাকে। Clause ছাড়া কোন বাক্য তৈরী করা যায় না। প্রতিটি বাক্যেই এক বা একাধিক clause থাকে।

Example:

- ✪ He is poor. (One sentence, one clause)
- ✪ He is poor, but is intelligent as well as honest. (One sentence, two clauses)

উপরের উদাহরণগুলোতে লক্ষ্য করুন, প্রতিটি বাক্যে এক গুচ্ছ শব্দ একটি subject এবং finite verb রয়েছে।

Clause কে আমরা প্রধানতঃ ২ ভাগে ভাগ করতে পারি।

- ✪ Independent or Principal Clause
- ✪ Dependent or Subordinate Clause

Independent or Principal Clause:

যে Clause অন্য কোনো clause- এর সাহায্য ছাড়াই নিজের অর্থ প্রকাশ করতে পারে, তাকে **independent Clause** বা Principal Clause বলে। এটি অর্থ

প্রকাশের জন্য অন্য কোন clause এর উপর নির্ভরশীল নয়।

উদাহরণঃ

Rana has a girlfriend who is very cute.

ব্যাখ্যাঃ উপরের বাক্যটিতে "Rana has a girlfriend" একটি Principal Clause কারণ, এটিকে বাক্য থেকে আলাদা করে লিখলেও নিজে নিজে সম্পূর্ণ অর্থ প্রকাশ করতে পারে।

www.Learnenglish99.com

Dependent or Subordinate Clause:

যে Clause অন্য কোনো clause- এর সাহায্য ছাড়া নিজের অর্থ প্রকাশ করতে পারে না, তাকে **dependent Clause** বলে।

উদাহরণঃ

She went to school **after having breakfast.**

ব্যাখ্যাঃ উপরের বাক্যটিতে "**after having breakfast**." একটি **dependent Clause** বা Sub-ordinate Clause কারণ, এটিকে বাক্য থেকে আলাদা করে লিখলে Principal Clause (She went to

school) ছাড়া নিজে নিজে সম্পূর্ণ অর্থ প্রকাশ করতে পারে না। অন্যদিকে She went to school একাই কোন Clause এর সাহায্য ছাড়াই সম্পূর্ণ অর্থ প্রকাশ করতে পারে।

Subordinate clause তিন প্রকার।

- Noun Clause
- Adjective Clause
- Adverb Clause

Noun Clause:

Noun এর পজিশনে যে Clause বসে সেটি Noun Clause। সহজ ভাষায় যে Clause noun এর কাজ করে সেটাই noun clause।

Subject হিসাবে

Verb এর পূর্বে subject হিসাবে.....

যেমনঃ **What Rana explained** astonished his neighbors.

(What Rana explained এ অংশটুকু Verb এর পূর্বে বসেছে তাই এটি Noun clause)

Verb এর পরে object হিসাবে

যেমনঃ He didn't know **why the computer wasn't working**.

(Why the computer wasn't working এ অংশটুকু Verb এর পরে বসেছে তাই এটি Noun clause)

Preposition এর object হিসাবে

Jube is not responsible for **where Rina attempted to go.**

(For এর পরে object হিসাবে where Rina attempted to go **এটি** Noun clause)

Adjective Clause

যখন Noun বা pronoun এর পরে কোন **Clause** বসে সে Noun বা pronoun সম্পর্কে অতিরিক্ত

তথ্য দেয় বা noun বা pronoun কে modify করে তখন তাকে **Adjective Clause** বলে।
Adjective clauses সাধারণতঃ relative pronouns (who, whom, whose, that, which) দিয়ে শুরু হয়।

Example:
Sima **who lives in Khulna** is my friend.
(সিমা যে খুলনায় বাস করে সে আমার বন্ধু)

এখানে Sima একটি Noun এবং who lives in Khulna এ অংশটুকু Adjective Clause যা Sima সম্পর্কে অতিরিক্ত তথ্য দিচ্ছে বা modify করছে।

আরো উদাহরণঃ
I love the people **who respect their parents.** (Modifies noun: people)
The book **that is on the table** belongs to Nazrul Islam. (Modifies noun: book)
Students **who are talent** achieve good result. (Modifies noun: Students)

Adverb Clause:

যে clause Adverb এর কাজ করে, অর্থাৎ একটি verb, বা একটি adjective-clause বা অন্য একটি adverb clause- কে modify করে তাকে Adverb Clause বলে।

সাধারণতঃ Adverbial Clause এ নিম্নলিখিত conjunction থাকবে

If, that, who, which, when, after, before, while, whether, since, as, because, as long as, as much as, though, although, till, until, unless, before, after, so that, whoever, whatever, whenever, wherever etc.

Example:

The patient had died **before the doctor came.**

Call me **when you need help.**

You will work hard **so that you can success in life.**

Whether you like it or not, you have to go to school.

Gerund, Participle & Infinitive

Gerund

Verb এর present form এর সাথে ing যুক্ত হয়ে Gerund, Noun ও Verb এর কাজ একসাথে সম্পন্ন করে। Gerund এর বৈশিষ্ট্য হচ্ছে এটি স্থির অবস্থা প্রকাশ করবে এবং আচরণ করবে noun এর মতো।

উদাহরণঃ

- ✪ Swimming is a good exercise.
- ✪ He started watching television.

প্রথম Sentence এ Swimming is a good exercise (সাঁতার একটি ভাল ব্যায়াম) "Swim" এর সাথে ing যুক্ত হয়ে Swimming গঠিত হয়েছে। এই বাক্যটিতে স্থির অবস্থা প্রকাশ পেয়েছে , কারণ এখানে কেউ সাঁতার কাটে না। ইহা is verb এর subject অর্থাৎ Swimming এখানে Noun এর কার্য সম্পন্ন করছে। যেহেতু প্রথম Sentence এ Swimming একই সাথে Noun ও Verb এর কার্য সম্পাদন করে তাই তা Gerund.

দ্বিতীয় Sentence এ “watching” Verbal টি verb “watch” এর সাথে ing যুক্ত হয়ে গঠিত হয়েছে। Verbal দ্বারা উপভোগ কার্যটি সম্পাদন করেছে। অন্যদিকে “watching” started verb টির Object হিসেবে বসেছে। তাই “watching” Noun এর কাজ সম্পন্ন করেছে। যেহেতু watching একই সাথে noun ও Verb এর কাজ সম্পাদন করে তাই এখানে “watching” উক্ত Sentence এর gerund.

Uses of Gerund

✪ **Verb** এর **Subject** রুপেঃ Swimming is a good exercise = সাঁতার একটি ভাল ব্যায়াম।

✪ **Verb** এর **Object** রুপেঃ I like sleeping = আমি ঘুমাতে পছন্দ করি।

✪ **Preposition** এর **Object** রুপেঃ He is fond of eating = সে খাওয়ার পাগল।

✪ **Verb** এর **complement** রুপেঃ My hobby is traveling = ভ্রমণ করা আমার শখ।

✪ Gerund কখনো কখনো Sentence- এ compound noun- এর অংশ হিসেবে ব্যবহৃত হয়। যেমন- This is the walking place of the garden.

Participle

Participle এর বৈশিষ্ট্য হচ্ছে এটি চলমান অবস্থা প্রকাশ করবে এবং আচরণ করবে adjective এর মতো। যেমনঃ I saw a walking boy. (আমি একজন বালককে হাটতে দেখেছিলাম) এই বাক্যটি চলমান অবস্থা প্রকাশ পেয়েছে কারণ এখানে কেউ হাটে, তাই Walking শব্দটি Participle এবং আচরণ করে adjective এর মতো।

www.Learnenglish99.com

Types of participle

Participle ৩ প্রকার।

1. Present Participle
2. Past Participle
3. Perfect Participle

Structure of Participle

- ✪ Present Participle = V1 + ing
- ✪ Past Participle = V3
- ✪ Perfect Participle = Having + V3

(Example: Having learnt Computer I will go to America)

Infinitive

Verb এর Present form এর পূর্বে to বসিয়ে Infinitive গঠন করা হয়। Tense, number, person অনুযায়ী এর কোন পরিবর্তন হয় না।

Example :

To tell a lie is a great sin.

I like to run.

LearnEnglish99.com
www.Learnenglish99.com
www.Learnenglish99.com
www.Learnenglish99.com
www.Learnenglish99.com

শর্টকাট টিপস্

Gerund & participle

Gerund = V1+ing (স্থির অবস্থা প্রকাশ করবে এবং আচরণ করবে noun এর মতো)

Participle = V1+ing(চলমান অবস্থা প্রকাশ কর'বে এবং আচরণ করবে adjective এর মতো)

➢ Click here to go Content page

Causative (কাওকে দিয়ে কিছু করিয়ে নেওয়া)

Make (কাওকে দিয়ে কিছু করিয়ে নেওয়া/ বাধ্য করা)

Structure: Sub + make/made + person + verb (base form)

Example

✪ আমি তাকে দিয়ে করাই।

I make him do.

✪ আমি তোমাকে বিষয়টি বুঝাবো।

I will make you understand the topic.

✪ আমি দিপুকে দিয়ে কাজটি করতে বাধ্য করলাম।

I made Dipu do this job.

✪ শিক্ষক ছাত্রকে দিয়ে লিখিয়ে নিল।

The teacher made the student write.

Let (কাওকে কিছু করতে দেওয়া বা অনুমতি দেওয়া)

কাওকে কিছু করতে দেওয়া বা অনুমতি দেওয়া বোঝাতে Let ব্যবহার হয়। Let ব্যবহারের ক্ষেত্রে রুল হচ্ছে- Let

এর পরবর্তী verb এর সাথে S, es, ing, past participle কিছুই হবে না।

নিচের উদাহরণগুলো লক্ষ্য করুন Let ব্যবহার করে কিভাবে ইংরেজি বাক্যকে বড় করা যায়।

Example

✪ আমি তোমাকে ল্যাপটপটি ব্যবহার করতে দিব।

I will let you use the laptop.

✪ আমি তোমাকে মোবাইলটি ব্যবহার করতে দিব না।

I won’t let you use the mobile phone.

✪ তিনি আমাকে ফোন ব্যবহার করতে দেননি।

He didn’t let me use the mobile.

✪ ম্যানেজার তাকে কাজ থেকে আগেই যেতে দিলেন।

Manager let him leave early from the work.

✪ অফিসে জরুরী কাজ থাকা সত্বেও ম্যানেজার কর্মীদের কাজ থেকে আগেই যেতে দিলেন।

In spite of having urgent task Manager

let the workers leave early from the work.

✪ অফিসে জরুরী কাজ থাকা সত্বেও ম্যানেজার কর্মীদেরকে রাজনৈতিক সহিংসতার কারনে কাজ থেকে আগে আগেই যেতে দিলেন।

In spite of having urgent task Manager let the workers leave early from the work due to political violence.

Have (কাওকে দিয়ে কিছু করিয়ে নেওয়া)

Structure: Sub + have/had/has + person + verb (base form)

Example

✪ আমি টিপুকে দিয়ে আমার রুম পরিষ্কার করিয়েছিলাম।

I had Tipu clean my room.

✪ সে তুহিনকে দিয়ে অফিসের কাজ করিয়ে নেয়।

He has Tuhin do his office work.

✪ আমি ডাক্তার দিয়ে আমার স্বাস্থ্য পরীক্ষা করিয়ে নিবো।

I will have the doctor test my health.

Get (কাওকে খুশি করে করিয়ে নেওয়া)

Structure: Sub + get/got + person + to + verb (base form)

Example

✪ নাপিতকে দিয়ে আমি চুল কাটালাম।

I got the barber to cut my hair.

✪ আমি ধোপাকে দিয়ে আমার কাপড় ধুইয়ে নিব।

I will get the washerman to wash my clothes.

✪ দয়া করে কাওকে দিয়ে কাজটি করিয়ে নাও।

Please get someone to do the work.

✪ আমি একজন মেকানিককে দিয়ে মোবাইলটি মেরামত করিয়ে নিলাম।

I got a mechanic to repair my mobile

>> Note: Get এর ক্ষেত্রে verb এর পূর্বে to বসে।

Modifiers

Modifiers কাকে বলে? Modifiers কত প্রকার ও কি কি?

Modifiers এমন কত গুলো শব্দ, শব্দসমষ্টি বা খন্ডবাক্য যা অন্য আরেকটি শব্দের আগে বা পরে বসে ওই শব্দ, শব্দসমষ্টি বা খন্ডবাক্যকে প্রভাবিত করে এবং তার সম্পর্কে নতুন তথ্য প্রদান করে তাকে আরোও অর্থবহ করে তোলে।

Example:

✪ The girl **with the red hat** is my sister= লাল টুপি পরিহিত মেয়েটি আমার বোন।

✪ The teacher **with the answer sheet** entered into the hall = শিক্ষক উত্তরপত্র হাতে নিয়ে হলে প্রবেশ করলেন।

Modifiers কে প্রধানত আমরা ২ ভাগে ভাগ করতে পারি

1. Adjectives Modifiers
2. Adverbs Modifiers

These are described below:

Adjectives Modifiers:

Adjective Modifiers সাধারণত noun অথবা pronoun এর দোষ, গুণ, অবস্থা, ইত্যাদি প্রকাশ করে তার সম্পর্কে নতুন তথ্য প্রদান করে তাকে আরোও অর্থবহ করে তোলে।

Example:

✪ He sang a nice **song** = সে একটি চমৎকার গান গেয়েছিল।

(Here the adjective 'nice' modifies the noun 'song')

✪ He is a **generous** leader = তিনি একজন মহান নেতা।

(Here the adjective 'generous' modifies the noun 'leader')

Adjective phrase একটি prepositional phrase যা noun অথবা pronoun কে modify করে। এটি সাধারণত noun এর পরে বসে তার সম্পর্কে নতুন তথ্য প্রদান করে তাকে আরোও অর্থবহ করে তোলে।

Example:

✪ Have you read the novel **'Rang Pencil'** by Humayun Ahmed? = তুমি কি হুমায়ুন আহমেদের রং পেন্সিল উপন্যাসটি পড়েছো?

উপরের বাক্যে বোল্ড কৃত শব্দ, **'Rang Pencil'** হচ্ছে একটি adjective phrase যা noun "novel" কে মডিফাই করেছে।

The adjective clause as modifiers:

যখন dependent clause গুলো relative pronoun ব্যবহার করে শুরু হয় এবং তার আগের noun বা pronoun কে modify করে, তখন তারা পুরো একটি clause হিসেবেই সেই noun বা pronoun কে modify করে।

Example:

✪ The boy **who help the poor is my friend** = যে ছেলেটি গরিবদেরকে সাহায্য করে সে আমার বন্ধু।

✪ I need a maidservant **who will serve for my mother** = আমি একজন কাজের মেয়ে চাই যে আমার মাকে সাহায্য করবে।

Adverbs Modifiers:

Adverb Modifiers সাধারণত verb, adjective, অথবা অন্য আরেকটি adverb কে modify করে একটি নির্দিষ্ট অর্থ প্রকাশ করে তার সম্পর্কে নতুন তথ্য প্রদান করে।

1. **Adverbs modifying a verb:** Adverb এর প্রধান কাজ হচ্ছে verb কে modify করা।

Example:

✪ He is finishing the task **quickly** = সে কাজটিকে দ্রুত শেষ করিতেছে।

(এখানে, the adverb 'quickly' is modifying the verb "finishing")

2. **Adverb modifying adjective:** Adjective সাধারণত noun কে modify করে কিন্তু adverb সেই adjective কেও modify করে তার সম্পর্কে নতুন তথ্য প্রদান করে।

Example:

✪ She is a **very** famous actor = সে খুব বিখ্যাত অভিনেতা।

(এখানে, **very** is modifying the adjective "famous")

3. **Adverb modifying another adverb:**
   Adverb মাঝেমাঝে অন্যান্য **adverb** কেও **modify** করে তার সম্পর্কে নতুন তথ্য প্রদান করে।

Example:

✪ He is running **very fast** = সে খুব দ্রুত দৌড়াচ্ছে।
(এখানে, 'very' is modifying the adverb 'fast')

Adverb phrase as a modifier:

Adverb phrase সাধারণত একটি prepositional phrase যা adjective, adverb অথবা verb কে modify করে তার সম্পর্কে নতুন তথ্য প্রদান করে।

Example:

✪ I was excited to see my brother was seated **in the front row** = আমার ভাইকে সামনের সারিতে বসতে দেখে আমি খুবই উত্তেজনা বোধ করছিলাম।
(এখানে, 'front row' is modifying the adverb 'seated')

Adverb clause as modifiers:

যখন dependent clause গুলো relative pronoun

ব্যবহার করে শুরু হয় এবং তার আগের verb, adjective, অথবা অন্যান্য adverb কে modify করে, তখন তারা পুরো একটি clause হিসেবেই সেই noun বা pronoun কে modify করে।

Example:

✪ **When you were seven years old**, your mother died

= যখন তোমার সাত বছর বয়স, তখন তোমার মা মারা যান।

(এখানে, **'when you were seven years old'** is an adverb clause and is modifying the verb, "died')

ইংরেজি শেখার আপডেট সহ নুতন নুতন বই/সফটওয়্যার/অ্যাপ সম্পর্কে জানতে নিয়মিত ভিজিট করুন ও লাইক দিয়ে যুক্ত হোন আমাদের ফেসবুক পেজে

www.facebook.com/learn.English24.bd

Articles

যে Word কোন ব্যক্তি, বস্তু, প্রাণীকে নির্দিষ্ট বা অনির্দিষ্টভাবে বুঝায় তাদেরকে Article বলে। Article হলো Parts of speech এর একটি অংশ।
A, an, এবং the কে Article বলে।

ইংরেজিতে Article দুই প্রকার

- ✪ Definite
- ✪ Indefinite

Definite article: The কে Definite article বলে কারণ ইহা এক বা একাধিক বস্তু বা প্রাণীকে নির্দিষ্ট করে বুঝায়।

Example

- ✪ Dhaka is the capital of Bangladesh
- ✪ I use the Mobile.

Indefinite article: A এবং An কে Indefinite article বলে। অর্নিদিষ্ট Noun (ব্যক্তি, প্রাণী ও বস্তুকে) কে বোঝাতে A এবং An ব্যবহার হয়।
যেমন:

- ✪ He bought a Smartphone.
- ✪ I'm looking for an English book.

A and An (Indefinite article) গুরুত্বপূর্ণ রুল

Rule-1

সাধারণত consonant থাকলে তার পূর্বে a এবং vowel (a, e, i, o, u) থাকলে তার পূর্বে an বসে।
যেমনঃ an ant, an eagle, a horse, a bag, a pen

Rule-2

যদি শব্দের প্রথম অক্ষর h থাকে এবং h যদি উচ্চারিত হয় তবে তার পূর্বে a বসে এবং h উচ্চারিত না হলে তার পূর্বে an পূর্বে বসে।
যেমনঃ a horse, a house, an honorable man, an hour

Rule-3

কোন শব্দ vowel দিয়ে শুরু হলেও তা যদি ইউ (U) এর মত উচ্চারিত হয় তার পূর্বে a বসে। যেমনঃ a university, a European, a useful product, a unit.

Rule-4

www.Learnenglish99.com

O দিয়ে যেসব শব্দ গঠিত তার পূর্বে an বসে। ব্যতিক্রমঃ one যুক্ত শব্দের পূর্বে a বসে। যেমনঃ a one-taka note, an open field

Rule- 5

Abbreviation প্রথম অক্ষর vowel এর মত উচ্চারিত হলে তার পূর্বে an বসে।

যেমনঃ

✪ Mr. Robin is an M.B.B.S

✪ He is an M.A

www.Learnenglish99.com

Rule- 6

এক জাতীয় সকল singular common noun এর পূর্বে indefinite article (a/an) বসে।

যেমনঃ

✪ A dog is a faithful animal.

✪ A lion is always dangerous.

Rule- 7

সংখ্যাবাচক যেমনঃ dozen, hundred, thousand, million ইত্যাদি এর পূর্বে a বসে। যেমনঃ

✪ He earns a thousand dollar a month
✪ At least a million of people attend the conference.

Rule- 8

বিশেষ কিছু Idioms/Phrase এর পূর্বে a/an বসে।
যেমন: In a hurry, in a fix

Rule- 9

Plural noun এর পূর্বে few, little, lot of ইত্যাদি থাকলে তার পূর্বে a বসে।
যেমন: He earns a lot of money by freelancing.

Uses of Definite article: The

Rule- 1

singular ও plural উভয় Number নির্দিষ্ট করে বুঝানোর ক্ষেত্রে এর পূর্বে The বসে।
যেমন:

✪ The boys are playing.
✪ The students of this University are good at English

www.Learnenglish99.com

Rule- 2

বই, ধর্মগ্রন্থ, সংবাত্রপত্র, নদী, সাগর, মহাসাগর, পর্বতশ্রেণি, ইত্যাদি নামের পূর্বে The বসে। যেমন: The Holy Quran, “The hundreds”(book), The Daily Start, The Amazan, the Himalayas, the Bay of Bengal ইত্যাদি।

Rule- 3

জাতি ও গোষ্ঠীর নামের পূর্বে the বসে। যেমন: The English, the Muslims, the British, the rich.

Rule- 4

তারিখের নামের পূর্বে the বসে। যেমন: The 10^{th} of December.

Rule- 5

Proper noun এর পূর্বে Adjective থাকলে উক্ত Adjective এর পূর্বে the বসে। যেমন: The great Omar was the king of Half world.

Rule- 6

পদবী/উপাধি এর পূর্বে the বসে।

যেমন: The President, The Prime minister, the Senator

Never use an article

যেসব ক্ষেত্রে আর্টিক্যাল ব্যবহার করা যায় না।

Example:

Incorrect: The Allah is almighty.
Correct: Allah is almighty.

Incorrect: The India is a big country
Correct: India is a big country

Incorrect: I am fond of playing the football.
Correct: I am fond of playing football.

Incorrect: Tipu is learning the French.
Correct: Tipu is learning French.

Incorrect: He is good at the English.
Correct: He is good at English.

➢ Click here to go Content page

Redundancy - পুনরাবৃত্তি

Redundancy এর অর্থ হল পুনরাবৃত্তি বা প্রয়োজনের চেয়ে বেশি। উদাহরণস্বরুপ, Please repeat again এখানে Repeat অর্থ পুনরায় করা আবার again অর্থ পুনরায়। অতএব, এক্ষেত্রে repeat থাকার কারণে again হল Redundancy, যা বলা/লেখার প্রয়োজন নেই। অর্থাৎ, সঠিক ফরম্যাট হল– Please repeat or Please again.

Redundancy এর কিছু উদাহরণ

Incorrect: Please refer back to page 7

Correct: Please refer to page 7

(দয়া করে ৭ নং পৃষ্ঠায় ফেরত আসুন)

Incorrect: Don't repeat this mistake again

Correct: Don't repeat this mistake.

(এ ভুলটি পুনরায় করো না)

Incorrect: I saw the natural scene with my eyes.

Correct: I saw the natural scene.
(আমি প্রাকৃতিক দৃশ্যটি দেখেছিলাম)

Incorrect: There are a total of seven sparrows on the wall.
Correct: There are seven sparrows on the wall.
(দেয়ালের উপর মোট ৪টি চড়ুই পাখি বসে আছে।)

Incorrect: Polash returned back from Malaysia last night.

Correct: Polash returned from Malaysia Last Night.

(পলাশ মালেশিয়া থেকে গত রাতে ফিরেছে)

Incorrect: We stayed for a short period of time in the hotel.
Correct: We stayed for a short period in the

hotel.
(আমরা হোটেলে অল্প সময়ের জন্য থেকেছিলাম।)

Incorrect: The reason Kamal was rejected was because he was addicted.
Correct: The reason Kamal was rejected was that he was addicted. (কামালের প্রত্যাখ্যাত হওয়ার কারণ এটিই ছিল যে, সে ছিল নেশাগ্রস্থ)

Incorrect: She got a free gift at the ceremony.
Correct: She got a gift at the ceremony.
(সে উক্ত অনুষ্ঠানে একটি উপহার পেয়েছিল।)

Conditional

একটি conditional sentence এ দুইটি খণ্ডবাক্য তথা clause থাকে। একটি if clause অন্যটি main clause। "if clause" শর্ত বোঝাতে এবং "main clause" সেই শর্তেও পরিণাম/ফলাফল/প্রেক্ষাপট বোঝাতে ব্যবহৃত হয়।

Conditional Sentence গঠনের সহজ নিয়মঃ

Conditional sentence type	If clause (verb tense)	Main clause (verb tense)
Zero	Simple present	Simple present
Type 1	Simple present	Simple future
Type 2	Simple past	Present conditional/present continuous conditional
Type 3	Past perfect	Perfect conditional/perfect continuous conditional
Mixed type	Past perfect/simple past	Present conditional/perfect conditional

Present conditional tense – Subject + would + v1

Present continuous conditional tense

Subject + would + be+ ving

The perfect conditional tense

Subject+ would + have + v3

The perfect continuous conditional tense

Subject + would + have + been + ving

The zero conditional

General truths বা সাধারণ সত্য বুঝাতে zero conditional ব্যবহৃত হয়। উভয় বাক্যেই simple present tense ব্যবহৃত হয়। মাঝে মাঝে if এর পরিবর্তে when ব্যবহৃত হয়ে থাকে, কিন্তু এতে বাক্যের অর্থের কোনো পরিবর্তন হয় না।

If you **touch** a fire, you **get** burned.
(simple present tense+simple present tense)

If you **want** to come, **call** me before 5:00.

When it **rains**, the grass **gets** wet.

Type 1 Conditional

এই ধরনের conditional বাক্য possible condition এবং তার probable result নির্দেশ করে। If clause টি হবে simple present tense Ges main clause টি হবে simple future tense।

- If I **have** enough money, I **will** buy some new books.

(Simple present tense+ Simple future tense)

- If you **rest**, you **will** feel better.

- You **will** miss the train if you **don't** hurry.

(Main clause আগে আসায় if clause থেকে কমা উঠে গেছে)

Type 2 Conditional

এই ধরনের conditional সাধারণত hypothetical condition এবং এটার probable result নির্দেশ করে। If clause টি simple past tense হয় এবং main clause টি present conditional/present continuous conditional tense হয়।

- If the weather **wasn't** so bad, we **would** go to the zoo.

(Simple past tense+ Present conditional tense)

- If I **were** you, I **would** give up smoking.
- If you **gave** him your ticket, he **could** go to the concert.

('would' এর পরিবর্তে modal verb ব্যবহার করা যায়)

www.Learnenglish99.com

- If I **spoke** English, I **would be working** in Canada.

(Simple past tense+ Present continuous conditional tense)

Type 3 Conditional

এই ধরনের conditional এ unreal past condition এবং এর probable past result নির্দেশ করে। এখানে if clause টি past perfect tense হয় এবং main clause টি perfect conditional tense/perfect continuous conditional tense হয়।

- If you **had worked** harder, you **would have passed** your exam.

(Past perfect + Perfect conditional)

- If I **had accepted** that promotion, I **would have been working** in Rajshahi.

(Past perfect + Perfect continuous conditional)

- If I **had cleaned** the house, I **could have gone** to the party. (would এর পরিবর্তে modal verb ব্যবহার করা যায়)

Mixed Conditional

এই রকম conditional এর ক্ষেত্রে if clause টি unreal past condition এবং main clause টি এটার বর্তমানের probable result নির্দেশ করে। এই conditional দিয়ে বাক্য গঠনের ক্ষেত্রে if clause টি past perfect/simple past tense হয় এবং main clause টি present conditional/perfect

conditional tense হয়।

- If I **had worked** harder at school, I **would** have a better job now.

(Past perfect + present conditional)

- If I **was** a good cook, **I'd have invited** them to lunch. (Past simple+ Perfect conditional)

- If you **had crashed** the bus, you **might** be in trouble. (Would এর পরিবর্তে modal verb ব্যবহার করা যায়)

"The most beautiful is Almighty Allah, the perfect encyclopedia is Al-Quran, the most melodious song is Azan & the best exercise is Namaz"

Narration/Direct and Indirect Speech

The art of reporting the words of a speaker is called Narration.

অর্থাৎ বক্তার বক্তব্যকে প্রকাশ করার প্রক্রিয়াকেই Narration বলে।

সাধারণত দুইটি উপায়ে বক্তার বক্তব্যকে প্রকাশ করা যায়।

1. Direct Speech **(**by repeating the words spoken)
2. Indirect Speech/Reported Speech (by reporting the words spoken)

Direct speech:

বক্তার কথাকে কোনোরূপ পরিবর্তন না করে সরাসরি প্রকাশ করাকে Direct speech বলে। এক্ষেত্রে সেই কথা বা উক্তিটিকে Inverted commas/উদ্ধৃতি চিহ্নের “ ” মাধ্যমে প্রকাশ করা হয়।

- He said, “He drove to her sister’s house last week.”

Indirect Speech

সহজভাবে বক্তার কথা/উক্তিকে নিজের মতো করে প্রকাশ করাকে Indirect speech বলে। এক্ষেত্রে বক্তা তৃতীয় পক্ষ বুঝায়।

- She said, "I eat an apple"(Direct speech)
- She said that she had eaten an apple. (Indirect speech)

LearnEnglish99.com
www.Learnenglish99.com

- **'That'** কখনো কখনো বাদ ও দেয়া যায়।

Rose told him **that** she was happy
Rose told him she was happy.

- '**Say' and 'tell'**
  যখন বাক্যে কোনো Indirect object থাকে না তখন "Say" ব্যবহৃত হয়। He **said** that he was amazed.

সবসময় 'Tell' ব্যবহৃত হবে যখন বক্তা আমাকে কি কথা বলেছিল সেটা উল্লেখ করা হবে। - He **told** me that he was excited.

Talk and speak

এই verb গুলো যোগাযোগের কাজ গুলো বর্ণনা করতে ব্যবহৃত হয়।

- Rajib **talked** to us.
-She was **speaking** on the mobile.

Tense changes when using reported speech

Direct speech	Indirect Speech
Present tense	
Present Simple changes into **Past Simple**	

"Arya always **drink** black tea", she said	She said that Arya always **drank** black tea.
Children said, “We **play** Football.”	Children said that they **played** Football.
Present Continuous changes into **Past Continuous**	
He said, “I **am waiting** for Hasan.”	He said that he **was waiting** for Hasan.
"I **am reading** a novel", he explained.	He explained that he **was reading** a novel.
Present Perfect changes into **Past Perfect**	
"I **have been** to Canada", he told me.	He told me that he **had been** to Canada.
Nuha said, ‘I **have**	Nuha said that she

won a prize."	**had won** a prize.
Present Perfect Continuous changes into **Past Perfect Continuous**	
She said, "I **have been working** for three hours."	She said that she **had been working** for three hours.
He said, "He **has been waiting** for hours".	He said that he **had been waiting** for hours.
Past Tense	
Past Simple changes into **Past Perfect**	
"Saad **arrived** on Sunday", she said.	She said that Saad **had arrived** on Sunday.
Nabin said, "I **started** a job."	Nabin said that he **had started** a job.
Past Continuous changes into **Past Perfect**	

Continuous	
"We **were living** in Dhaka", they told me.	They told me that they **had been living** in Dhaka.
She said, "I **was writing** a poem."	She said that she **had been writing** a poem.
Past Perfect changes into **Past Perfect (No Change in tense)**	
I **had taken** English lessons before, he said	He said that he **had taken** English lessons before.
Nafi said, "I **had passed** the exam."	Nafi said that he **had passed** the exam.
Past Perfect Continuous changes into **Past Perfect Continuous (No Change in tense)**	
She said, "I **had been cooking** since	She said that she **had been cooking** since

morning.”	morning.
Kamal told me, “I **had been running** a business for many years.”	Kamal told me that he **had been running** a business for many years.
Future Tense	
Future Simple (will) changes into **Would**	
Nahid said, “I **will** go to Khulna.”	Nahid said that he **would** go to Khulna.
"I **will be** in Barisal on Tuesday", he said.	He said that he **would be** in Barisal on Tuesday.
Future Continuous (Will be) changes into **Would be**	
He said, "**I'll be using** the car next week".	He said that he **would be using** the car the

	following week.
Mahi said, “I’**ll be making** cake.”	Mahi said that she **would be making** cake.
Future Perfect (Will have) changes into **Would have**	
She said, “I **will have cleaned** the room.”	She said that she **would have cleaned** the room.
Rakib said, “I **will have called** a doctor.”	Rakib said that he **would have called** a doctor.
Future Perfect Continuous (Will have been) changes into **Would have been**	
She said, “I **will have been living** in Sylhet.”	She said that she **would have been living** in Sylhet.
He told me, “I’**ll**	He told me that he

have been gardening by the time.”	**would have been gardening** by the time.

*Reported speech এ modal verb (might, could, would, should, ought to) গুলোর কোনো পরিবর্তন হয় না।

- He explained, “It **could** be difficult to rent a car.”
- He explained that it **could** be difficult to rent a car.

সাধারণত personal pronouns গুলো পরিবর্তিত হয়ে third person singular or plural হয়। তবে বক্তা যদি নিজেই নিজের কথা বলে সেক্ষেত্রে ব্যতিক্রম হয়।

I/me/my/mine, you/your/yours = him/his/her/hers
we/us/our/ours, you/your/yours = they/their/theirs

-She said: “**I** love your new home.”
-She told **him** that she loved **his** new home.
-I said: “**I**’m going to buy some milk.”
-I said that **I** was going to buy some milk.

Time and Place

Direct Speech	**Reported/Indirect Speech**
Today changes into **That day**	
“I saw them **today**”, he said	He said that he had seen them **that day.**
Yesterday changes into **the day before**	
“I saw them **yesterday**”, Sabina said	Sabina said that she had seen them **the day before**.
Tomorrow changes into **the next/following day**	
"I'll call	Nafi said that he

you **tomorrow**", Nafi said	would call me **the next day**.
Next week/month/year changes into the following week/month/year	
"I have an appointment **next month**", Zara said.	Zara said that she had an appointment **the following month**.
Last week/month/year changes into the previous/week/month/year	
"I was on holiday **last week**", Mahi said to me.	Mahi told me that she had been on holiday **the previous week**.
Ago changes into before	
"I invited them **a week ago**," Kashfiya said.	Kashfiya said she had invited them **a week before.**

Here changes into there	
She said, "I play **here**".	She told me she played **there**.
This (for time) changes into That	
"I'm getting a new fridge **this week**", he said.	He said he was getting a new fridge **that week**.
This/that (adjectives) changes into The	
"Do you like **this pen**?" she asked	She asked if I liked **the pen**.

Question forms:

*সাধারণ প্রশ্নবোধক বাক্যে reported/indirect speech এ প্রথমে subject এবং পরে verb বসে। এক্ষেত্রে do/does/did ব্যবহার করতে হয় না।

“Where are you going?” (Direct speech)
- He asked where **I was** going. (Reported speech)

“Where does Labiba live?” (Direct speech)
- He asked her where **Labiba lived**.
(Reported speech)

*হ্যাঁ/না প্রশ্নবোধক বাক্যে reported speech গঠন করতে ask+if/whether+clause ব্যবহৃত হয়।

“Are you going to the airport? (Direct speech)
- She **asked** me **if I was going to the airport.** (Reported speech)

“Will you do this?” (Direct speech)
- She **asked** me **if I would do that.**
(Reported speech)

“Will you help me? (Direct speech)- She **asked** me **whether I would help her.**
(Reported speech)

*** Ask দিয়ে প্রশ্ন করা হলে reported speech এর ক্ষেত্রে ask (or another verb like**

ask)+question word+clause এই নিয়ম অনুসরণ করতে হয়।

“When can we have lunch?”(Direct speech)
- She asked when they could have lunch. (Reported speech)

“How do you feel today?” (Direct speech)
- The doctor asked him how he felt. (Reported speech)

www.Learnenglish99.com

Promises/ Hopes:

Hope, promise, threaten, guarantee, & swear এগুলো বুঝাতে reported speech এ that clause এর সাথে “would” বা to-infinitive clause ব্যবহার করা যায়। আবার that clause যখন ব্যবহার করা হয় “that” বাদ দিয়েও বাক্য সম্পন্ন করা যায়। নিচে উদাহরণ দিয়ে বিষয়টি আলোকপাত করা হলো।

-“I’ll give you the car tomorrow,” she said (Direct speech)

She promised **to give** me the car the next day. Or (Reported speech)

She promised **that** she **would** give me the car the next day. Or

She promised she **would** give the car the next day.

-“I will not tell anyone your secret”, Maliha said. (Direct speech)

Maliha swore that she would not tell anyone my secret. Or

Maliha swore not to tell anyone my secret. Or

Maliha swore she would not tell anyone my secret.

Orders and Request:

Order বা **request** বুঝাতে চাইলে, **“tell”/ “ask”** ব্যবহার করা হয় **to-clause** এর সাথে। নিয়মটি হলো **verb+indirect object+to-clause. Indirect object** বলতে এখানে যাকে বলা হচ্ছে তাকে বুঝায়। **She told me to go away.**

Command, order, warn, ask, advise, invite, beg, teach, & forbid এই **verb** গুলো ব্যবহার করা হয় **orders** বা **requests** বুঝাতে।

Nuhash said to me,“Go to the bank.” (Direct speech) - Nuhash **told me to** go to the bank. (Reported speech)

“Could you please be quiet?” She said (Direct speech) – She **asked me to** be quiet.

Requests : Requests for objects বাক্যে যদি object এর জন্য request করা হয় তবে asked for+object এই নিয়ম অনুসরণ করতে হয়।
“Can I have the light, please?” (Direct speech) – He asked for the light.(Reported speech)

“May I have a cup of tea?”, she said (Direct speech) – She asked for a cup of tea.

Suggestions

Suggestions বুঝাতে reported speech এ প্রায়ই that clause এ suggest, insist, recommend, demand, request and propose এই verb গুলো ব্যবহার হয়ে থাকে। “that” and “should” বাক্যে optional। Suggest, recommend এবং propose এই verb গুলো indirect object কে বাদ দিয়ে Gerund কে অনুসরণ করতে পারে যেটা suggestion কে আরো polite রূপে প্রকাশ করে।

-“Why do not you go to the police?”, She said (Direct speech)
She suggested I go to the police. Or (Reported speech)
She suggested that I go to the police. Or
She suggested I should go to the police. Or
She suggested that I should go to the police.
- Nabil said, “I don’t think you have time to see the doctor this week.” (Direct speech)
Nabil suggested postponing my visit to the doctor. (Reported speech)

গুরুত্বপূর্ণ Phrasal verbs

- ✪ Look at – তাকানো।
- ✪ Look down – ঘৃণা করা।
- ✪ Look for – খোঁজা।
- ✪ Look on – মনে করা।
- ✪ Cheer up – উৎসাহিত করা।
- ✪ Carry on – চালিয়ে যাওয়া।

✪ Carry out – পালন করা।
✪ Call off – বাতিল করা/প্রত্যাহার করা।
✪ Get into – ঢোকা/মিশে যাওয়া।
✪ Get on – চলা।
✪ Get up – উঠা/তৈরী করা।
✪ Give in – মেনে নেওয়া।
✪ Go off – বিচ্ছিন্ন হওয়া।
✪ Turn on – চালু করা।
✪ Turn off – বন্ধ করা।
✪ Turn over – উল্টানো।
✪ Turn up – হাজির হওয়া।
✪ Stand by – পাশে দাঁড়ানো
✪ Stand for – বোঝানো।
✪ Stand Off – দূরে থাকা।
✪ Act for – পক্ষে কাজ করা।
✪ Break down – ভেঙ্গে পড়া।
✪ Break in – শিক্ষা পাওয়া।
✪ Look over – পরীক্ষা করা।
✪ Break out – প্রাদুর্ভাব ঘটা।
✪ Break up – শেষ হওয়া।
✪ Call in – ডেকে আনা।

www.Laamenglish99.com

✪ Call out – ডেকে পাঠানো।
✪ Call up – স্বরণ করা।
✪ Drop out – বাদ পড়া।
✪ Get away – পালানো।
✪ Get down – নামা/মনোযোগ দেয়া।
✪ Go after – অনুসরণ করা।
✪ Go on – চালিয়ে যাওয়া।
✪ Live by – জীবন ধারণ করা।
✪ Live on – খেয়ে বেঁচে থাকা।
✪ Make up of – গঠিত হওয়া।
✪ Take off – উড্ডয়ন করা/খুলে ফেলা।
✪ See off – বিদায় জানানো।
✪ Put on – পরিধান করা।
✪ Show off – লোক দেখানো।
✪ Dress up – পোশাক পরিধান করা।
✪ Come of – জন্মগ্রহণ করা।
✪ Break away – এক স্থান হতে অন্য স্থানে সড়িয়ে নেওয়া।
✪ Fall down – পড়ে যাওয়া।
✪ Bear with – সহ্য করা।
✪ Set up – স্থাপন করা।

✪ Run after – ধাওয়া করা।
✪ Bank on – বিশ্বাস করা।
✪ Cut off – বিচ্ছিন্ন করা।
✪ Come away – খুলে ফেলা।
✪ Come on – শুরু করা।
✪ Come at – আক্রমন করা।
✪ Call for – চাওয়া।
✪ Carry away – মুগ্ধ করা।
✪ Carry off – জয় করা।
✪ Come off – সম্পন্ন হওয়া।
✪ Come over – মনে আসা/পক্ষ পরিবর্তন করা।
✪ Cut out – বাদ দেওয়া।
✪ Get out – বাহিরে যাওয়া।
✪ Get in – ভিতরে পড়া।
✪ Get over – অতিক্রম করা।
✪ Get on – চড়া।
✪ Pick up – সংগ্রহ করা।
✪ Bear on – প্রভাবিত করা।
✪ Bear up – সহ্য করা।
✪ Break off – থামা।
✪ Bring off – উদ্ধার করা।

LearnEnglish99.com
www.Learnenglish99.com

✪ Act from – কোন উদ্দেশ্য নিয়ে কাজ করা।
✪ Act against – বিরুদ্ধে কাজ করা।
✪ Act upon – নির্ভর করা।
✪ Bear away – জয়লাভ করা।
✪ Bear down – দমন করা।
✪ Bear out – সমর্থন করা।
✪ Blow away – উড়াইয়া নেওয়া।
✪ Blow over – বয়ে যাওয়া।
✪ Blow off – নির্গত করা।
✪ Blow up – বিস্ফোরণ ঘটা।
✪ Bring round – ভাল হওয়া।
✪ Bring up – লালন-পালন করা।
✪ Bring in – আয় করা/উৎপাদন করা।
✪ Call on – কারো সাথে দেখা করা।
✪ Cal upon – আবেদন করা।
✪ Call forth – আহবান করা।
✪ Cast away – নিক্ষেপ করা।
✪ Do for – ধ্বংস করা।
✪ Do off – খুলে ফেলা।
✪ Do into – অনুবাদ করা।
✪ Do on – পরিধান করা

✪ Do with – ব্যবহার করা।
✪ Draw away – অন্যদিকে ফেরানো।
✪ Cast into – আকার দান করা।
✪ Cast out – বহিস্কার করা।
✪ Come across- হঠাৎ দেখা পাওয়া।
✪ Com about – ঘটা।
✪ Fall in – ধ্বসে পড়া।
✪ Fall on – আক্রমণ করা।
✪ Get at – নাগাল পাওয়া।
✪ Get off – নামা।
✪ Act under – আদেশ মেনে নিয়ে কাজ করা।
✪ Cut down – কমানো/কেটে ফেলা।
✪ Draw up – সাজানো।
✪ Draw to – আকৃষ্ট হওয়া।
✪ Draw on – নিকটতর হওয়া।
✪ Draw out – আকর্ষণ করা।
✪ Fall off –হ্রাস পাওয়া।
✪ Fall out – ঝগড়া করা।
✪ Get beyond – ঠাঁই না পাওয়া।
✪ Get by – চালানো।
✪ Get down – লেখা।

✪ Go about – ঘুরে বেড়ানো।
✪ Go against – বিরুদ্ধে যাওয়া।
✪ Go after – অনুসরণ করা।
✪ Go by – পরিচিত।
✪ Go down – দাম পড়ে যাওয়া/কমে যাওয়া।
✪ Go out – বাহিরে যাওয়া।
✪ Go up – বৃদ্ধি পাওয়া।
✪ Go with – সম্মত হওয়া।
✪ Go without – কোন কিছু ছাড়া চলা।
✪ Grow up – বয়স্ক হওয়া।
✪ Grow to – অর্জন করার যোগ্য হওয়া।
✪ Hand over- হস্তান্তর করা।
✪ Hand down – চলে আসা/আসছে।
✪ Hang down – মাথা নিচু করা।
✪ Hang upon – মনোযোগ দিয়ে শোনা।
✪ Hang up – ঝুলানো।
✪ Hang on – অপেক্ষা করা।
✪ Hold out – প্রসারিত করা।
✪ Hold off – দূরে থাকা।
✪ Hold with – একমত হওয়া।
✪ Hold on – লেগে থাকা।

✪ Keep back – লুকানো।
✪ Keep down – চেপে রাখা।
✪ Keep from – দূরে থাকা।
✪ Keep up – রক্ষা করা/জেগে থাকা।
✪ Keep in – ভিতরে থাকা।
✪ Look after – তত্ত্বাবধান করা।
✪ Look into – তদন্ত করা।
✪ Look up to – সম্মান করা।
✪ Pass away – সরে যাওয়া/মরে যাওয়া।
✪ Pass over – উপেক্ষিত হওয়া।
✪ Pass on – অগ্রসর হওয়া।
✪ Pull in – রোজগার করা।
✪ Pull at – টানিয়া সরানো।
✪ Put away – সরিয়ে রাখা।
✪ Hang back – পশ্চাদপদ হওয়া।

ইংরেজি শেখার ভিডিও টিউটোরিয়াল পেতে নিয়মিত ভিজিট করুন
আমাদের ইউটিউব চ্যানেল

Spelling Mistake

Spelling সঠিক ইংরেজি বাক্য গঠনের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। এজন্য, বিভিন্ন প্রতিযোগীতামূলক পরীক্ষায় কয়েকটি ভুল শব্দের (Misspelled words) মধ্যে থেকে সঠিক কোনটি তা বের করতে বলা হয়। এজন্য, বানানে দক্ষতা অর্জন খুবই গুরুত্বপূর্ণ। নিম্নে বাছাইকৃত ও গুরুত্বপূর্ণ শব্দসমূহ (যার মধ্যে বিগত পরীক্ষাসমূহে এসেছে) প্রদত্ত হল।

www.Learnenglish99.com

Abhorrence	Brief
Accelerate	Bureaucracy
Accommodation	Cadaverous
Achievement	Caffeine
Affection	Campaign
Aggregate	Category
Aggressive	Characteristic
Aisle	Collaboration
Analytical	Colleague
Anniversary	Commentary
Antiseptic	Competitive
Appropriate	Complement
Astray	Condemn

Auxiliary	Conscience
Awkward	Contemporary
Bargain	Controversy
Beneficial	Correspondence
Schizophrenia	Courtesy
Heterogeneous	Deceive
Tsunami	Deficiency
Humorous	Definitely
Heterogeneous	Depression
Announce	Desperate
Leisure	Diligent
Pulitzer	Dissipate
Monetary	Dividend
Mysterious	Dormitory
Negotiate	Efficiency
Neutral	Entrepreneur
Nevertheless	Enthusiastic
Nuclear	Exaggerate
Numerous	Excitement
Obedience	Exhaust
Occurred	Existence
Onomatopoeia	Experiment
Optimistic	Facsimile

LearnEnglish99.com
www.Learnenglish99.com

Panicky	Fallacy
Patience	Fascinate
Performance	Fiery
Pernicious	Frustration
Perseverance	Genuine
Personnel	Hallucination
Phenomenal	Haemorrhage
Pneumatics	Hoarse
Possess	Hygienic
Prerogative	Hypocrisy
Prevalent	Hypocrite
Primitive	Imaginary
Prominent	Implement
Psychiatrist	Incidentally
Quarantine	Incredible
Questionnaire	Inflammable
Recognize	Influence
Reign	Ingenious
Relief	Innocent
Remembrance	Intention
Renowned	Itinerary
Restaurant	Jeopardize
Rheumatism	Kernel

LearnEnglish98.com
www.Learnenglish98.com

Ridiculous	Legitimate
Sacrifice	Lieutenant
Satellite	Longitude
Seizure	Magnificent
Shepherd	Mediocre
Supercilious	Messenger
Suppress	Millennium
Surround	Miniature
Temperamental	Miscellaneous
Tendency	Aboriginal
Threshold	Amicable
Tremendous	Antagonist
Triumph	Authentic
Unanimous	Boisterous
Unique	Bounty
Vehicle	Candid
Violence	Competent
Whisper	Congregation
Withhold	Consequence
Colossal	Cryptic
Precinct	Daunt
Acquaintance	Delicious
Corridor	Despotic

LearnEnglish99.com
www.Learnenglish99.com

Prettier	Diversity
Audience	Ecological
Tolerate	Embellish
Certainty	Encounter
Passenger	Erratic
Renaissance	Efface
Maintenance	Fantasy
Secretarial	Fastidious
Embarrass	Frugal
Miscreant	Franchise
Humorous	Genesis
Diarrhoea	Handy
Definition	Hypothetical
Cellular	Illusive
Crucial	Incredible
Breathe	Initiative
Pragmatic	Jovial
Redundant	Keen
Repent	Mentor
Resentment	Mishap
Revoke	Menacing
Scatter	Perfunctory
Sumptuous	Pinion

LearnEnglish99.com
www.Learnenglish99.com

Rhythm	Synthetic

৩৮ তম বিসিএস

Select the correctly spelt word:
a) heterogeneous b) hetarogeneous
c) hetrogeneous d) hetroganeous

Ans: a) heterogeneous

www.Learnenglish99.com

➢ Click here to go Content page

আল্লাহ পাক কুরআন মজিদে বলেছেন,
"তোমরা আমাকে স্মরণ করো, আমিও তোমাদেরকে স্মরণ করবো"।

ইংরেজি বড় বাক্য তৈরির টেকনিক/ফ্রিহ্যান্ড রাইটিং

ফ্রিহ্যান্ড রাইটিং ব্যাসিক

যে কোন ইংরেজি বাক্য তৈরির জন্য মূলতঃ প্রধান দুটি বিষয় জানা অপরিহার্য। তা হল- Verb ও subject.

উদাহরণস্বরুপঃ সুমি স্যুপ রান্না করেছে।
এখানে subject বের করার জন্য যদি প্রশ্ন করা হয়- 'কে' রান্না করেছে?' উত্তরঃ সুমি।
অর্থাৎ, subject- সুমি।
একইভাবে Verb বের করার জন্য যদি প্রশ্ন করা হয়- 'সুমি কি করেছে?' উত্তরঃ রান্না করেছে (Verb).

কিন্তু অনেক ক্ষেত্রে ইংরেজি বড় বাক্য তৈরি করতে বিশেষ করে জটিল বাক্যের subject বের করা কঠিন হয়ে পড়ে। এজন্য, বড় বড় জটিল বাক্য থেকে subject বের করার কৌশল আয়ত্ব করতে হবে।

নিম্নের উদাহরণগুলি লক্ষ্য করুনঃ

► উদাহরণ-১ঃ গ্রামের অনেক এলাকার পানিতে আর্সেনিকের পরিমান স্বাভাবিক মাত্রার চেয়ে বেশি।

subject বের করার জন্য যদি প্রশ্ন করা হয় ‘কি বেশি’?
উত্তরঃ **আর্সেনিকের পরিমান** (The amount of arsenic)
The amount of arsenic in water in many areas of the village is more than the normal level.

▶ উদাহরণ-২ঃ ঢাকা শহরের খাবারের পানির মান অত্যন্ত খারাপ।

লক্ষ্য করুন, বাক্যটিতে verb নেই, এক্ষেত্রে যে বাক্যে verb নেই সেক্ষেত্রে যে ব্যক্তি, বস্তু, বিষয় সম্পর্কে বর্ণনা করা হয় সেটাই subject. যেমনঃ এখানে ‘খাবারের পানির মান’ এটি (বিষয়) সম্পর্কে আলোচনা করা হয়েছে। অতএব, এটি subject (খাবারের পানির মান- The quality of drinking water)

ঢাকা শহরের খাবারের পানির মান অত্যন্ত খারাপ।
The quality of drinking water in Dhaka City is very harmful.

▶ উদাহরণ-৩ঃ বাংলাদেশের আবহাওয়া পরিস্থিতি সুবিধাজনক নয়।

এখানেও verb না থাকায় ‘আবহাওয়া পরিস্থিতি- The weather conditions’ subject হিসাবে গন্য হবে।

বাংলাদেশের আবহাওয়া পরিস্থিতি সুবিধাজনক নয়।

The weather conditions in Bangladesh are not convenient.

উপরোক্ত আলোচনার প্রেক্ষিতে বলা যায় যে, ইংরেজি বড় বাক্য তৈরি বা ফ্রিহ্যান্ড রাইটিং এ দক্ষ হতে বাক্যের subject ও verb চিহ্নিত করা জানতে হবে। ফ্রিহ্যান্ড রাইটিং এর পরবর্তী ধারাবাহিক পর্বগুলো সঠিকভাবে অধ্যয়ন ও পর্যাপ্ত অনুশীলন করলে Written English এর অনেক গুরুত্বপূর্ণ বিষয় আয়ত্বে আসবে ইনশাআল্লাহ ।

ইংরেজি শেখার আপডেট সহ নুতন নুতন বই/সফটওয়্যার/অ্যাপ সম্পর্কে জানতে নিয়মিত ভিজিট করুন ও লাইক দিয়ে সংযুক্ত হোন আমাদের ফেসবুক পেজে

www.facebook.com/learn.English24.bd

ফ্রিহ্যান্ড রাইটিং, পর্ব-১

প্রশাসনে সঠিক জবাবদিহিতা না থাকায় অধিকাংশ সরকারী প্রতিষ্ঠানে কর্মচারীগন তাদের দায়িত্ব সঠিকভাবে পালন করে না।

► এখানে subject বের করার জন্য যদি প্রশ্ন করা হয়

'কে/কারা দায়িত্ব পালন করে না?'

উত্তরঃ কর্মচারীগণ

Verb = দায়িত্ব পালন করা

আসুন বাক্যটি ভেঙ্গে ভেঙ্গে সাজাই...

• কর্মচারীগন তাদের দায়িত্ব সঠিকভাবে পালন করে না।

The employees do not perform their responsibilities properly

• অধিকাংশ সরকারী প্রতিষ্ঠানে = in most government organizations

• সঠিক জবাবদিহিতা না থাকায় = due to lack of proper accountability

• প্রশাসনে = in administration.

LearnEnglish99.com
www.Learnenglish99.com

সম্পূর্ণ বাক্যের অনুবাদ

প্রশাসনে সঠিক জবাবদিহিতা না থাকায় অধিকাংশ সরকারী প্রতিষ্ঠানে কর্মচারীগন তাদের দায়িত্ব সঠিকভাবে পালন করে না।

The employees in most government organizations do not perform their responsibilities properly due to lack of proper accountability in the administration.

www.Learnenglish99.com

ফ্রিহ্যান্ড রাইটিং, পর্ব-২

সকালে ঘুম থেকে উঠা একটি ভাল অভ্যাস। ভোরের আবহাওয়া থাকে নির্মল ও বিশুদ্ধ। যে ব্যক্তি খুব সকালে ঘুম থেকে উঠে সে সময় বেশি পায়। যে ভোরে উঠে সে তার সব কাজ সময়মত শেষ করতে পারে। মনোযোগ দিয়ে দৈনন্দিন কাজ সম্পাদন করা যায়। বিশেষ করে, ফজরের নামাজ আদায় করে হাটা স্বাস্থ্যের জন্য খুবই ভাল।

আসুন ভেঙ্গে ভেঙ্গে ট্রান্সলেট করি...

✪ সকালে ঘুম থেকে উঠা – Early rising from

the bed

✪ একটি ভাল অভ্যাস – a good habit

▶ সকালে ঘুম থেকে উঠা একটি ভাল অভ্যাস।

Early rising from bed is a good habit.

▶ ভোরের আবহাওয়া থাকে নির্মল ও বিশুদ্ধ।

The weather of dawn remains fresh and pure.

✪ যে ব্যক্তি খুব সকালে ঘুম থেকে উঠে – The person who rises early

✪ সে সময় বেশি পায় – gets enough time as well

▶ যে ব্যক্তি খুব সকালে ঘুম থেকে উঠে সে সময় বেশি পায়।

The person who **rises** early gets enough time as well.

Note: বাক্যে যখন **যে/সে** থাকবে, সে বাক্যে একটি Relative pronoun ব্যবহার করতে হবে, এবং এখানে Relative pronoun হল– Who, যা Subject

এর পরে ব্যবহার করতে হবে। এবং Relative pronoun দিয়ে একটি বাক্যংশ তৈরি করতে হবে যাকে আমরা Clause বলে থাকি।

▶ এ ধরনের আরো বাক্যঃ

✪ যে নিয়মিত পড়াশোনা করে সে ভাল ফলাফল প্রত্যাশা করতে পারে।

He who studies regularly can expect good results.

✪ যে দেশকে ভালবাসে সে একজন দেশপ্রেমিক।

He who loves the country is a patriot.

▶ যে ভোরে উঠে সে তার সব কাজ সময়মত শেষ করতে পারে।

He who **gets** up early can finish all his work in time.

✪ দৈনন্দিন কাজ – Daily activities

✪ সম্পাদন করা যায় – can be performed

✪ মনোযোগ দিয়ে – with keen concentration

▶ মনোযোগ দিয়ে দৈনন্দিন কাজ সম্পাদন করা যায়।

Daily activities can be performed with keen concentration.

(Note: এখানে Subject না থাকায় passive voice দ্বারা বাক্যটি করা হয়েছে।)

✪ বিশেষ করে – Specially

✪ ফজরের নামাজ আদায় করে – after performing Fajar Salat

✪ হাটা স্বাস্থ্যের জন্য খুবই ভাল – walking is very good for health.

▶ বিশেষ করে, ফজরের নামাজ আদায় করে হাটা স্বাস্থ্যের জন্য খুবই ভাল।

Specially, after performing Fajar Salat walking is very good for health.

সম্পূর্ণ বাক্যঃ

সকালে ঘুম থেকে উঠা একটি ভাল অভ্যাস। ভোরের আবহাওয়া থাকে নির্মল ও বিশুদ্ধ। যে ব্যক্তি খুব সকালে ঘুম

থেকে উঠে সে সময় বেশি পায়। যে ভোরে উঠে সে তার সব কাজ সময়মত শেষ করতে পারে। মনোযোগ দিয়ে দৈনন্দিন কাজ সম্পাদন করা যায়। বিশেষ করে, ফজরের নামাজ আদায় করে হাটা স্বাস্থ্যের জন্য খুবই ভাল।

Early rising from the bed is a good habit. The weather of dawn remains fresh and pure. He who rises early gets enough time as well. He who gets up early can finish all his work in time. Daily activities can be performed with keen concentration. Specially, after performing Fajar Salat walking is very good for health.

ফ্রিহ্যান্ড রাইটিং, পর্ব- ৩

গত মাসে আমি আমার একমাত্র ছেলের জন্ম দিন পালন করেছিলাম। জন্মদিন উপলক্ষ্যে ড্রইং রুমটি পরিস্কার করার প্রয়োজন হয়। আমার ড্রইং রুম পরিচ্ছন্ন করার পরে কেক কেনার উদ্দেশ্যে আমি স্থানীয় কনফেকশনারীতে গিয়েছিলাম। যখন কেক কিনে ফিরে আসছিলাম, তখন আমি বহুদিনের

পুরনো এক বন্ধুর সাক্ষাত পেয়েছিলাম যে আমার বাড়ির দিকে আসছিল।

আসুন ভেঙ্গে ট্রান্সলেট করি...

▶ গত মাসে আমি আমার একমাত্র ছেলের জন্ম দিন পালন করেছিলাম।

- গত মাসে – Last month
- আমি পালন করেছিলাম – I observed
- আমার একমাত্র ছেলের জন্ম দিন – my only son's Birthday.

= Last month I observed my only son's Birthday.

▶ **Note:** Last month থাকায় Verb এর past form হয়েছে। রুল অনুযায়ী Sentence-এ last, yesterday, ago, previously, before প্রভৃতি থাকলে verb এর past form হয়।

▶ জন্মদিন উপলক্ষ্যে ড্রইং রুমটি পরিস্কার করার প্রয়োজন হয়।

- জন্মদিন উপলক্ষ্যে – on the occasion of birthday.

• ড্রইং রুমটি পরিস্কার করার প্রয়োজন হয় – The drawing room needed to be cleaned.

▶ আমার ড্রইং রুম পরিচ্ছন্ন করার পরে কেক কেনার উদ্দেশ্যে আমি স্থানীয় কনফেকশনারীতে গিয়েছিলাম।
পরিচ্ছন্ন করার পরে - After having cleaned
আমার ড্রইং রুম - my drawing Room,
আমি স্থানীয় কনফেকশনারীতে গিয়েছিলাম - I went to the local Confectionary
কেক কেনার উদ্দেশ্যে - in order to purchase cake.

= After having cleaned my drawing Room, I went to the local confectionary in order to purchase Cake.

▶ **Note:** having এর পরে verb এর past participle form ব্যবহার হয়। বিশেষ করে যখন বাক্যে "কিছু করিয়া, শিখিয়া বা করার পরে" থাকে সেক্ষেত্রে এ রুলটি ব্যবহার হবে। এজন্য এখানে clean এর past participle form 'cleaned' হয়েছে। এরকম আরো উদাহরণঃ

কম্পিউটার শিখিয়া আমি আমেরিকা যাব – Having **learnt** Computer I will go to America.

▶ এ রুল অনুযায়ী একটি বড় বাক্য দেখুন....
আমি পিপাসা নিবারনের জন্য বিসমিল্লাহ্ বলে পানি পান করি এবং পান করার পর মহান আল্লাহর শোকরিয়া আদায় করে বলি আলহামদুলিল্লাহ্।

By saying Bismillah I drink water to quench my thirst and **after having done** thanking to the Almighty/great Allah, express Alhamdullah.

▶ যখন কেক কিনে ফিরে আসছিলাম, তখন আমি বহুদিনের পুরনো এক বন্ধুর সাক্ষাত পেয়েছিলাম যে আমার বাড়ির দিকে আসছিল।

• যখন কেক কিনে ফিরে আসছিলাম - While returning with the cake
• আমি বহুদিনের পুরনো এক বন্ধুর সাক্ষাত পেয়েছিলাম - I met a Friend from my old days.
• যে আমার বাড়ির দিকে আসছিল - coming towards my home.
= While returning with the cake, I met a

friend from my old days coming towards my home.

Note:

- While এর পরে Verb এর সাথে ing হয় (While returning) .
- পরবর্তী অংশে "met" একটি Verb এবং come আর একটি Verb, এজন্য রুল অনুযায়ী পরবর্তী Verb এর সাথে ing যুক্ত হয়ে "coming" হয়েছে।

সম্পূর্ণ বাক্যঃ

গত মাসে আমি আমার একমাত্র ছেলের জন্ম দিন পালন করেছিলাম। জন্মদিন উপলক্ষ্যে ড্রইং রুমটি পরিস্কার করার প্রয়োজন হয়। আমার ড্রইং রুম পরিচ্ছন্ন করার পরে কেক কেনার উদ্দেশ্যে আমি স্থানীয় কনফেকশনারীতে গিয়েছিলাম। যখন কেক কিনে ফিরে আসছিলাম, তখন আমি বহুদিনের পুরনো এক বন্ধুর সাথে সাক্ষাত পেয়েছিলাম যে আমার বাড়ির দিকে আসছিল

Last month I observed my only son's Birthday. The drawing room needed to be cleaned on the occasion of birthday. After having cleaned my drawing Room, I went to the local confectionary in order to purchase

cake. While returning with the cake I met a friend from my old days coming towards my home.

➢ Click here to go Content page

ফ্রিহ্যান্ড রাইটিং, পর্ব- ৪

আমাদের দেশের রাজনীতিবিদগণ গণতন্ত্র রক্ষার চেয়ে নিজেদের স্বার্থকে প্রাধান্য দেয়। গনতন্ত্র রক্ষায় রাজনীতিবিদদের অনেক দায়িত্ব রয়েছে। সুস্থ্য রাজনীতি দেশের উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। এ দেশের রাজনৈতিক দলগুলো পর্যায়ক্রমে গণতান্ত্রিক প্রতিষ্ঠানগুলোকে ধবংস করে দিচ্ছে।

আসুন ভেঙ্গে ভেঙ্গে ব্যাখ্যাসহ ট্রান্সলেট করি...

► আমাদের দেশের রাজনীতিবিদগণ গণতন্ত্র রক্ষার চেয়ে নিজেদের স্বার্থকে প্রাধান্য দেয়।

বাংলা বাক্যে Subject বের করার জন্য মূল verb টিকে কে/কারা বা কি দিয়ে প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায় তাই Subject.

উপরের বাক্যটিতে যদি প্রশ্ন করা হয় **‘কে/কারা প্রাধান্য দেয়?’**

উত্তর হবে- রাজনীতিবিদগণ। সুতরাং, Subject– রাজনীতিবিদগণ।

Structure: Subject + verb + Compliments

Subject = **The politicians** of our country
Verb = **give** priority
Compliments = to their own interest than protect democracy.

▸ **The politicians** of our country **give** priority to their own interest than protect democracy.

Note: Subject verb agreement এর রুল অনুযায়ী The politicians (রাজনীতিবিদগণ) plural হওয়ায় give priority (verb) হয়েছে।

▶ গণতন্ত্র রক্ষায় রাজনীতিবিদদের অনেক দায়িত্ব রয়েছে।

Politicians have many responsibilities in protecting democracy.

▶ সুস্থ্য রাজনীতি দেশের উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

Sound **politics plays** an important role in the development of the country.

Note: politics শব্দটি plural মনে হলেও এটি মূলতঃ singular, এরকম আরো শব্দ- Mathematics, Physics, ফলে politics এর পরে **plays** হয়েছে।

▶ এ দেশের রাজনৈতিক দলগুলো পযায়ক্রমে গণতান্ত্রিক প্রতিষ্ঠানগুলোকে ধংস করে দিচ্ছে।

- এ দেশের রাজনৈতিক দলগুলো – Political parties of this country
- পযায়ক্রমে ধংস করে দিচ্ছে – are gradually destroying
- গণতান্ত্রিক প্রতিষ্ঠানগুলোকে – democratic institutions

▸ **Political parties** of this country **are** gradually destroying democratic institutions.

সম্পূর্ণ বাক্যঃ

আমাদের দেশের রাজনীতিবিদগণ গণতন্ত্র রক্ষার চেয়ে নিজেদের স্বার্থকে প্রাধান্য দেয়। গনতন্ত্র রক্ষায় রাজনীতিবিদদের অনেক দায়িত্ব রয়েছে। সুস্থ্য রাজনীতি দেশের উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। এ দেশের রাজনৈতিক দলগুলো পযায়ক্রমে গণতান্ত্রিক প্রতিষ্ঠানগুলোকে ধংস করে দিচ্ছে।

The politicians of our country **give** priority to their own interest than protect democracy. Politicians have many responsibilities in protecting democracy. Sound **politics plays** an important role in the development of the country. **Political parties** of this country **are** gradually destroying democratic institutions.

ফ্রিহ্যান্ড রাইটিং, পর্ব- ৫

Passive voice & Freehand writing

ফ্রিহ্যান্ড রাইটিং এ Passive sentence এর ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। কারণ, যে কোন রিপোর্ট তৈরি, বই, সংবাদপত্র ইত্যাদি যে কোন ধরনের Written English এর অধিকাংশ Passive sentence দ্বারাই হয়ে থাকে। যদিও Passive voice এর ক্ষেত্রে অনেকেই by এর ব্যবহারকে প্রাধান্য দিয়ে থাকে। কিন্তু বাস্তবে, বিশেষ করে ফ্রিহ্যান্ড রাইটিং এ by ছাড়া Passive sentence এর ব্যবহার তুলনামূলক বেশি।

মূলতঃ যে sentence এ subject অনুপস্থিত সেক্ষেত্রে by ব্যবহার হয় না।

যেমনঃ রিপোর্টটি যথাসময়ে তৈরি হয়েছে- The report has been prepared on time.

এখানে 'কে' রিপোর্ট তৈরি করেছে তা উল্লেখ নেই, এজন্য by ব্যবহার হয়নি।

আরও একটি উদাহরণঃ

▶ রিপোর্টটি যথাসময়ে তৈরি হয়েছে এবং ম্যানেজারের দ্বারা অনুমোদিত হয়েছে।

The report has been prepared on time & it has been approved by the manager.

লক্ষ্য করুন, বাক্যের প্রথম অংশে **'কে তৈরি করেছে'** তার উল্লেখ নেই। আবার দ্বিতীয় অংশে ম্যানেজারের দ্বারা অনুমোদিত হয়েছে, অর্থাৎ, এখানে subject (manager) রয়েছে, তাই পরবর্তী অংশে by হয়েছে।

নিচের উদাহরণগুলো ভাল করে লক্ষ্য করুনঃ

উদাহরণঃ

Present Indefinite (am/is/are + Vp.p.)

- বিক্রি করা হয়- is/are sold.
- বই বিক্রি করা হয়- books are sold.
- এই দোকানে বই বিক্রি করা হয় - Books are sold in this shop.
- আয়োজন করা হয়- is/are arranged.
- মেলার আয়োজন করা হয়- The fair is arranged.
- প্রতি বছর এখানে মেলার আয়োজন করা হয়- The fair

is arranged here in every year.

▶ **একটি পূর্ণাঙ্গ বাক্যঃ**

মে মাসের প্রথম দিন সারা বিশ্বে "মে দিবস" হিসেবে পালন/উদযাপন করা হয়।

The first day of May **is observed** as "May Day" all over the world.

Continuous (Present, past, future)

(am/is/are + being + Vp.p.)
(was/were + being + Vp.p.)
(will be + being + Vp.p.)

- শেখানো হচ্ছে- is/are being taught.
- ইংরেজি শেখানো হচ্ছে- is being taught English.
- শিক্ষার্থীদের ইংরেজি শেখানো হচ্ছে- The students are **being taught** English.

পূর্ণাঙ্গ Passive বাক্যঃ

✪ স্বাধীনতা দিবস উপলক্ষ্যে প্রধানমন্ত্রীকে গার্ড অফ অনার দেওয়া হচ্ছিল।

The prime minister **was being given** guard

of honor on the occasion of the independent day.

✪ দুর্নীতি বন্ধে বাংলাদেশে কোন কার্যকর পদক্ষেপ নেওয়া হচ্ছে না।

No effective steps **are being taken** to stop the corruption of Bangladesh.

✪ গার্মেন্টস এর পণ্যগুলো নিয়মিত বিদেশে রপ্তানী হতে থাকবে।

The goods of garments **will be being exported** abroad regularly.

Present perfect (…been + v.p.p)

- জানানো হয়েছে - have/has + been informed.
- আমদানী করা হয়েছে - have/has + been imported.
- পুলিশকে এ বিষয়ে জানানো হয়েছে।

The police **has been informed** about this matter.

• এ বছর ভারত থেকে প্রচুর চাল আমদানী করা হয়েছে।

A huge amount of rice has **been imported** from India this year.

Note: লক্ষ্য করুন, বাক্যটিতে **'কে আমদানী করেছে'** নেই, অর্থাৎ, subject না থাকায় **'by'** হয়নি।

www.Learnenglish99.com

একটি পূর্ণাঙ্গ বাক্যের উদাহরণঃ

বিশিষ্ট আইটি প্রফেশনাল তারিক মাহমুদকে ২০১৯- ২০২০ সালের জন্য বাংলাদেশ কম্পিউটার সমিতির সভাপতি নির্বাচিত করা হয়েছে।

Renowned IT professional Tarik Mahmood **has been elected** president of the Bangladesh Computer Society for the fiscal year 2019- 2020.

Past Indefinite (was/were + Vp.p.)

উদাহরণঃ

• পরীক্ষা সময়মত শেষ হয়েছিল।

The exam was finished on time.

● মসজিদটি কখন তৈরি হয়েছিল?

When was the mosque built?

● সড়ক দুর্ঘটনায় ১০ জন লোক মারা গিয়েছিল।

Ten people were killed on the road accident.

LearnEnglish99.com
www.Learnenglish99.com

Future Indefinite (will be + Vp.p.)

উদাহরণঃ

● বইটি প্রকাশিত হবে।

The book **will be published**.

● ইন্টারভিউর ফলাফল তোমাকে পরে জানানো হবে।

You **will be informed** later the result of the interview.

▶ **একটি পূর্ণাঙ্গ বাক্যের উদাহরণঃ**

ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ এর বার্ষিক সম্মেলন- ২০১৯ আজ বিকাল ৩টায় বঙ্গবন্ধু সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিত হবে।

The annual conference- 2019 of Islami Bank

Bangladesh Ltd **will be held** at 3 pm today in the Bangobandhu Conference center.

Modal Auxiliaries

Can, could, shall, should, will, would, may, might, must, ought to, ইত্যাদি Modal verb এর passive structure: modal + be + v.p.p (Past participle)

উদাহরণঃ

- পবিত্র কোরআন শেখা উচিৎ।

The Holy Quran **should be learnt.**

- যানজট নিরসনে বহুমূখী পদক্ষেপ নেওয়া যেতে পারে।

Multiple steps **can be taken** to solve the traffic jam**.**

- এ সম্পর্কে আরো তথ্য ল্যাব এইডের তথ্য কেন্দ্র থেকে পাওয়া যেতে পারে।

Further information about this **can be**

obtained from information center of Lab Aid.

নোটঃ লক্ষ্য করুন, এখানে subject নেই, অর্থাৎ **'কে তথ্য পাবে?'** উল্লেখ নেই। ফলে **'by'** হয়নি।

- **একটি পূর্ণাঙ্গ বাক্যের উদাহরণঃ**

এটা এখানে উল্লেখ হতে পারে যে, **'cool water'** ব্রান্ডের পানি দুষিত হওয়ার বিষয়টি বিভিন্ন গণমাধ্যমে প্রকাশিত হয়েছে।

It **may be mentioned** here, the matter of polluted water of **'cool water'** brand has been published in various mass media.

Passive sentence হিসাবে 'To-be' (To be + Vp.p.)

কোন বাক্যে To- be এর পরে verb এর past participle হলে বাক্যটি passive sentence হিসাবে

বিবেচনা করা হবে।

যেমনঃ The report is **to be submitted** soon.
(রিপোর্টটি শীঘ্রই সাবমিট করা হবে)

আরো উদাহরণঃ

✪ ধূমপান প্রতিরোধ করতে হবে - Smoking is to be prevented.

✪ ফেসবুক আসক্তি কমাতে হবে - Facebook addiction is to be reduced.

✪ নিরক্ষরতা দূর করতে হবে - Illiteracy is to be removed.

✪ মেহমানকে আপ্যায়ন করতে হবে - The guest is to be entertained.

Passive sentence ব্যবহার করে ফ্রিহ্যান্ড রাইটিং

আধুনিক বিশ্বের প্রায় সকল কর্মকান্ডে তথ্য প্রযুক্তির ব্যবহার হয়। তথ্য প্রযুক্তির ব্যবহারের মাধ্যমে জটিল কাজকে সহজভাবে সম্পাদন করা যায়। যে ব্যক্তি তথ্য প্রযুক্তিতে দক্ষ তাকে বিশেষভাবে মূল্যায়ন করা হয়। সর্বক্ষেত্রে তথ্য

প্রযুক্তির ব্যবহার বাড়াতে বিভিন্ন পদক্ষেপ নেওয়া হচ্ছে। সরকার কর্তৃক আইসিটি উন্নয়নে দীর্ঘমেয়াদী পরিকল্পনার আলোকে অনেক কার্যকর পদক্ষেপ নেওয়া হয়েছে। দক্ষ মানব সম্পদের অভাব তথ্য প্রযুক্তি বিকাশের অন্তরায় হিসাবে বিবেচনা করা হয়। এ কারনেই, প্রয়োজনীয় প্রশিক্ষনের ব্যবস্থা নিতে হবে।

▶ আধুনিক বিশ্বের প্রায় সকল কর্মকান্ডে তথ্য প্রযুক্তির ব্যবহার হয়।

Information technology **is used** in almost all activities of modern world.

▶ তথ্য প্রযুক্তির ব্যবহারের মাধ্যমে জটিল কাজকে সহজভাবে সম্পাদন করা যায়।

Complicated task **is performed** easily using the Information technology.

▶ যে ব্যক্তি তথ্য প্রযুক্তিতে দক্ষ তাকে বিশেষভাবে মূল্যায়ন করা হয়।

The person who skilled in ICT are specially evaluated/appreciated.

▶ সর্বক্ষেত্রে তথ্য প্রযুক্তির ব্যবহার বাড়াতে বিভিন্ন পদক্ষেপ নেওয়া হচ্ছে।

Various steps **are being taken** to increase the use of ICT.

▶ সরকার কর্তৃক আইসিটি উন্নয়নে দীর্ঘমেয়াদী পরিকল্পনার আলোকে অনেক কার্যকর পদক্ষেপ নেওয়া হয়েছে।

Many effective steps **have been taken** In the light of long term plan to develop ICT by the government.

লক্ষ্য করুনঃ 'কে পদক্ষেপ নিয়েছে' উত্তর- সরকার। এখানে subject (Govt) থাকায় by ব্যবহার করা হয়েছে।

▶ দক্ষ মানব সম্পদের অভাব তথ্য প্রযুক্তি বিকাশের অন্তরায় হিসাবে বিবেচনা করা হয়।

Lack of skilled human resource **is considered** as a barrier to expand ICT.

▶ এ কারনেই, প্রয়োজনীয় প্রশিক্ষনের ব্যবস্থা নিতে হবে।

That is why, necessary training **should be taken**.

Passive sentence ব্যবহার করে আর একটি উদাহরণ

২৬ শে মার্চ আমরা আমাদের বিশ্ববিদ্যালয় সংলগ্ন মাঠে স্বাধীনতা দিবস পালন করেছিলাম। আমরা এই অনুষ্ঠানের জন্য গত ৩ দিন ধরে প্রস্তুতি নিচ্ছিলাম। আমরা পতাকা, ফেষ্টুন, ও ফুল দিয়ে আমাদের মাঠকে সাজিয়েছিলাম। অনুষ্ঠানে স্টেজের নামকরণ করা হয়েছিল বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের নামে। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য। অনুষ্ঠান শেষে একটি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছিল।

১ম বাক্যঃ

২৬ শে মার্চ আমরা আমাদের বিশ্ববিদ্যালয় সংলগ্ন মাঠে স্বাধীনতা দিবস পালন করেছিলাম।

আমরা স্বাধীনতা দিবস পালন করেছিলাম = We celebrated the independent day

২৬ শে মার্চ = on 26th March

আমাদের বিশ্ববিদ্যালয় সংলগ্ন মাঠে = in our University campus field.

▶ বাক্যটিকে এবার Passive voice এ লিখবো, পূর্বেই উল্লেখ করেছি রিপোর্ট, নিউজ, তথা Written English এর অধিকাংশ Passive sentence এ হয়ে থাকে।

Passive sentence এ বাংলা হবে নিম্নরুপঃ
২৬ শে মার্চ আমাদের বিশ্ববিদ্যালয় সংলগ্ন মাঠে স্বাধীনতা দিবস পালন করা হয়েছিল।

Active voice:
We celebrated the independent day on 26th March in our University campus field.
Passive voice:
The independent day was celebrated on 26th March in our University campus field.

২য় বাক্যঃ
আমরা এই অনুষ্ঠানের জন্য গত ৩ দিন ধরে প্রস্তুতি নিচ্ছিলাম। (Past perfect continuous tense)
We had been preparing for this program for last 3 days.
এটিকে Passive এ করলে বাক্যটি দ্বারাবে নিম্নরুপ.

▶ This program **had been being prepared** by us for last 3 days.

স্মার্ট ফ্রিহ্যান্ড রাইটিং এ '**by us**' উহ্য রাখাই মানসম্মত রাইটিং স্টাইল।

সুতরাং, This program **had been being prepared** for last 3 days.

www.Learnenglish99.com

৩য় বাক্যঃ

আমরা পতাকা, ফেষ্টুন, ও ফুল দিয়ে আমাদের মাঠকে সাজিয়েছিলাম।

We decorated the field premises with flag, festoon & flowers.

(Simple past indefinite tense)

৪র্থ বাক্যঃ

অনুষ্ঠানে স্টেজের নামকরণ করা হয়েছিল বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের নামে ।

The stage of program **was named** after the name of Bangobandhu Sheikh Mujibur Rahman.

নোটঃ লক্ষ্য করুন, এ বাক্যটি অলরেডি Passive এ রয়েছে। কারণ, 'কে/কারা নামকরণ করেছিল' নেই, অর্থাৎ, কর্তা নেই বা উহ্য। এখানে আর একটি বিষয় হল- 'কারো নামে নামকরণ করা' থাকলে after the name of..... হবে।

▶ শেখ মুজিবর রহমানের নামে= after the name of Sheikh Mujibur Rahman.

৫ম বাক্যঃ

অনুষ্ঠানের সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য।

The Vice chancellor of the University presided over the Function.

এটিকে Passive এ পরিবর্তন করলে বাক্যটি হবে নিম্নরুপঃ

▶ The function was presided over by the Vice chancellor of University.

নোটঃ সভাপতি ইংরেজি- president, সভাপতিত্ব করা- preside over, বাক্যটি past tense থাকায় হবে presided over.

৬ষ্ঠ বাক্যঃ

অনুষ্ঠান শেষে একটি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছিল।

(বাক্যটি Passive ফরম্যাটেই রয়েছে)

A pleasant cultural event was organized at the last of the ceremony.

► সম্পূর্ণ বাক্য (অনুবাদ সহ)

২৬ শে মার্চ আমাদের বিশ্ববিদ্যালয় সংলগ্ন মাঠে স্বাধীনতা দিবস পালন করা হয়েছিল। এই অনুষ্ঠানের জন্য গত ৩ দিন ধরে প্রস্তুতি নেওয়া হচ্ছিল। আমরা পতাকা, ফেষ্টুন, ও ফুল দিয়ে আমাদের মাঠকে সাজিয়েছিলাম। অনুষ্ঠানে স্টেজের নামকরণ করা হয়েছিল বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের নামে। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য। অনুষ্ঠান শেষে একটি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছিল।

The independent day was celebrated on 26th March in our University campus field. This program had been being prepared for last 3 days. We decorated the field premises with flag, festoon & flowers. The

stage of program was named after the name of Bangobandhu Sheikh Mujibur Rahman. The function was presided over by the Vice chancellor of the University. A pleasant cultural event was organized at the last of the ceremony.

ফ্রিহ্যান্ড রাইটিং, পর্ব- ৬

একজন দিনমজুর আমাদের দেশে অত্যন্ত পরিচিত ব্যক্তি। সে দিন এনে দিন খায়। তাকে সারাদিন কাজ করতে হয়। সে খুবই পরিশ্রমী। সে খুব কমই বিশ্রামের সুযোগ পায়। সে খুব সকালে ঘুম থেকে উঠে এবং উপার্জনের উদ্দেশ্যে বেরিয়ে পড়ে। দিনের আবহাওয়া ভাল না বৈরি তা বিষয় নয়। তার উদ্দেশ্য কিছু উপার্জন করতেই হবে। অন্যথায়, তাকে পরিবারসহ অনাহারে থাকতে হবে। যেদিন তার কিছু বেশি উপার্জন হয়, তখন তার আনন্দের শেষ থাকে না। সুতরাং, আমাদের উচিত দিনমজুরকে সহায়তা করা যাতে সে সুখি জীবন যাপন করতে পারে।

আসুন ভেঙ্গে ভেঙ্গে ট্রান্সলেট করি.....

✪ একজন দিনমজুর আমাদের দেশে অত্যন্ত পরিচিত ব্যক্তি।

A day labor is a very familiar person in our country.

✪ সে দিন এনে দিন খায়- He lives from hand to mouth.

✪ সে খুবই পরিশ্রমী- He is very industrious.

✪ He seldom gets the opportunity of rest- সে খুব কমই বিশ্রামের সুযোগ পায়।

(Note: seldom অর্থ কদাচিৎ বা খুবই কম। 'খুব কমই বিশ্রামের সুযোগ পায়' এটার অর্থ মূলতঃ 'সে কদাচিৎ বিশ্রামের সুযোগ পায় ' এজন্য এখানে seldom ব্যবহার হয়েছে।)

✪ সে খুব সকালে ঘুম থেকে উঠে এবং উপার্জনের উদ্দেশ্যে বেরিয়ে পড়ে।

He gets up very early in the morning and goes out for earnings.

✪ দিনের আবহাওয়া ভাল না বৈরি তা বিষয় নয়- It doesn't matter whether the day weather is good or bad.

(বাক্যে হয় কি হয় না....ভাল না মন্দ এরকম বোঝায় তখন whether ব্যবহার হয়)

✪ তার উদ্দেশ্য কিছু উপার্জন করতেই হবে- He sets his target to earn something surely.

✪ অন্যথায়, তাকে পরিবারসহ অনাহারে থাকতে হবে- Otherwise, He along with his family will have to starve.

✪ যেদিন তার কিছু বেশি উপার্জন হয়, তখন তার আনন্দের শেষ থাকে না।
Which days he can earn more, his joy knows no bounds.

(Note: "তখন তার আনন্দের শেষ থাকে না" এখানে একটি idiom ব্যবহার হয়েছে Know no bounds যার অর্থ- "যা বলে শেষ করা যায় না")

✪ সুতরাং, আমাদের উচিত দিনমজুরকে সহায়তা করা যাতে সে সুখি জীবন যাপন করতে পারে।
Therefore, we should support the day labor so that he can lead a happy life.

সম্পূর্ণ বাক্য

একজন দিনমজুর আমাদের দেশে অত্যন্ত পরিচিত ব্যক্তি। সে দিন এনে দিন খায়। তাকে সারাদিন কাজ করতে হয়। সে খুবই পরিশ্রমী। সে খুব কমই বিশ্রামের সুযোগ পায়। সে খুব সকালে ঘুম থেকে উঠে এবং উপার্জনের উদ্দেশ্যে বেরিয়ে পড়ে। দিনের আবহাওয়া ভাল না বৈরি তা বিষয় নয়। তার উদ্দেশ্য কিছু উপার্জন করতেই হবে। অন্যথায়, তাকে পরিবারসহ অনাহারে থাকতে হবে। যেদিন তার কিছু বেশি উপার্জন হয়, তখন তার আনন্দের শেষ থাকে না। সুতরাং, আমাদের উচিত দিনমজুরকে সহায়তা করা যাতে সে সুখি জীবন যাপন করতে পারে।

A day labor is a very familiar person in our country. He lives from hand to mouth. He has to work all day long. He is very industrious. He seldom gets the opportunity of rest. He gets up very early in the morning and goes out for earnings. It doesn't matter whether the day weather is good or bad. He sets his target to earn something surely. He must have to earn some money. Otherwise, He along with his family will have to starve. Which days he can earn

more, his joy knows no bounds. Therefore, we should support the day labor so that he can lead a happy life.

ফ্রিহ্যান্ড রাইটিং, পর্ব- ৭

বিজ্ঞান অনেক জিনিস আবিষ্কার করেছে। বিজ্ঞানের অবদানকে স্বীকার না করে পারি না। কম্পিউটার এগুলোর মধ্যে একটি। এটি আধুনিক প্রযুক্তির সবচেয়ে বিস্ময়কর আবিষ্কারগুলোর মধ্যে একটি। এটি আমাদের আধুনিক জীবনে একটি নতুন মাত্রা যোগ করেছে। এটি আমাদের জীবনকে সহজ ও আরামদায়ক করেছে। কম্পিউটারের মাধ্যমে আমরা খুব দ্রুত ও নিখুঁতভাবে আমাদের দৈনন্দিন কাজ সম্পাদন করতে পারি।

আসুন ভেঙ্গে ভেঙ্গে ট্রান্সলেট করি...

▶ বিজ্ঞান অনেক জিনিস আবিষ্কার করেছে।

✪ বিজ্ঞান আবিষ্কার করেছে = Science has invented

✪ অনেক জিনিস = Many things.

Science has invented many things.

▶ **Note:**

✪ **Discover**= অজানা কোন কিছুকে খুঁজে পাওয়া।

Example: America was discovered by Columbus.

✪ **Invent** = পূর্বে ছিল না তা তৈরি করা।

Example: Edison invented the gramophone.

www.Learnenglish99.com

▶ বিজ্ঞানের অবদানকে স্বীকার না করে পারি না।

We cannot but confess the contribution of science.

▶ Note: We cannot but (এটি idioms), অর্থ- কিছু না করে পারি না।

এ ধরনের আরো বাক্য-

আমরা ভাত না খেয়ে পারি না (We can't but eat rice)

আমি তোমার তারিফ না করে পারি না (I can't but admire you)

▶ কম্পিউটার এগুলোর মধ্যে একটি।

✪ কম্পিউটার = Computer

✪ হয় একটি = is one

✪ এগুলোর মধ্যে = of them.

Computer is one of them.

▶ এটি আধুনিক প্রযুক্তির সবচেয়ে বিস্ময়কর আবিষ্কারগুলোর মধ্যে একটি।

✪ এটি এগুলোর মধ্যে একটি = It is one of the most

✪ বিস্ময়কর আবিষ্কার = Wonderful inventions

✪ আধুনিক প্রযুক্তির = of modern technology.

It is one of the most wonderful inventions of modern technology.

▶ এটি আমাদের আধুনিক জীবনে একটি নতুন মাত্রা যোগ করেছে।

✪ এটা যোগ করেছে = it has added

✪ একটি নতুন মাত্রা = a new dimension

✪ আমাদের আধুনিক জীবনে = to our modern life.

it has added a new dimension to our modern life.

▶ এটি আমাদের জীবনকে সহজ ও আরামদায়ক করেছে।

✪ এটি করেছে = It has made

✪ আমাদের জীবনকে = our life

✪ সহজ ও আরামদায়ক = easy and comfortable.

it has made our life easy and comfortable.

▶ কম্পিউটারের মাধ্যমে আমরা খুব দ্রুত ও নিখুঁতভাবে আমাদের দৈনন্দিন কাজ সম্পাদন করতে পারি।

✪ আমরা সম্পাদন করতে পারি = we can perform

✪ আমাদের দৈনন্দিন কাজ = of our daily activities

✪ খুব দ্রুত ও নিখুঁতভাবে = very fast and flawlessly

✪ কম্পিউটারের মাধ্যমে = by using computer.

We can perform of our daily activities very fast and flawlessly by using computer.

সম্পূর্ণ বাক্য

বিজ্ঞান অনেক জিনিস আবিষ্কার করেছে। বিজ্ঞানের অবদানকে স্বীকার না করে পারি না। কম্পিউটার এগুলোর মধ্যে একটি। এটি আধুনিক প্রযুক্তির সবচেয়ে বিস্ময়কর আবিষ্কারগুলোর মধ্যে একটি। এটি আমাদের আধুনিক

জীবনে একটি নতুন মাত্রা যোগ করেছে। এটি আমাদের জীবনকে সহজ ও আরামদায়ক করেছে। কম্পিউটারের মাধ্যমে আমরা খুব দ্রুত ও নিখুঁতভাবে আমাদের দৈনন্দিন কাজ সম্পাদন করতে পারি।

Science has invented many things. We cannot but confess the contribution of science. Computer is one of them. It is one of the most wonderful inventions of modern technology. It has added a new dimension to our modern life. it has made our life easy and comfortable. We can perform of our daily activities very fast and flawlessly by using computer.

ইংরেজি শেখার ভিডিও টিউটোরিয়াল পেতে নিয়মিত ভিজিট করুন

আমাদের ইউটিউব চ্যানেল

LearnEnglish99.com
www.Learnenglish99.com
www.Learnenglish99.com
www.Learnenglish99.com
www.Learnenglish99.com

ফ্রিহ্যান্ড রাইটিং, পর্ব- ৮

সমগ্র বিশ্বে অনলাইনভিত্তিক সামাজিক যোগাযোগ ও ব্যবসা সম্প্রসারণের ফলে অত্যন্ত দ্রুতগতিতে ইন্টারনেট ও ওয়ার্ল্ড ওয়াইড ওয়েব সামাজিক যোগাযোগ ও ব্যবসায়িক কর্মকান্ডের অন্যতম গুরুত্বপূর্ণ প্লাটফর্মে পরিণত হয়েছে।

পূর্বেও উল্লেখ করা হয়েছে, Subject বের করার জন্য verb টিকে কে/কারা বা কি দিয়ে প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায় তাই Subject. এখানে verb হচ্ছে- পরিণত হওয়া। যদি প্রশ্ন করা হয় 'কি পরিণত হয়েছে?' উত্তরঃ ইন্টারনেট ও ওয়ার্ল্ড ওয়াইড, অর্থাৎ Subject।

আসুন ভেঙ্গে ভেঙ্গে ট্রান্সলেট করি...

✪ ইন্টারনেট ও ওয়ার্ল্ড ওয়াইড ওয়েব – Internet and World Wide Web

✪ পরিণত হয়েছে – have become

✪ অন্যতম গুরুত্বপূর্ণ প্লাটফর্মে – of the most important platforms

✪ সামাজিক যোগাযোগ ও ব্যবসায়িক কর্মকান্ডের – of social communication and business activities.

▶ ইন্টারনেট ও ওয়ার্ল্ড ওয়াইড পরিণত হয়েছে অন্যতম গুরুত্বপূর্ণ প্লাটফর্মে সামাজিক যোগাযোগ ও ব্যবসায়িক কর্মকান্ডের

Internet and World Wide Web have become of the most important platforms of social communication and business activities.

www.Learnenglish99.com

▶ এখন প্রশ্ন করুন, কিসের কারনে/ফলে?
উত্তরঃ অনলাইনভিত্তিক সামাজিক যোগাযোগ ও ব্যবসা সম্প্রসারণের ফলে (due to online base social interaction and business expansion)

▶ সমগ্র বিশ্বে অনলাইনভিত্তিক সামাজিক যোগাযোগ ও ব্যবসা সম্প্রসারণের ফলে অত্যন্ত দ্রুতগতিতে (with extreme speed)
due to online base social interaction and business expansion with extreme speed around the world.

► সম্পূর্ণ বাক্যটি অনুবাদ সহঃ

সমগ্র বিশ্বে অনলাইনভিত্তিক সামাজিক যোগাযোগ ও ব্যবসা সম্প্রসারণের ফলে অত্যন্ত দ্রুতগতিতে ইন্টারনেট ও ওয়ার্ল্ড ওয়াইড ওয়েব সামাজিক যোগাযোগ ও ব্যবসায়িক কর্মকান্ডের অন্যতম গুরুত্বপূর্ণ প্লাটফর্মে পরিণত হয়েছে।

Internet and World Wide Web have become of the most important platforms of social communication and business activities due to online base social interaction and business expansion with extreme speed around the world.

ফ্রিহ্যান্ড রাইটিং, পর্ব- ৯

দুষণমুক্ত পরিবেশ একটি দেশের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমরা বিভিন্নভাবে পরিবেশকে দূষিত করছি। আমাদের উচিৎ পরিবেশ দূষণ বন্ধ করা। বাংলাদেশের অনেকেই ধূমপানে অভ্যস্ত। পরিবেশ দূষণের অন্যতম একটি কারণ ধুমপান। ধূমপায়ীর সিগারেটের মাধ্যমে যে ধোয়া নির্গত হয় তা পরিবেশকে দারুনভাবে ক্ষতিগ্রস্থ করে। গাড়ীর ধোঁয়াও পরিবেশের জন্য বিপদজনক। গাড়ীর বিষাক্ত ধোঁয়ার কারনে শহরের পরিবেশ ক্রমশঃ দূষিত হচ্ছে।

Pollution free Environment is very important for a country. We are polluting this environment in various ways. We should stop polluting the environment. Many people of Bangladesh are used to smoking. Smoking is the significant reason for environmental pollution. Smoke emitted from the cigarette of a smoker terribly damaged the environment. Ejected smoke from cars is also unhealthy for environment. The city life gradually made polluted for the poisonous smoke of the vehicle.

► নোটঃ উপরের বাক্যগুলো সঠিকভাবে ট্রান্সলেট করতে কিছু গুরুত্বপূর্ণ গ্রামাটিক্যাল রুল জেনে নেই। বিশেষ করে এ টপিকসে verb + (ing) এর ব্যবহার লক্ষ্যনীয়।

✪ Continuous tense এর ক্ষেত্রে verb + (ing) ব্যবহার হয়।

যেমনঃ উপরের বাক্যে লক্ষ্য করুনঃ We **are**

polluting this environment in various ways. (আমরা বিভিন্নভাবে পরিবেশকে দুষিত করছি)

✪ Gerund verb এর ক্ষেত্রে verb + (ing). যেমনঃ We should **stop polluting** the environment. (আমাদের উচিৎ পরিবেশ দূষণ বন্ধ করা). এখানে stop একটি Gerund verb তাই তার পরবর্তী verb এর সাথে ing (polluting) হয়েছে।

✪ Preposition এর ক্ষেত্রে verb + (ing). যেমনঃ Many people of Bangladesh are used **to smoking** (বাংলাদেশের অনেকেই ধুমপানে অভ্যস্ত)। এখানে Preposition (to) এর পরে রুল অনুযায়ী verb এর সাথে ing (smoking) হয়েছে।

ফ্রিহ্যান্ড রাইটিং, পর্ব- ১০

সম্পূর্ণ বাক্য

ইংরেজি একটি আন্তর্জাতিক ভাষা। বিদেশীদের সাথে যোগাযোগের জন্য আমরা এ ভাষা ব্যবহার না করে পারি না। বাংলাদেশে কিছু চাকরি রয়েছে, যেমন মোবাইল কোম্পানী,

ব্যাংক ও অন্যান্য বানিজ্যিক প্রতিষ্ঠান, যেখানে ইংরেজি খুবই প্রয়োজনীয়। উপরন্তু বিদেশে যেতে ইচ্ছুক যে কোন ব্যক্তিকে ইংরেজি শিখতে হয়। সুতরাং ইংরেজি শিক্ষার গুরুত্ব অস্বীকার করা যায় না।

আসুন ভেঙ্গে ভেঙ্গে ট্রান্সলেট করি.....

ইংরেজি একটি আন্তর্জাতিক ভাষা
English is an international language.

আমরা এ ভাষা ব্যবহার না করে পারি না
We can’t but use this language
Note: We can't but use (এটি idioms),
এ ধরনের আরো বাক্য - আমরা ভাত না খেয়ে পারি না (We can’t but eat rice),
আমি তোমার তারিফ না করে পারি না (I can’t but admire you)

বিদেশীদের সাথে যোগাযোগের জন্য - to communicate with the foreigners.
বাংলাদেশে কিছু চাকরি রয়েছে - There are some jobs.
যেমন মোবাইল কোম্পানী, ব্যাংক ও অন্যান্য বানিজ্যিক প্রতিষ্ঠান

such as mobile company, bank & others commercial firm.

যেখানে ইংরেজি খুবই প্রয়োজনীয় - Where English is very essential.
উপরন্তু - Besides
বিদেশে যেতে ইচ্ছুক - wishing to go abroad
যে কোন ব্যক্তিকে ইংরেজি শিখতে হয় - any person must learn English.
সুতরাং ইংরেজি শিক্ষার গুরুত্ব - So the importance of learning English
অস্বীকার করা যায় না - can not be ignored.

Note: Modal verb (can, could, may, might) এর পরে be থাকলে verb এর past participle form ব্যবহার হয়। যেমনঃ অস্বীকার করা যায় না - can not be ignored.

সম্পূর্ণ ইংরেজি বাক্য (বাংলা অনুবাদসহ)

English is an international language. We can’t but use this language to communicate with foreigners. There are some jobs, such as mobile company, bank & others commercial firm Where English is very

essential. Besides, wishing to go abroad any person must learn English. So the importance of learning English can not be ignored.

ইংরেজি একটি আন্তর্জাতিক ভাষা। বিদেশীদের সাথে যোগাযোগের জন্য আমরা এ ভাষা ব্যবহার না করে পারি না। বাংলাদেশে কিছু চাকরি রয়েছে, যেমন মোবাইল কোম্পানী, ব্যাংক ও অন্যান্য বানিজ্যিক প্রতিষ্ঠান, যেখানে ইংরেজি খুবই প্রয়োজনীয়। উপরন্তু বিদেশে যেতে ইচ্ছুক যে কোন ব্যক্তিকে ইংরেজি শিখতে হয়। সুতরাং ইংরেজি শিক্ষার গুরুত্ব অস্বীকার করা যায় না।

➢ Click here to go Content page

ফ্রিহ্যান্ড রাইটিং, পর্ব- ১১

সম্পূর্ণ বাক্য

বেকার সমস্যা বাংলাদেশে বর্তমানে দিন দিন প্রকট হচ্ছে। সরকার এটা কাটিয়ে ওঠার চেষ্টা করছে। প্রকৃতপক্ষে এ সমস্যা সমাধানে সবাইকেই ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে।

যা-হোক, এ সমস্যার সমাধান হবে যদি আমাদের বিপুল জনসংখ্যা মানব সম্পদে পরিণত হয়।

ভোকাবুলারি (শব্দার্থ/ শব্দগুচ্ছের অর্থ)

Rigid- কঠিন/প্রকট
Cope with- কাটিয়ে ওঠা
Vast population- বিপুল জনসংখ্যা
Human resource - মানব সম্পদ
turn into- পরিণত /রূপান্তরিত হওয়া

আসুন ভেঙ্গে ভেঙ্গে ট্রান্সলেট করি.....

বেকার সমস্যা – Unemployment Problem
বাংলাদেশে – in Bangladesh
প্রকট হচ্ছে - is reaching in a rigid stage
দিন দিন – day by day
সরকার চেষ্টা করছে - Government is trying
এটা কাটিয়ে ওঠার – to cope with it
(Cope with অর্থ কাটিয়ে ওঠা, এটি একটি idioms)
প্রকৃতপক্ষে – As a matter of fact
সবাইকেই ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে - everybody has to work together

এ সমস্যা সমাধানে – for solving the issue.

যা-হোক – However

এ সমস্যা – this problem

সমাধান হবে – can be solved

যদি আমাদের বিপুল জনসংখ্যা - if our vast population

পরিণত/রূপান্তরিত হয় - turns into

মানব সম্পদে – human resource

Note: Modal verb (can, could, may, might) এর পরে be থাকলে verb এর past participle form ব্যবহার হয়। যেমনঃ this problem can be solved (সমস্যার সমাধান হবে)

সম্পূর্ণ ইংরেজি বাক্য (বাংলা অনুবাদসহ)

Unemployment Problem in Bangladesh is reaching in a rigid stage day by day. The Government is trying to cope with it. As a matter of fact, everybody has to work together for solving the issue. However, this problem can be solved if our vast population turns into human resource.

বেকার সমস্যা বাংলাদেশে বর্তমানে দিন দিন প্রকট হচ্ছে। সরকার এটা কাটিয়ে ওঠার চেষ্টা করছে। প্রকৃতপক্ষে এ সমস্যা সমাধানে সবাইকেই ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। যা-হোক, এ সমস্যার সমাধান হবে যদি আমাদের বিপুল জনসংখ্যা মানব সম্পদে পরিণত হয়।

স্পোকেন ইংলিশ শেখার অনন্য বই (হার্ডকপি)



>> দুটি বই একত্রে ডেলিভারী চার্জসহ - ৪২৫ টাকা

>> বই দুটি অর্ডার করতে ফোন করুন আমাদের হটলাইনে

হটলাইন- 01903634668, 01732071471

ফ্রিহ্যান্ড রাইটিং, পর্ব- ১২

সম্পূর্ণ বাক্য

শিক্ষাকে উন্নয়নের সোপান বলা হয়। উন্নয়ন এবং শিক্ষা একসঙ্গে চলে। সার্টিফিকেট অর্জন করা শিক্ষার প্রধান উদ্দেশ্য নয়। দেশের উন্নয়নের জন্য শিক্ষার গুরুত্ব সম্পর্কে সকলকে সচেতন করতে হবে। এক্ষেত্রে সরকারকেই সবচেয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে হবে। আসুন সবাই মিলে একটি শিক্ষিত দেশ গড়তে অঙ্গীকারাবদ্ধ হই।

ভোকাবুলারি (শব্দের অর্থ)

Stairways- সোপান

Acquire - অর্জন করা

conscious - সচেতন

Vital role - গুরুত্বপূর্ণ ভূমিকা

pledge bound - অঙ্গীকারাবদ্ধ

hand in hand - একসঙ্গে (এটা idiom)

আসুন ভেঙ্গে ভেঙ্গে ট্রান্সলেট করি.....

Education is regarded- শিক্ষাকে বিবেচনা করা হয়/গণ্য করা হয়

as the stairways- সোপান হিসাবে

of development – উন্নয়নের

Development and education go - উন্নয়ন এবং শিক্ষা চলে

hand in hand - একসঙ্গে

Acquiring certificate- সার্টিফিকেট অর্জন করা

is not the prime objective of education- শিক্ষার প্রধান উদ্দেশ্য নয়

For the development of the country- দেশের উন্নয়নের জন্য

we have to make our people conscious- সকলকে সচেতন করতে হবে

about the importance of education- শিক্ষার গুরুত্ব সম্পর্কে

At this state- এক্ষেত্রে

the government has to play- সরকারকেই পালন করতে হবে।

the most vital role – সবচেয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা

Let's pledge bound together- আসুন সবাই মিলে অঙ্গীকারাবদ্ধ হই

to build a educated country- একটি শিক্ষিত দেশ গড়তে

Note: Acquiring certificate- সার্টিফিকেট অর্জন করা,
এখানে acquire একটি verb, এটা subject হিসাবে ব্যবহার হতে পারে না, তাই এর সাথে ing যুক্ত করে subject বানানো হয়েছে। এটা Gerund এর গ্রামাটিক্যাল রুল।

www.Learnenglish99.com

সম্পূর্ণ ইংরেজি বাক্য (বাংলা অনুবাদসহ)

Education is regarded as the stairways of development. Development and education go hand in hand. Acquiring certificate is not the prime objective of education. For the development of the country we have to make our people conscious about the importance of education. At this state the government has to play the most vital role. Let’s pledgebound together to build a educated country.

শিক্ষাকে উন্নয়নের সোপান বলা হয়। উন্নয়ন এবং শিক্ষা একসঙ্গে চলে। সার্টিফিকেট অর্জন করা শিক্ষার প্রধান উদ্দেশ্য নয়। দেশের উন্নয়নের জন্য শিক্ষার গুরুত্ব সম্পর্কে সকলকে সচেতন করতে হবে। এক্ষেত্রে সরকারকেই সবচেয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে হবে। আসুন সবাই মিলে একটি শিক্ষিত দেশ গড়তে অঙ্গীকারাবদ্ধ হই।

www.Learnenglish99.com

ফ্রিহ্যান্ড রাইটিং, পর্ব- ১৩

সম্পূর্ণ বাক্য

জনসংখ্যা সমস্যা বাংলাদেশের একটি প্রকট সমস্যা। বস্তুত ইহাকে এক নাম্বার সমস্যা হিসেবে বিবেচনা করা যেতে পারে। যদিও জনসংখ্যা একটি দেশের গুরুতপূর্ণ সম্পদ তবুও ইতিমধ্যে ইহা আমাদের দেশে এটি বৃহৎ সমস্যায় পরিনত হয়েছে। সুতরাং আমাদের দেশের জনসংখ্যাকে মানব সম্পদে রূপান্তর করতে আমাদের চেষ্টা করা উচিত। নতুবা অদূর ভবিষ্যতে আমাদের কঠিন চ্যালেঞ্জের মুখোমুখি হতে হবে।

ভোকাবুলারি (শব্দের অর্থ)

Consider - বিবেচনা করা

transform- রূপান্তর করা

Human resource- মানব সম্পদ

Crucial challenge- কঠিন চ্যালেঞ্জ

দেখুন একটু মনোযোগী হলে কত সহজেই বাংলা থেকে ইংরেজি অনুবাদ করা যায়

জনসংখ্যা সমস্যা- Population Problem

প্রকট সমস্যা - is the burning question

Note: burning question অর্থ প্রকট সমস্যা, এটি একটি idiom. এটি বাক্যের ধরণ অনুযায়ী অনেক স্থানেই ব্যবহার করা যায়। যেমনঃ কঠিন সংকট, প্রকট সমস্যা ইত্যাদি।

বাংলাদেশের - of Bangladesh

বস্তুত- In fact

ইহাকে বিবেচনা করা যেতে পারে- it can be considered

এক নাম্বার সমস্যা হিসেবে - as number one problem.

যদিও- Though

জনসংখ্যা হচ্ছে একটি দেশের গুরুত্বপূর্ণ সম্পদ

The population is the significant asset of a country,

তবুও - Nevertheless

এটি পরিনত হয়েছে একটি বৃহৎ সমস্যায় আমাদের দেশে it has already become a great problem in our country,

সুতরাং আমাদের চেষ্টা করা উচিত রূপান্তর করতে - So we should try to transform

আমাদের দেশের জনসংখ্যাকে- the population of our country

মানব সম্পদে - into human resource.

নতুবা - Otherwise

অদূর ভবিষ্যতে - in near future

আমাদের কঠিন চ্যালেঞ্জের মুখোমুখি হতে হবে- We have to face a crucial challenge.

সম্পূর্ণ ইংরেজি বাক্য (বাংলা অনুবাদসহ)

Population Problem is the burning question of Bangladesh. In fact it can be considered

as number one problem. Though the population is the significant asset of a country, nevertheless it has already become a great problem in our country, So we should try to transform the population of our country into human resource. Otherwise in near future we have to face a crucial challenge.

জনসংখ্যা সমস্যা বাংলাদেশের একটি প্রকট সমস্যা। বস্তুত ইহাকে এক নাম্বার সমস্যা হিসেবে বিবেচনা করা যেতে পারে। যদিও জনসংখ্যা একটি দেশের গুরুতপূর্ণ সম্পদ তবুও ইতিমধ্যে ইহা আমাদের দেশে এটি বৃহৎ সমস্যায় পরিনত হয়েছে। সুতরাং আমাদের দেশের জনসংখ্যাকে মানব সম্পদে রূপান্তর করতে আমাদের চেষ্টা করা উচিত। নতুবা অদূর ভবিষ্যতে আমাদের কঠিন চ্যালেঞ্জের মুখোমুখি হতে হবে।

➢ Click here to go Content page

ফ্রিহ্যান্ড রাইটিং, পর্ব- ১৪

সম্পূর্ণ বাক্য

জাহেদ অত্যন্ত কৃপন ব্যক্তি। অর্থ-বিত্তের মালিক হওয়া সত্বেও সে আসবাবপত্র কিনে না বললেই চলে। আত্বীয়-স্বজন থাকা সত্বেও সে তাদেরকে আপ্যায়ন করতে চায় না। মহান আল্লাহ্ কৃপন ব্যক্তিকে পছন্দ করে না।

আসুন ভেঙ্গে ভেঙ্গে ট্রান্সলেট করি.....

জাহেদ অত্যন্ত কৃপন ব্যক্তি- Jahed is very miser person

সত্বেও - In spite

প্রচুর অর্থ-বিত্ত থাকা- having a lot of wealth

সে আসবাবপত্র কিনে না বললেই চলে- he seldom buys new furniture.

Note: seldom অর্থ কদাচিৎ বা খুবই কম। 'সে কিনে না বললেই চলে' এটার অর্থ মূলতঃ 'সে কদাচিৎ কিনে' এজন্য এখানে seldom ব্যবহার হয়েছে।

আত্বীয়-স্বজন থাকা সত্বেও- In spite of having relatives

সে তাদেরকে আপ্যায়ন করতে চায় না- he always

avoids entertaining them

মহান আল্লাহ্ কৃপন ব্যক্তিকে পছন্দ করে না- Almighty ALLAH doesn’t like the miser people.

Note: এখানে থাকা অর্থে having ব্যবহার হয়েছে।

এরকম আরো কিছু উদাহরণ

সমস্যা থাকা সত্বেও- In spite of having problem

যোগ্যতা থাকা সত্বেও- In spite of having qualification

মন্ত্রীর সাথে সম্পর্ক থাকা সত্বেও- In spite of having relation with minister.

সম্পূর্ণ ইংরেজি বাক্য (বাংলা অনুবাদসহ)

Jahed is very miser person. In spite of having a lot of wealth, he seldom buys new furniture. In spite of having relatives, he always avoids entertaining them. Almighty ALLAH doesn’t like the miser people.

জাহেদ অত্যন্ত কৃপন ব্যক্তি। অর্থ-বিত্তের মালিক হওয়া সত্বেও সে আসবাবপত্র কিনে না বললেই চলে। আত্বীয়-

স্বজন থাকা সত্বেও সে তাদেরকে আপ্যায়ন করতে চায় না। মহান আল্লাহ্ কৃপন ব্যক্তিকে পছন্দ করে না।

ফ্রিহ্যান্ড রাইটিং, পর্ব- ১৫

শরীরচর্চা একটি ভাল অভ্যাস। সত্যি কথা বলতে কি, এর কোন বিকল্প নেই। স্বাস্থ্য ভাল রাখতে হলে নিয়মিত শরীরচর্চা করতে হবে।

www.Learnenglish99.com

আসুন ভেঙ্গে ভেঙ্গে ট্রান্সলেট করি...

✪ শরীরচর্চা একটি ভাল অভ্যাস – Physical exercise is a good habit.

✪ সত্যি কথা বলতে কি, – To be honest,

✪ এর কোন বিকল্প নেই – there is no alternative to it.

✪ নিয়মিত শরীরচর্চা করতে হবে – One has to do physical exercise regularly.

✪ স্বাস্থ্য ভাল রাখতে হলে – for keeping sound health.

▶ **Note:** লক্ষ্য করুন, বাক্যটিতে "কাকে শরীরচর্চা করতে হবে" উল্লেখ নেই, অর্থাৎ কোন subject নেই, এজন্য এখানে One অথবা anyone কে subject হিসাবে কল্পনা করে বাক্য তৈরি করতে হবে। এবং রুল অনুযায়ী for এর পরে verb+ing (keeping) হয়েছে।

▶ সম্পূর্ণ বাক্যঃ

শরীরচর্চা একটি ভাল অভ্যাস। সত্যি কথা বলতে কি, এর কোন বিকল্প নেই। স্বাস্থ্য ভাল রাখতে হলে নিয়মিত শরীরচর্চা করতে হবে।

Physical exercise is a good habit. To be honest, there is no alternative to it. One has to do physical exercise regularly for keeping sound health.

"ঐ ব্যক্তির কথার চেয়ে উত্তম কথা আর কার,
যে মানুষকে আল্লাহর পথে ডাকে, নিজে নেক আমল করে ও
বলে যে আমি একজন সাধারণ মুসলমান"

- আল-কোরআন

ফ্রিহ্যান্ড রাইটিং, পর্ব- ১৬

আমি সাকিবকে খুব ভালোবাসি। তার দৃঢ় ব্যক্তিত্ব আছে। সাকিব সবার চাইতে আলাদা। তার বয়স প্রায় ২২ বছর। সে খুবই কর্তব্যপরায়ণ। সে আমার খোঁজখবর নেয়। এমনকি সে আমার পড়াশোনার ব্যাপারেও খুব তাগিদ দেয়। সে খুব খুশি হয় যদি আমি পরীক্ষায় ভালো ফলাফল করি। আমার স্বাস্থ্য সম্পর্কেও সে খুব সচেতন। সে আমাকে নিয়মিত ব্যায়াম করতে উপদেশ দেয়। সে আমাকে ইসলামী জীবন পরিচালনা করতে উপদেশ দেয়।সে বলে ইসলামি জীবন অনুশাসনের মাধ্যমে আমাদের দুনিয়া ও আখিরাতের কল্যাণ নিহিত। সে আমার কল্যাণের জন্য সর্বদা আল্লাহর নিকট প্রার্থণা করে। সে আমাকে সর্বদা সৎ, সত্যবাদী এবং পরিশ্রমী হতে উপদেশ দেয়। সে ইসলামী বই এবং টিভি নিউজ দেখা খুব পছন্দ করে। এসব কারনে আমি সাকিবকে খুব পছন্দ করি।

ভোকাবুলারি (শব্দার্থ/ শব্দগুচ্ছের অর্থ)

- ✪ Dutiful - কর্তব্যপরায়ণ।
- ✪ Looks after - খোঁজখবর নেয়া/ দেখাশোনা করা।
- ✪ Conscious - সচেতন।
- ✪ Fond of - খুব পছন্দ করা/ অনুরাগী।

✪ Lead an Islamic life - ইসলামী জীবন পরিচালনা করা বা মেনে চলা।

✪ Cut a good figure - ভালো ফলাফল করা (এটি idiom)

আসুন ভেঙে ভেঙে ট্রান্সলেট করি.....

✪ আমি সাকিবকে খুব ভালোবাসি।

I like Shakib very much.

✪ তার দৃঢ় ব্যক্তিত্ব আছে।

He has a strong personality.

✪ সাকিব সবার চাইতে আলাদা।

Shakib is different all of other's.

✪ তার বয়স প্রায় ২২ বছর।

He is about twenty two years old.

✪ সে খুবই কর্তব্যপরায়ণ।

He is very dutiful.

✪ সে আমার খোঁজখবর নেয়।

He looks after me.

✪ এমনকি সে আমার পড়াশোনার ব্যাপারেও খুব তাগিদ

দেয়।

Even, he is aware of my education.

(Aware অর্থ সচেতন, এখানে বাক্যের ভাব অনুযায়ী তাগিদ দেয়া বলা যায়)

✪ সে খুব খুশি হয় যদি আমি পরীক্ষায় ভালো ফলাফল করি।

He becomes very happy if I cut a good figure in the examination.

✪ আমার স্বাস্থ্য সম্পর্কেও সে খুব সচেতন।

He is also conscious about my physical health.

✪ সে আমাকে নিয়মিত ব্যায়াম করতে উপদেশ দেয়।

He advises me to take exercise regularly.

✪ সে আমাকে ইসলামী জীবন পরিচালনা করতে উপদেশ দেয়।

He always gives me advice to lead an Islamic life.

✪ সে বলে ইসলামি জীবন অনুশাসনের মাধ্যমে আমাদের দুনিয়া ও আখিরাতের কল্যাণ নিহিত।

He says that, blessing of duniya and akhirah

indebted in the commandment of Islamic life.

✪ সে আমার কল্যাণের জন্য সর্বদা আল্লাহর নিকট প্রার্থণা করে।

He always prays to Allah for my welfare.

✪ সে আমাকে সর্বদা সৎ, সত্যবাদী এবং পরিশ্রমী হতে উপদেশ দেয়।

He always advises me to be honest, truthful and industrious.

✪ সে ইসলামী বই এবং টিভি নিউজ দেখা খুব পছন্দ করে।

He is very fond of reading Islamic books and watching TV news.

(নোটঃ fond of একটি Prepositional phrase যার পরবর্তী Verb +ing হয়, এ কারনেই, পর্যায়ক্রমে reading ও watching হয়েছে।)

✪ এসব কারনে আমি সাকিবকে খুব পছন্দ করি।

For all these reason, I love Shakib very much.

সম্পূর্ণ বাক্য (অনুবাদসহ)ঃ

আমি সাকিবকে খুব ভালোবাসি। তার দৃঢ় ব্যক্তিত্ব আছে। সাকিব সবার চাইতে আলাদা। তার বয়স প্রায় ২২ বছর। সে খুবই কর্তব্যপরায়ণ। সে আমার খোঁজখবর নেয়। এমনকি সে আমার পড়াশোনার ব্যাপারেও খুব তাগিদ দেয়। সে খুব খুশি হয় যদি আমি পরীক্ষায় ভালো ফলাফল করি। আমার স্বাস্থ্য সম্পর্কেও সে খুব সচেতন। সে আমাকে নিয়মিত ব্যায়াম করতে উপদেশ দেয়। সে আমাকে ইসলামী জীবন পরিচালনা করতে উপদেশ দেয়। সে বলে ইসলামি জীবন অনুশাসনের মাধ্যমে আমাদের দুনিয়া ও আখিরাতের কল্যাণ নিহিত। সে আমার কল্যাণের জন্য সর্বদা আল্লাহর নিকট প্রার্থণা করে। সে আমাকে সর্বদা সৎ, সত্যবাদী এবং পরিশ্রমী হতে উপদেশ দেয়। সে ইসলামী বই এবং টিভি নিউজ দেখা খুব পছন্দ করে। এসব কারনে আমি সাকিবকে খুব পছন্দ করি।

I like Shakib very much. He has a strong personality. Shakib is different all of other's. He is about twenty two years old. He is very dutiful.He looks after me. Even, he is aware

of my education. He becomes very happy if I cut a good figure in the examination. He is also conscious about my physical health. He advices me to take exercise regularly. He always gives me advice to lead an Islamic life. He says that, blessing of duniya and akhirah indebted in the commandment of Islamic life. He always prays to Allah for my welfare. He always advices me to be honest, truthful and industrious. He is very fond of reading Islamic books and watching TV news. For all these reason, I love Shakib very much.

ফ্রিহ্যান্ড রাইটিং, পর্ব- ১৭

বইমেলা একটি আকর্ষণীয় মেলা। বিভিন্ন রকমের বই এখানে বিক্রির জন্য প্রদর্শন করা হয়। প্রতি বছর ফেব্রুয়ারী মাসে বাংলা একাডেমীতে বাংলাদেশের সবচেয়ে বৃহৎ বইমেলা অনুষ্ঠিত হয়। এটি একুশে বইমেলা হিসাবে পরিচিত।

Book fair is an attractive fair. Various/different kinds of books are displayed here for selling. The largest book fair of Bangladesh is held in Bangla academy in February every year. It is known as “Ekusyeboimela”.

www.Learnenglish99.com

আসুন ভেঙ্গে ভেঙ্গে ট্রান্সলেট করি...

✪ বইমেলা একটি আকর্ষণীয় মেলা।
Book fair is an attractive fair.

✪ বিভিন্ন রকমের বই এখানে বিক্রির জন্য প্রদর্শন করা হয়।

এ বাক্যে প্রথমেই Subject বের করতে হবে। লক্ষ্য করুন- বাক্যটির Subject হলো "বিভিন্ন রকমের বই" যা ইংরেজিতে হবে "Various/different kinds of books"
Subject এর পরে এবার রুল অনুসারে verb বসাতে হবে, এখানে verb হচ্ছে - "প্রদর্শন করা হয়" যার

ইংরেজি হলো "Display"। এখানে গ্রামাটিক্যাল একটি রুল মনে রাখতে হবে- sentence এ যখন subject নিজে সক্রিয়ভাবে কাজ করে না, তখন Passive voice এ করতে হবে। অতএব, এখানে "display বা প্রদর্শন করার" কাজটি করতে নিজে নিজে হতে পারে না। অর্থাৎ, এখানে subject সক্রিয় নেই তাই এটি passive voice এ- করতে হবে।

যে sentence এ subject নিজে সক্রিয়ভাবে কাজ করে না, বরং পরোক্ষভাবে object এর কাজটি তার উপর বর্তায় সে sentence এ verb এর Passive voice হয়।

✪ সুতরাং বাক্যটি হবে
বিভিন্ন রকমের বই প্রদর্শন করা হয়...
Various/different kinds of books are displayed.....

▸ Note: “Various/different kinds of books” plural হওয়ায় এর পরে are হয়েছে। এবং passive voice এর রুল অনুসারে- verb এর past participle (displayed) হয়েছে।

এখানে বিক্রির জন্য- here for selling

Note: preposition এর রুল অনুসারে for এর পরে verb(ing) হয়েছে, যেমনঃ for selling.

✪ সুতরাং পূর্ণ বাক্যটি হবেঃ

Various/different kinds of books are displayed here for selling

(বিভিন্ন রকমের বই এখানে বিক্রির জন্য প্রদর্শন করা হয়।)

✪ বাংলাদেশের সবচেয়ে বৃহৎ বইমেলা - The largest book fair of Bangladesh

✪ অনুষ্ঠিত হয় - is held

✪ বাংলা একাডেমীতে - in Bangla Academy

✪ প্রতি বছর ফেব্রুয়ারী মাসে - in February every year

✪ এটি একুশে বইমেলা হিসাবে পরিচিত- It is known.

✪ বইমেলা হিসাবে - as "Ekusyeboimela"

▶ সম্পূর্ণ বাক্যঃ

বইমেলা একটি আকর্ষণীয় মেলা। বিভিন্ন রকমের বই এখানে বিক্রির জন্য প্রদর্শন করা হয়। প্রতি বছর ফেব্রুয়ারী মাসে

বাংলা একাডেমীতে বাংলাদেশের সবচেয়ে বৃহৎ বইমেলা অনুষ্ঠিত হয়। এটি একুশে বইমেলা হিসাবে পরিচিত।

Book fair is an attractive fair. Various/different kinds of books are displayed here for selling. The largest book fair of Bangladesh is held in Bangla academy in February every year. It is known as “Ekusyeboimela”.

www.Learnenglish99.com

ফ্রিহ্যান্ড রাইটিং, পর্ব- ১৮

সারা বিশ্বের শহর গুলোতে যানবাহন সমস্যা একটি বড় সমস্যা হয়ে উঠেছে। আমাদের শহর গুলোতে অনেক বেশি যানবাহন রয়েছে। পথচারীদের নিরাপদে চলাচল করতে কম স্থান এবং স্বাধীনতা আছে। এছাড়াও, অধিক সংখ্যক যানবাহন তীব্র দূষণ তৈরি করছে। সেইজন্য, এই সমস্যাটি হ্রাস করতে জনসাধারণের পরিবহন উন্নয়ন সম্পর্কে আমাদের আরো সতর্কতার সাথে চিন্তা করতে হবে।

আসুন ভেঙ্গে ভেঙ্গে ট্রান্সলেট করি...

▶ সারা বিশ্বের শহরগুলোতে যানবাহন সমস্যা একটি বড় সমস্যা হয়ে উঠেছে।

Traffic problem in cities all over the world has become a major problem.

▶ আমাদের শহর গুলোতে অনেক বেশি যানবাহন রয়েছে।

There are too many vehicles in our cities.

▶ পথচারীদের নিরাপদে চলাচল করতে কম স্থান এবং স্বাধীনতা আছে।

Pedestrians have less space and freedom to move safely.

▶ এছাড়াও, অধিক সংখ্যক যানবাহন তীব্র দূষণ তৈরি করছে।

✪ এছাড়াও, – Also,

✪ অধিক সংখ্যক যানবাহন – a large number of vehicles

✪ তীব্র দূষণ তৈরি করছে – are causing

severe pollution.

▶ Also, a large number of vehicles are causing severe pollution.

নোটঃ Simple present continuous tense, তাই **auxiliary** verb এর পর main verb এর শেষে ing যোগ করা হয়েছে।

▶ সেইজন্য, এই সমস্যাটি হ্রাস করতে জনসাধারণের পরিবহন উন্নয়ন সম্পর্কে আমাদের আরো সতর্কতার সাথে চিন্তা করতে হবে।

▶ Therefore, we need to think more carefully about developing public transport to reduce this problem. (about (preposition) এর পরে রুল অনুযায়ী verb (ing) হয়েছে)

► সম্পূর্ণ বাক্য (অনুবাদ সহ)

সারা বিশ্বের শহর গুলোতে যানবাহন সমস্যা একটি বড় সমস্যা হয়ে উঠেছে। আমাদের শহর গুলোতে অনেক বেশি যানবাহন রয়েছে। পথচারীদের নিরাপদে চলাচল করতে কম স্থান এবং স্বাধীনতা আছে। এছাড়াও, অধিক সংখ্যক যানবাহন তীব্র দূষণ তৈরি করছে। সেইজন্য, এই সমস্যাটি হ্রাস করতে জনসাধারণের পরিবহন উন্নয়ন সম্পর্কে আমাদের আরো সতর্কতার সাথে চিন্তা করতে হবে।

Traffic problem in cities all over the world has become a major problem. There are too many vehicles in our cities. Pedestrians have less space and freedom to move safely. Also, a large number of vehicles are causing severe pollution. Therefore, we need to think more carefully about developing public transport to reduce this problem.

ফ্রিহ্যান্ড রাইটিং, পর্ব- ১৯

The Daily Star পত্রিকার অনুবাদ

Be equipped with modern technologies
(আধুনিক প্রযুক্তির সাথে নিজেদেরকে সম্পৃক্ত করুন)

বিশেষায়িত নিরাপত্তা বাহিনির(এসএসএফ) কর্মকর্তাদেরকে গত শনিবার সমবেত হতে বলা হয়েছিল ক্রমাগত পরিবর্তিত অপরাধের বিরুদ্ধে লড়াইয়ে নিজেদেরকে আধুনিক প্রযুক্তি ও জ্ঞানে সমৃদ্ধ করবার জন্য ।
তিনি বলেন, "বাংলাদেশ সহ পৃথিবীর সকল স্থানে অপরাধের ধরন-ধারন প্রতিনিয়ত পরিবর্তন হচ্ছে। তাই আপনারা এই সব অপরাধকে ব্যার্থ করার নিমিত্তে নিজেদেরকে আধুনিক প্রযুক্তি ও জ্ঞানে সমৃদ্ধ হতে হবে একই সাথে এই সকল ব্যাপারে(প্রযুক্তি) সচেতন থাকতে হবে ।" প্রধানমন্ত্রী বলেন, বিজ্ঞান ও প্রযুক্তির বর্তমান যুগে নতুন নতুন প্রযুক্তির উদ্ভাবন হচ্ছে এবং তাদের ব্যবহার বৃদ্ধি পাচ্ছে। রাজধানীর তেজগাঁওয়ে অবস্থিত অফিসার্স মেসে এলিট ফোর্সের ৩৩ তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠানে ভাষণে প্রধানমন্ত্রী এসব কথা বলেন, বাংলাদেশ সংবাদ সংস্থার রিপোর্ট।

▶ বিশেষায়িত নিরাপত্তা বাহিনির (এসএসএফ) কর্মকর্তাদেরকে গত শনিবার সমবেত হতে বলা হয়েছিল

ক্রমাগত পরিবর্তিত অপরাধের বিরুদ্ধে লড়াইয়ে নিজেদেরকে আধুনিক প্রযুক্তি ও জ্ঞানে সমৃদ্ধ করবার জন্য ।

On Saturday asked the personnel of the Special Security Force (SSF) to be equipped with modern technologies and knowledge to combat constant changing crimes.

▶ তিনি বলেন, "বাংলাদেশ সহ পৃথিবীর সকল স্থানে অপরাধের ধরন-ধারন প্রতিনিয়ত পরিবর্তন হচ্ছে। তাই আপনারা এই সব অপরাধকে ব্যার্থ করার নিমিত্তে নিজেদেরকে আধুনিক প্রযুক্তি ও জ্ঞানে সমৃদ্ধ হতে হবে একই সাথে এই সকল ব্যাপারে (প্রযুক্তি) সচেতন থাকতে হবে ।"

ভেঙ্গে ভেঙ্গে বিশ্লেষণ করলে....

বাংলাদেশ সহ পৃথিবীর সকল স্থানে অপরাধের ধরন-ধারন প্রতিনিয়ত পরিবর্তন হচ্ছে।

এখানে Subject বের করার জন্য প্রশ্ন করুন 'কি পরিবর্তন হচ্ছে?' উত্তরঃ অপরাধের ধরন-ধারন (The pattern of crimes), প্রতিনিয়ত বা ঘনঘন পরিবর্তন হচ্ছে (frequently changing), বাংলাদেশ সহ (including Bangladesh)

অতএব পুরো বাক্য- The pattern of crimes is

frequently changing in the world including Bangladesh.

প্যারার পরবর্তী অংশ...

তাই আপনারা এই সব অপরাধকে ব্যার্থ করার নিমিত্তে নিজেদেরকে আধুনিক প্রযুক্তি ও জ্ঞানে সমৃদ্ধ হতে হবে একই সাথে এই সকল ব্যাপারে (প্রযুক্তি) সচেতন থাকতে হবে ।

www.Laamenglish99.com

• নিজেদেরকে আধুনিক প্রযুক্তি ও জ্ঞানে সমৃদ্ধ হতে হবে

You'll have to be equipped with modern technologies and knowledge.

• একই সাথে এই সকল ব্যাপারে (প্রযুক্তি) সচেতন থাকতে হবে

as well as to remain aware of these (technologies)

(একই সাথে/সেই সাথে থাকলে as well as ব্যবহার হয়)

• এই সব অপরাধকে ব্যার্থ করার নিমিত্তে

to thwart the crimes,

অতএব পুরো বাক্য- So, you'll have to be equipped with modern technologies and knowledge as well as to remain aware of these (technologies) to thwart the crimes,

Copyright by: Md. Farid Ahmed

প্যারার পরবর্তী অংশ...

▶ প্রধানমন্ত্রী বলেন, বিজ্ঞান ও প্রযুক্তির বর্তমান যুগে নতুন নতুন প্রযুক্তির উদ্ভাবন হচ্ছে এবং তাদের ব্যবহার বৃদ্ধি পাচ্ছে।

The prime minister said, in the present era of science and technology, new technologies are being invented and their use is increasing.

- বিজ্ঞান ও প্রযুক্তির বর্তমান যুগে- in the present era of science and technology
- নতুন নতুন প্রযুক্তির উদ্ভাবন হচ্ছে- new technologies are being invented (কে উদ্ভাবন করছে নেই, তাই বাক্যটি passive voice এ হয়েছে।
- এবং তাদের ব্যবহার বৃদ্ধি পাচ্ছে- and their use is increasing.

প্যারাটির পুরো অনুবাদ

“The pattern of crimes is frequently changing in the world including Bangladesh. So, you’ll have to be equipped with modern

technologies and knowledge as well as to remain aware of these (technologies) to thwart the crimes," she said.

▶ রাজধানীর তেজগাঁওয়ে অবস্থিত অফিসার্স মেসে এলিট ফোর্সের ৩৩ তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠানে ভাষণে প্রধানমন্ত্রী এসব কথা বলেন, বাংলাদেশ সংবাদ সংস্থার রিপোর্ট।

The prime minister was addressing the 33rd founding anniversary function of the elite force at its Officers' Mess in Tejgaon in the capital, BSS reports.

ফ্রিহ্যান্ড রাইটিং, পর্ব- ২০

The Daily Star পত্রিকার অনুবাদ

Dhaka continues to be unlivable despite progress

(উন্নতি সত্ত্বেও বসবাসের অযোগ্য শহর "ঢাকা")

▶ Despite massive infrastructure development, development projects will not make Dhaka a better place to live

because the city is massively overpopulated.

শব্দগুচ্ছের অর্থ

- ব্যাপক অবকাঠামোগত উন্নয়ন- massive infrastructure development
- অত্যন্ত জনবহুল - massively overpopulated.

পুরো বাক্যের অনুবাদ

ব্যাপক অবকাঠামোগত উন্নয়ন সত্ত্বেও ঢাকার উন্নয়ন প্রকল্পগুলি ঢাকাকে বাসযোগ্য স্থান হিসাবে তৈরি করবে না কারণ শহরটি অত্যন্ত জনবহুল।

- A seminar organized by Nagar Unnayan Sangbadik Forum (NUSF) on May 25 brought together urban planners and experts to discuss what needs to be done.

২৫মে নগর উন্নয়ন সাংবাদিক ফোরাম (এনইউএসএফ) কর্তক আয়োজিত এক সেমিনারে করনীয় বিষয় সম্পর্কে আলোচনা করতে শহর পরিকল্পনাবিদ ও বিশেষজ্ঞরা একত্রিত হয়েছিলেন।

▶ We learn that unless city planner's start making plans to decentralize the capital city, its standard of living will continue to deteriorate.

শব্দগুচ্ছের অর্থ

- যতক্ষণ পর্যন্ত না- unless
- শহরের বিকেন্দীকরণের পরিকল্পনা- plans to decentralize the capital city
- নিম্নমুখী/খারাপের দিকে ধাবিত হওয়া- deteriorate.

পুরো বাক্যের অনুবাদ

আমরা জানতে পারলাম, যতক্ষণ পর্যন্ত না শহর পরিকল্পনাবিদরা রাজধানী শহরের বিকেন্দীকরণের পরিকল্পনা করবেন ততক্ষণ ইহার বসবাসের মান নিম্নমুখী হতে থাকবে।

▶ সম্পূর্ণ বাক্যটি অনুবাদ সহঃ

Despite massive infrastructure development, development projects will not make Dhaka a better place to live because the city is massively overpopulated. A seminar organized by

Nagar Unnayan Sangbadik Forum (NUSF) on May 25 brought together urban planners and experts to discuss what needs to be done. We learn that unless city planner's start making plans to decentralize the capital city, its standard of living will continue to deteriorate.

ব্যপক অবকাঠামোগত উন্নয়ন সত্ত্বেও ঢাকার উন্নয়ন প্রকল্পগুলি ঢাকাকে বাসযোগ্য স্থান হিসাবে তৈরি করবে না কারন শহরটি অত্যন্ত জনবহুল। ২৫মে নগর উন্নয়ন সাংবাদিক ফোরাম (এনইউএসএফ) কর্তক আয়োজিত এক সেমিনারে করনীয় বিষয় সম্পর্কে আলোচনা করতে শহর পরিকল্পনাবিদ ও বিশেষজ্ঞরা একত্রিত হয়েছিলেন। আমরা জানতে পারলাম, যতক্ষন পর্যন্ত না শহর পরিকল্পনাবিদরা রাজধানী শহরের বিকেন্দীকরণের পরিকল্পনা করবেন ততক্ষন ইহার বসবাসের মান নিম্নমুখী হতে থাকবে।

ইংরেজি শেখার নিয়মিত আপডেট লেসন পেতে ভিজিট করুন www.learnenglish99.com

ফ্রিহ্যান্ড রাইটিং, পর্ব- ২১

সমন্বিত ৮ ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান নিয়োগ পরীক্ষা- ২০১৯

কিশমিশ হলো শুষ্ক আঙ্গুর যা হাজার হাজার বছর ধরে খাওয়া হয়ে থাকে। প্রায় ৩৫০০ বছর পূর্বে, প্রথম কিশমিশ আবিষ্কৃত হয় যখন সূর্যের তাপে আঙ্গুরলতায় আঙ্গুর শুকানো হচ্ছিল। মধ্যযুগীয় ইউরোপে কিশমিশকে ব্যবহার করা হত মিষ্টান্য, ঔষধ এমনকি অর্থের বিকল্প হিসাবে। আমেরিকাতে কিশমিশ প্রথম উৎপাদিত হয়, যখন ক্যালিফোর্নিয়াতে ১৮৭৩ সালের তাপদাহে তাদের মূল্যবান আঙ্গুর শস্য বিনষ্ট হয় যা রেখে যায় শুষ্ক এবং শিকড়যুক্ত আঙ্গুরলতায় সুস্বাদু আঙ্গুর। এরই খুব অল্প কিছুদিন পর ক্যালিফোর্নিয়ার কৃষকেরা বীজহীন আঙ্গুর এর জাত উদ্ভাবন করেন যা ছিল পাতলা খোসাযুক্ত এবং সুমিষ্ট। এই আঙ্গুরগুলোই প্রয়োজন অনুযায়ী সূর্যের তাপে শুকিয়ে তৈরি করা হয় জনপ্রিয় কাল কিশমিশ যা আমরা বর্তমান সময়ে খেয়ে থাকি এবং ব্যবহার করি। পরবর্তিতে, বিশেষ পদ্ধতিতে সালফার ডাই অক্সাইডের দ্বারা আঙ্গুরকে প্রক্রিয়াজাতকরনের মাধ্যমে শুকিয়ে কিশমিশের একটি মূল্যবান জাত আবিষ্কার করা হয়।

▶ কিশমিশ হলো শুষ্ক আঙ্গুর যা হাজার হাজার বছর ধরে খাওয়া হয়ে থাকে।

Raisins are dried grapes that have been eaten for thousands of years.
(বাক্যটিতে কর্তা উহ্য, অর্থাৎ subject না থাকায় Passive voice এ করা হয়েছে।)

▶ প্রায় ৩৫০০ বছর পূর্বে, প্রথম কিশমিশ আবিষ্কৃত হয় যখন সূর্যের তাপে আঙ্গুরলতায় আঙ্গুর শুকানো হচ্ছিল।

Nearly 3,500 years ago, **the first raisins were discovered** as grapes that were drying in the sun on a vine.

✪ প্রায় ৩৫০০ বছর পূর্বে- Nearly 3,500 years ago

✪ প্রথম কিশমিশ আবিষ্কৃত হয় - the first raisins were discovered

✪ যখন সূর্যের তাপে আঙ্গুরলতায় আঙ্গুর শুকানো হচ্ছিল- as grapes that were drying in the sun on a vine.

নোটঃ লক্ষ্য করুন, ‘প্রথম কিশমিশ আবিষ্কৃত হয়’ কর্তা (subject) নেই, সেজন্য passive এ হয়েছে।

▶ মধ্যযুগীয় ইউরোপে কিশমিশকে ব্যবহার করা হত মিষ্টান্য, ঔষধ এমনকি অর্থের বিকল্প হিসাবে।

In medieval Europe, **raisins were used** as sweeteners, medicine, and even as a form of money!

নোটঃ বাক্যটিতে ‘কে ব্যবহার করতো’ নেই, কর্তা উহ্য। সেহেতু, passive এ হয়েছে।

▶ আমেরিকাতে কিশমিশ প্রথম উৎপাদিত হয়, যখন ক্যালিফোর্নিয়াতে ১৮৭৩ সালের তাপদাহে তাদের মূল্যবান আঙ্গুর শস্য বিনষ্ট হয় যা রেখে যায় শুষ্ক এবং শিকড়যুক্ত আঙ্গুরলতায় সুস্বাদু আঙ্গুর।

✪ আমেরিকাতে কিশমিশ প্রথম উৎপাদিত হয়- In America, raisins **were first grown** **(Passive)**

✪ যখন ক্যালিফোর্নিয়াতে ১৮৭৩ সালের তাপদাহে তাদের মূল্যবান আঙ্গুর শস্য বিনষ্ট হয়

after an 1873 heat wave in California destroyed its valuable grape crop **(past indefinite)**

✪ যা রেখে যায় শুষ্ক এবং শিকড়যুক্ত আঙ্গুরলতায় সুস্বাদু আঙ্গুর।

leaving only dried, wrinkly, but tasty grapes on the vines. **(Past indefinite)**

▶ In America, raisins **were first grown** after an 1873 heat wave in California destroyed its valuable grape crop, leaving only dried, wrinkly, but tasty grapes on the vines.

▶ এরই খুব অল্প কিছুদিন পর ক্যালিফোর্নিয়ার কৃষকেরা বীজহীন আঙ্গুর এর জাত উদ্ভাবন করেন যা ছিল পাতলা খোসাযুক্ত এবং সুমিষ্ট।

Soon, farmers began developing seedless grapes in California that were thin-skinned and sweet.

▶ এই আঙ্গুরগুলোই প্রয়োজন অনুযায়ী সুর্যের তাপে শুকিয়ে তৈরি করা হয় জনপ্রিয় কাল কিশমিশ যা আমরা বর্তমান সময়ে খেয়ে থাকি এবং ব্যবহার করি।

These grapes would be purposely dried in the sun and became the popular dark raisin we eat and enjoy today.

▶ পরবর্তিতে, বিশেষ পদ্ধতিতে সালফার ডাই অক্সাইডের দ্বারা আঙ্গুরকে প্রক্রিয়াজাতকরনের মাধ্যমে শুকিয়ে কিশমিশের একটি মূল্যবান জাত আবিষ্কার করা হয়।

Later, a golden variety of raisin **was made** by treating grapes with a chemical called sulfur dioxide and using special methods to dry them.

▶ সম্পূর্ণ বাক্যঃ

কিশমিশ হলো শুষ্ক আঙ্গুর যা হাজার হাজার বছর ধরে খাওয়া হয়ে থাকে। প্রায় ৩৫০০ বছর পূর্বে, প্রথম কিশমিশ আবিষ্কৃত হয় যখন সুর্যের তাপে আঙ্গুরলতায় আঙ্গুর শুকানো হচ্ছিল। মধ্যযুগীয় ইউরোপে কিশমিশকে ব্যবহার করা হত মিষ্টান্য,

ওষধ এমনকি অর্থের বিকল্প হিসাবে। আমেরিকাতে কিশমিশ প্রথম উৎপাদিত হয়, যখন ক্যালিফোর্নিয়াতে ১৮৭৩ সালের তাপদাহে তাদের মূল্যবান আঙ্গুর শস্য বিনষ্ট হয় যা রেখে যায় শুষ্ক এবং শিকড়যুক্ত আঙ্গুরলতায় সুস্বাদু আঙ্গুর। এরই খুব অল্প কিছুদিন পর ক্যালিফোর্নিয়ার কৃষকেরা বীজহীন আঙ্গুর এর জাত উদ্ভাবন করেন যা ছিল পাতলা খোসাযুক্ত এবং সুমিষ্ট। এই আঙ্গুরগুলোই প্রয়োজন অনুযায়ী সুর্যের তাপে শুকিয়ে তৈরি করা হয় জনপ্রিয় কাল কিশমিশ যা আমরা বর্তমান সময়ে খেয়ে থাকি এবং ব্যবহার করি। পরবর্তিতে, বিশেষ পদ্ধতিতে সালফার ডাই অক্সাইডের দ্বারা আঙ্গুরকে প্রক্রিয়াজাতকরনের মাধ্যমে শুকিয়ে কিশমিশের একটি মূল্যবান জাত আবিষ্কার করা হয়।

Raisins are dried grapes that have been eaten for thousands of years. Nearly 3,500 years ago, the first raisins were discovered as grapes that were drying in the sun on a vine. In medieval Europe, raisins were used as sweeteners, medicine, and even as a form of money! In America, raisins were first grown after an 1873 heat wave in California

destroyed its valuable grape crop, leaving only dried, wrinkly, but tasty grapes on the vines. Soon, farmers began developing seedless grapes in California that were thin-skinned and sweet. These grapes would be purposely dried in the sun and became the popular dark raisin we eat and enjoy today. Later, a golden variety of raisin was made by treating grapes with a chemical called sulfur dioxide and using special methods to dry them.

www.Learnenglish99.com

ফ্রিহ্যান্ড রাইটিং, পর্ব- ২২

The Daily Star পত্রিকার অনুবাদ

Prime Bank gets new DMD

- Faisal Rahman has recently been appointed deputy managing director and chief business officer of Prime Bank.

সম্প্রতি প্রাইম ব্যাংকের ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর ও প্রধান ব্যবসায় কর্মকর্তা হিসাবে নিয়োগ পেলেন ফয়সাল রহমান।

- He will lead the bank's corporate and institutional banking division, the bank said in a statement yesterday.

তিনি ব্যাংটির কর্পোরেট ও প্রাতিষ্ঠানিক ব্যাংকিং বিভাগটি পরিচালনা করবেন বলে ব্যাংকটির একটি বিবৃতিতে গতকাল এ কথা জানান হয়।

- Prior to the appointment, he was the senior executive vice president and head of relationships & structured finance unit of Eastern Bank's corporate banking division.

এই নিয়োগের পূর্বে তিনি ইস্টার্ণ ব্যাংকের সিনিয়র এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট ও কর্পোরেট ব্যাংকিং শাখার সম্পর্ক ও কাঠামোগত অর্থ শাখার প্রধান হিসাবে দায়িত্বপ্রাপ্ত ছিলেন।

- He started his career at Credit Agricole Indosuez in 1995 and also worked at Standard Chartered Bank.

১৯৯৫ সালে তিনি তার কর্মজীবন শুরু করেন "ক্রেডিট এগ্রিকোল ইন্দোসিউজে" এবং পরবর্তিতে তিনি স্ট্যাণ্ডার্ড চাটার্ড ব্যংকেও কর্মরত ছিলেন।

▶ সম্পূর্ণ বাক্য (অনুবাদ সহ)
সম্প্রতি প্রাইম ব্যাংকের ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর ও প্রধান ব্যবসায় কর্মকর্তা হিসাবে নিয়োগ পেলেন ফয়সাল রহমান। তিনি ব্যাংটির কর্পোরেট ও প্রাতিষ্ঠানিক ব্যাংকিং বিভাগটি পরিচালনা করবেন বলে ব্যাংকটির একটি বিবৃতিতে গতকাল এ কথা জানান হয়। এই নিয়োগের পূর্বে তিনি ইস্টার্ণ ব্যাংকের সিনিয়র এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট ও কর্পোরেট ব্যাংকিং শাখার সম্পর্ক ও কাঠামোগত অর্থ শাখার প্রধান হিসাবে দায়িত্বপ্রাপ্ত ছিলেন। ১৯৯৫ সালে তিনি তার কর্মজীবন শুরু করেন "ক্রেডিট এগ্রিকোল ইন্দোসিউজে" এবং পরবর্তিতে তিনি স্ট্যাণ্ডার্ড চাটার্ড ব্যংকেও কর্মরত ছিলেন।

Faisal Rahman has recently been appointed deputy managing director and chief business officer of Prime Bank. He will lead the bank's corporate and institutional banking division, the bank said in a statement yesterday. Prior to the appointment, he was the senior executive

vice president and head of relationships & structured finance unit of Eastern Bank's corporate banking division. He started his career at Credit Agricole Indosuez in 1995 and also worked at Standard Chartered Bank.

LearnEnglish99.com
www.Learnenglish99.com

ফ্রিহ্যান্ড রাইটিং, পর্ব- ২৩

The Daily Star পত্রিকার অনুবাদ

At least 1,552 people were killed in road accidents across the country between January and April this year said a report published by National Committee to Protect Shipping, Roads and Railways (NCPSRR), a non-government organization, on Saturday. The organization prepared the report based on 22 national dailies, 10 regional newspapers and eight online news portals and news agencies. The organization prepared the report based on 22 national dailies, 10 regional newspapers and eight online news portals and news agencies.

According to the report, 411 people, including 53 women and 71 children, lost lives and 725 others were injured in 383 accidents in January. Some 401 accidents occurred in February where 415 people were killed and 884 others injured. Among the deceased, 58 were women and 62 children.

শব্দগুচ্ছের অর্থ

- সারা দেশে- across the country
- প্রকাশিত এক প্রতিবেদনে বলা হয়েছে - said a report published
- এই প্রতিবেদনটি প্রস্তুত করেছিল- prepared the report
- ভিত্তি করে- based on
- ২২টি জাতীয় দৈনিক, ১০টি আঞ্চলিক সংবাদপত্র, ৮টি অনলাইন সংবাদ মাধ্যম এবং সংবাদ সংস্থাগুলির খবরের উপর

22 national dailies, 10 regional newspapers and 8 online news portals and news agencies.

- রিপোর্ট অনুযায়ী- According to the report,
- ফেব্রুয়ারি মাসে দুর্ঘটনা ঘটেছে- accidents occurred

in February

সম্পূর্ণ অনুবাদ

জাহাজ, সড়ক ও রেলওয়ে রক্ষার জাতীয় কমিটি(এনসিপিএসআরআর) নামক একটি বেসরকারি সংস্থা কর্তৃক শনিবার প্রকাশিত এক প্রতিবেদনে বলা হয়েছে, জানুয়ারি থেকে এপ্রিলের মধ্যে সারা দেশে সড়ক দুর্ঘটনায় অন্তত ১৫৫২ জন মানুষ নিহত হয়েছে। প্রতিষ্ঠানটি এই প্রতিবেদনটি প্রস্তুত করেছিল ২২টি জাতীয় দৈনিক, ১০টি আঞ্চলিক সংবাদপত্র, ৮টি অনলাইন সংবাদ মাধ্যম এবং সংবাদ সংস্থাগুলির খবরের উপর ভিত্তি করে। রিপোর্ট অনুযায়ী, জানুয়ারি মাসে ৩৮৩টি দুর্ঘটনায় ৫৩ জন নারী এবং ৭১ জন শিশু সহ মোট ৪১১ জন নিহত এবং ৭২৫ জন আহত হয়েছে। ফেব্রুয়ারি মাসে ৪০১টির মত দুর্ঘটনা ঘটেছে যেখানে ৪১৫ জন মারা গেছে এবং ৮৮৪ জন আহত হয়েছে। নিহত ব্যক্তিদের মধ্যে ৫৮ জন নারী এবং ৬২ জন শিশু।

ফ্রিহ্যান্ড রাইটিং, পর্ব- ২৪

(**The Daily Star** পত্রিকার অনুবাদ)

Revive the Mosquito Control Department

▶ At a time when the residents of Dhaka are suffering from the unending menace of mosquitoes, the Mosquito Control Department, situated in Old Dhaka, is sitting idle with its limited authority to control the problem.

- ঢাকার অধিবাসীরা- the residents of Dhaka
- মশার অশেষ অত্যাচারে - unending menace of mosquitoes
- এই সমস্যা মোকাবেলায়- to control the problem
- পুরাতন ঢাকায় অবস্থিত - situated in Old Dhaka
- তার সীমিত লোকবল নিয়ে - with its limited authority
- অলস সময় পার করছিল - sitting idle

প্যারাটির পুরো অনুবাদ

একটা সময় যখন ঢাকার অধিবাসীরা মশার অশেষ অত্যাচারে অতিষ্ঠ, তখন এই সমস্যা মোকাবেলায় পুরাতন ঢাকায় অবস্থিত মশা নিয়ন্ত্রণ অধিদপ্তর তার সীমিত লোকবল নিয়ে অলস সময় পার করছিল।

A Daily Star report published on June 9 reveals that the office building of the department itself is a breeding ground for mosquitoes and being used mostly as a warehouse for storing insecticides.

- ৯ জুন প্রকাশিত ডেইলি স্টার এর একটি প্রতিবেদনে জানা যায় যে

A Daily Star report published on June 9 reveals that

- অফিস ভবনটি নিজেই - the office building itself
- একটি মশা প্রজননের স্থান- breeding ground for mosquitoes
- একটি গুদাম হিসাবে ব্যবহৃত হয়ে আসছে- being used as a warehouse
- কীটনাশক সংরক্ষণের জন্য- for storing insecticides

সম্পূর্ণ প্যারার অনুবাদ

৯ জুন প্রকাশিত ডেইলি স্টার এর একটি প্রতিবেদনে জানা

যায় যে, উক্ত অধিদপ্তরের অফিস ভবনটি নিজেই একটি মশা প্রজননের স্থান যা প্রধানত কীটনাশক সংরক্ষণের জন্য একটি গুদাম হিসাবে ব্যবহৃত হয়ে আসছে।

▶ When the department was established in 1948 to eradicate malaria, it had a strong workforce that carried out regular drives against mosquitoes and the breeding grounds. But currently, its so called 281-strong staff have little to do because the department is not empowered enough to carry out any activity on its own.

- ম্যালেরিয়া নির্মূল করার জন্য- to eradicate malaria
- শক্তিশালী জনবল ছিল - strong workforce
- মশা এবং তাদের প্রজনন স্থানের বিরুদ্ধে- against mosquitoes and the breeding grounds
- নিয়মিত অভিযান পরিচালনা করতো- carried out regular drives
- কিন্তু বর্তমানে, - But currently,

• অধিদপ্তরটি যথেষ্ঠ পরিমান ক্ষমতাপ্রাপ্ত নয়- the department is not empowered enough

• যা দিয়ে তারা নিজেরা কোন কর্মতৎপরতা চালাতে পারে - to carry out any activity on its own.

সম্পূর্ণ প্যারার অনুবাদ

১৯৪৮ সালে ম্যালেরিয়া নির্মূল করার জন্য যখন এই অধিদপ্তর প্রতিষ্ঠিত হয়, তখন এর শক্তিশালী জনবল ছিল যা মশা এবং তাদের প্রজনন স্থানের বিরুদ্ধে নিয়মিত অভিযান পরিচালনা করতো। কিন্তু বর্তমানে, ইহার তথাকথিত শক্তিশালী ২৮১ জন কর্মচারীর! খুবই সামান্য কিছু করবার আছে কারন এই অধিদপ্তরটি যথেষ্ঠ পরিমান ক্ষমতাপ্রাপ্ত নয় যা দিয়ে তারা নিজেরা কোন কর্মতৎপরতা চালাতে পারে ।

➢ Click here to go Content page

ইংরেজি শেখার আপডেট সহ নুতন নুতন বই/সফটওয়্যার/অ্যাপ সম্পর্কে জানতে নিয়মিত ভিজিট করুন আমাদের ফেসবুক পেজে

www.facebook.com/learn.English24.bd

ফ্রিহ্যান্ড রাইটিং, পর্ব- ২৫

Daily activities

(সকাল ৬টা থেকে রাত ১১টা পর্যন্ত দৈনন্দিন কার্যক্রম)

ভোকাবুলারি/শব্দসমূহের অর্থ

- Ablution- অজু করা।
- freshen up- হাত মুখ ধোয়া/সতেজ করা
- shower- গোসল করা।
- nearby- কাছেই।
- Later on- পরে/তারপর
- Couple of my friends- আমার কিছু বন্ধু বান্ধবের।

▶ **সচরাচর** আমার দিন শুরু হয় ভোর ৫টায়। আমি ঘুম থেকে উঠি এবং বিছানা ছাড়ি ৫টায়।

Usually my days start at 5 am. I wake up & get out of bed at 5 am.

▶ **তারপর** অজু করে নিজেকে সতেজ করি এবং জামাতে ফজরের নামাজ পড়ি।

Then I freshen myself up by performing ablution and say dawn prayer in congregation.

▶ তারপর আমি সেখানে কিছুক্ষণ পবিত্র কোরআন তেলোয়াত করি।

After that, I recite the holly Quran for a while there.

▶ পরে হাটতে/দৌড়াতে বের হই। কিছু হালকা ব্যায়াম করে সকাল ৮টা নাগাদ গোসল সেরে নেই।

Later on, I head out for a run/walk. After having done some light exercise I have a shower at around 8 am.

▶ তারপর সকাল ৮:৩০ মিনিটের দিকে কিছু সিরিয়াল দিয়ে ১টা স্বাস্থ্যকর নাস্তা করে ফেলি।

▶ **Then** I have a nice healthy breakfast maybe with some cereals at about 8:30 in the morning.

▶ তারপর সাধারনতঃ আমি অফিসে/কলেজে/ব্যবসা প্রতিষ্ঠানে যাওয়ার তৈরী করি এবং সেখানে ৫টা পর্যন্ত থাকি।

Normally, I prepare to go to my office/ college/ business place afterwards and remain busy there/stay there till 5:00 pm.

▶ এর মধ্যে আমি কাছেই ১টা মসজিদে জোহরের নামাজ আদায় করে নেই।

By this time I say my noon prayer at a mosque nearby.

▶ সাধারনত জোহরের নামাজের পর দুপুরের খাবার খাই।

Basically, I have my launch following the noon prayer.

▶ বিশেষত দুপুরের খাবারের পর বিকেলের দিকে আমি কিছু বন্ধু বান্ধবের সাথে চা/কফি পান করি।

Moreover, after launch around in the evening, I meet couple of my friends for a cup of tea/coffee.

▶ তারপর আছরের নামাজ জামাতের সাথে আদায় করে বাড়ির উদ্দ্যেশ্যে রওনা হই।

Later on, I pray my afternoon prayer in congregation and set out to get back home.

▶ বাসায় ফিরে প্রায়শই পরিবারের সাথে আড্ডা দেই, চা-টা খাই।

After returning home, I often have a chat over a snack with my family.

▶ এশার নামাজের পূর্বে কিছু লেখা লেখির কাজ করি বা ই-মেইল চেক করি অথবা পরিবারের সাহায্যার্থে কিছু ছোটখাট কাজ করে দেই।

Before the night prayer, I often do some writing or check e-mails or do some handy work for my family.

www.Laamenglish99.com

▶ সাধারনত রাত সারে আটটায় এশার নামাজের পর আমি অমার বাড়ির কাজ করি বা পড়া লিখা করি বা ইংরেজি ভাষা চর্চা করি এবং তা চলতে থাকে রাত্র প্রায় ১১টা পর্যন্ত।

Normally, I start doing my homework (or I start studying my lessons or I start doing my English language practice) after the night prayer at about 8:30 pm and I keep it going till 11:00 pm.

▶ মূলত আমি ঘুমানোর পূর্বে রাতের খাবার খেয়ে থাকি।

Basically I have supper before I go to bed.

▶ আমি আমার দিন শেষ করি সাহাবীদের (রা:) জীবনী থেকে ১টা ঘটনা পড়ে ।

I finish the day up by reading a story from the biography of Sahaba (Ra.).

▶ এবং পরিশেষে আমি আমার দাঁত ব্রাশ করি, অজু করি এবং রাত সারে এগারটার মধ্যে বিছানায় যাই। এভাবে, আমি আমার দিন অতিবাহিত করি।

And finally, I brush my teeth, take ablution & go to bed by 11:30. **Thus,** I spend my days.

➢ Click here to go Content page

আমাদের প্রকাশিত...

স্পোকেন ইংলিশ শেখার অনন্য বই (হার্ডকপি)

Smart English

(Part-1 & 2)

অর্ডার করতে ফোন করুন হটলাইনে- 01903634668

Presentation

ইংরেজিতে উপস্থাপনা কিভাবে করবেন, কি ডায়ালগ ব্যবহার করবেন এ বিষয়ে নিম্নে আলোকপাত করা হয়েছে। ইংরেজি বক্তৃতার শুরুতে ও শেষে কিভাবে প্রফেশনালভাবে নিজেকে উপস্থাপন করবেন এবং প্রেজেন্টেশনের কমন ও গুরুত্বপূর্ণ ডায়ালগসমূহ বাংলা অনুবাদসহ প্রদত্ত হল। আশা করি যারা প্রেজেন্টেশনে স্কিলড হতে চান তাদের জন্য বিশেষ সহায়ক হবে।

✪ Starting system- 1

Good Afternoon everyone. How are you? This is —Name—. First, I would like to thanks my honorable Moderator/Sir/Brother—Name— for giving me such chance to say a few words about the selected topic in front of you. Today's topic is —-Topic's Name—. Dear audience.

শুভ অপরাহ্ন সবাইকে। আপনারা কেমন আছেন? আমি -ওমুক- বলছি। প্রথমেই আমি আমার সম্মানিত মডারেটরকে ধন্যবাদ জানাচ্ছি আমাকে আপনাদের সামনে নির্দ্ধারিত বিষয়ের উপর কিছু কথা বলার এই সুযোগ দানের জন্য। আজকের বিষয়বস্তু হল -বিষয়বস্তুর নাম-. সুপ্রীয়

শ্রোতামন্ডলি-

✪ Starting system- 2

Dear Sir, I am giving you thanks for inviting me. Good evening. Hope you are quite well physically and mentally. I am —name—. I feel glad to be with you. Now, I am going to start discussion on today's topic. The topic's name is—topic name—. Dear friends——

প্রিয় মহোদয়, আমাকে আমন্ত্রন জানানোর জন্য আমি আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। শুভ সন্ধা। আশা করি আপনারা শারীরিক ও মানসিক দিক দিয়ে খুবই ভালো আছেন। আমি - ওমুক-। আপনাদের সাথে থাকতে পারাতে আমি খুবই আনন্দিত বোধ করছি। এখন আমি আজকের বিষয়বস্তু নিয়ে আলোচনা শুরু করতে যাচ্ছি। আজকের বিষয় - নির্দ্ধারিত বিষয়-। প্রিয় বন্ধুরা ———

✪ Starting system - 3

In the very beginning my heartiest thanks to the honorable Moderator for giving me a chance to say something in front of you. Hi everyone, Good morning. My name is

(name). Almost all of the speakers has already described about the selected topic. Now, I also want to add some new ideas on the topic. My friends……..

শুরুতেই সম্মানিত মডারেটরকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি আমাকে আপনাদের সামনে কিছু বলতে সুযোগ দানের জন্য। সবাইকে শুভ সকাল। আমার নাম -নাম-। এখানে বক্তাদের প্রায় সকলেই নির্দ্ধারিত বিষয়ের উপর ইতোমধ্যেই আলোচনা করেছেন। এখন আমি বিষয়টির উপর নতুন কিছু ধারনার অবতারনা করতে চাই। আমার বন্ধুরা...

www.Learnenglish99.com

✪ Finishing system- 1

That’s all from my sides, for the time being. Thank you so much for listening my speech with patience. Hope the conversation will help us for our future life. We will meet with another same interesting topic again. Stay well. Till than Allah Hafiz.

আমার দিক থেকে এখন এ পর্যন্তই। আমার বক্তব্য ধৈর্য ধরে শোনার জন্য আপনাদেরকে অশেষ ধন্যবাদ। আশা করি এই আলোচনা আমাদের ভবিষ্যত জীবনের জন্য কাজে লাগবে।

আমরা পূনরায় একই ধরনের মজার বিষয় নিয়ে আবার মিলিত হব। ভালো থাকবেন। সে পর্যন্ত আল্লাহ হাফেজ।

✪ Finishing system- 2

That's all about me. Thank you very much for your kind attention. Stay well. See you next.

আমার সম্পর্কে এগুলোয় ছিল সবকিছু। আপনাদের মনোযোগের জন্য অনেক
ধন্যবাদ। ভালো থাকবেন। আবার দেখা হবে।

www.Learnenglish99.com

ইংরেজি বক্তৃতা/উপস্থাপনার আরও বিষয়সমূহ

✪ আজকের বৈঠকের আলোচ্যসূচি এই যে....

Here is the agenda for today's meeting...

✪ আজকের উপস্থাপনে আমি আপনাদের দেখাতে চাই...

In today's presentation, I'd like to show you...

✪ আজকের উপস্থাপনের উদ্দেশ্য হলো...

The purpose of today's presentation is to...

✪ আজকের বৈঠকের বিষয় হলো...

The topic of today's meeting is...

✪ আপনাদের কিছু জানার থাকলে আমার কথা বলার মাঝে

যেকোন সময় প্রশ্ন করতে পারেন...

Please feel free to interrupt me, if you have any question...

✪ আপনাদের মনযোগের জন্য ধন্যবাদ...

Thanks for your attention...

✪ আপনাদের সবাইকে অশেষ ধন্যবাদ আজকে আসার জন্য...

Thank you all very much for coming today...

✪ আপনারা যেমনটা দেখতে পাচ্ছেন এখানে...

As you can see here...

✪ আপনি আসলে কি বুঝাতে চাচ্ছেন?...

What exactly do you mean?..

✪ আপনি কি একটা ক্রেডিট কার্ড খুলবেন? আজকের জন্য আপনি সব কিছু ১০% কমে পাবেন...

Would you like to open a credit card? You can get 10% off of everything for today...

✪ আপনি কি বুঝাতে চাচ্ছেন আমি বুঝতে পেরেছি...

I see what you mean...

✪ আমরা এই বিষয়টার উপর শেষে/ একটু পরে আলোকপাত করতে পারি...

Perhaps we can look at that point at the end/ little later...

✪ আমরা এখানে দেখতে পাচ্ছি...

Here we can see...

✪ আমরা কি শুরু করবো?

Shall we get started?

✪ আমার উপস্থাপনা নিম্নেবর্ণিত বিষয়গুলো নিয়ে গঠিত...

My presentation consists of the following parts....

✪ আমার কথায় কান দাও..

Give ear to my word...

✪ আমার নাম জন এবং আমি দায়িত্বে আছি...

My name is John and I'm responsible for....

✪ আমার নাম পেট্রিসিয়া...

My name is Patricia...

